# ব্যাকরণকৌমুদী

শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত।

চতুর্থ ভাগ।

নবম সংস্করণ।

কলিকাতা

সংস্কৃত যন্ত্র।

সংবৎ ১৯৪৫।

PUBLISHE.. .. .HE CALCUTTA LIBRARY,

No. 25, SOOKEAS' STREET, CALCUTTA.

1888.

# সূচী


| | পৃষ্ঠ | পংক্তি |
|---|---|---|
| **বিভক্তিনির্ণয়** | | |
| বিভক্তিলক্ষণ | ১ | ২ |
| বিভক্তিবিভাগ | ১ | ৮ |
| প্রথমা | ১ | ১১ |
| দ্বিতীয়া | ২ | ১৪ |
| তৃতীয়া | ৩ | ১৩ |
| চতুর্থী | ৫ | ৩ |
| পঞ্চমী | ৭ | ১ |
| ষষ্ঠী | ৯ | ১৩ |
| সপ্তমী | ১৪ | ৯ |
| **কারক** | | |
| কারকলক্ষণ | ১৭ | ৫ |
| কারকবিভাগ | ১৭ | ৭ |
| অপাদান | ১৭ | ৯ |
| সম্প্রদান | ১৯ | ২০ |
| করণ | ২১ | ১ |
| অধিকরণ | ২১ | ৭ |
| কর্ম্ম | ২১ | ১৮ |
| কর্ত্তা | ২৪ | ৪ |

| | পৃষ্ঠ | পংক্তি |
|---|---|---|
| **তদ্ধিত** | | |
| অক্ ... ... | ৮০ ... ... | ১৫ |
| অত্ ... ... | ৭০ ... ... | ১৭ |
| অতসু ... ... | ৮৭ ... ... | ৬ |
| অসি ... ... | ৮৬ ... ... | ২০ |
| অস্তাত্ ... ... | ৮৬ ... ... | ১০ |
| আকিনি ... ... | ৮০ ... ... | ১২ |
| আত্ ... ... | ৮৭ ... ... | ১৮ |
| আতি ... ... | ৮৭ ... .. | ১১ |
| আমিন্ ... ... | ৭০ ... ... | ৪ |
| আলু ... ... | ৭০ ... ... | ৭ |
| আহি ... ... | ৮৭ ... ... | ১৮ |
| ইক্ ... ... | ৮০ ... ... | ১৯ |
| ইত ... ... | ৫৯ ... ... | ২১ |
| ইথুক্ ... ... | ৬৪ ... ... | ১২ |
| ইন্ ... ... | ৬৭ ... ... | ১ |
| ইনি ... ... | ৭২ .. ... | ৬ |
| ইমনি ... ... | ৫৭ ... ... | ১৭ |
| ইয় ... ... | ৩৬ ... ... | ১২ |
| ইল ... ... | ৬৮ ... ... | ১৮ |
| ইষ্ঠন্ ... ... | ৭২ ... ... | ১৯ |
| ঈয়সুন্ ... ... | ৭৩ ... ... | ১ |
| উর ... ... | ৬৯ ... ... | ৩ |
| [illegible] ... ... | ৮৫ ... ... | ৭ |

| | পৃষ্ঠা | পংক্তি |
|---|---|---|
| এনপ্ | ৮৭ | ১৫ |
| কণ্ | ৩৬ | ১২ |
| কন্ | ৪৩ | ১১ |
| কন্ | ৮০ | ২৩ |
| কল্ল | ৭৫ | ২২ |
| কাণ্ড | ৩৮ | ১৯ |
| কিন্ | ৭০ | ১০ |
| কৃত্বসুচ্ | ৭৬ | ১৮ |
| খণ্ড | ৩৮ | ১৯ |
| চণ | ৫৯ | ১৫ |
| চতমাম | ৭৫ | ১২ |
| চতরাম্ | ৭৫ | ১২ |
| চন | ৮৯ | ৮ |
| চরট্ | ৮০ | ৫ |
| চশস্ | ৭৭ | ১৭ |
| চিত্ | ৮৯ | ৮ |
| চ্বি | ৮৯ | ১৩ |
| চুঞ্চু | ৫৯ | ১৫ |
| জাতীয় | ৭৬ | ১৩ |
| জাহ | ৭১ | ১২ |
| ঠ | ৭২ | ৩ |
| ড | ৬২ | ৪ |
| ডট্ | ৬২ | ১৪ |
| ডতম | ৭৫ | ৪ |

# সূচী


| | পৃষ্ঠ | পংক্তি |
|---|---|---|
| ডতর | ৭৪ | ২৩ |
| ডতি | ৬১ | ১১ |
| ডয়ট্ | ৬১ | ২০ |
| ডাচ্ | ৯১ | ১৬ |
| ডামহ | ৭১ | ২৩ |
| ডিম | ৮৮ | ১৮ |
| ডুল | ৭১ | ১৯ |
| ড্বুপ্ | ৬৬ | ৯ |
| ড্বলপ্ | ৬৯ | ১২ |
| ণীন্ | ৩৬ | ১২ |
| তনষ্ | ৮৭ | ২২ |
| তমট্ | ৬৩ | ১০ |
| তমপ্ | ৭২ | ১৯ |
| তয়ট্ | ৩৯ | ১৬ |
| তরট্ | ৮২ | ৭ |
| তরপ্ | ৭৩ | ১ |
| তল্ | ৩৮ | ১৯ |
| তল্ | ৫৭ | ৬ |
| তসিল্ | ৮২ | ১১ |
| তি | ৭১ | ১৬ |
| তিকন্ | ৪৯ | ১ |
| তিথুক্ | ৬৪ | ৭ |
| তৈলন্ | ৭৯ | ৮ |
| ত্ন | ৮৮ | ২২ |

| | পৃষ্ঠ | পংক্তি |
|---|---|---|
| ত্য ... ... | ৮৯ ... ... | ৪ |
| ত্যণ্ ... ... | ৮৯ ... ... | ১ |
| ত্রল্ ... ... | ৮৩ ... ... | ৬ |
| ত্রাচ্ .. ... | ৯১ , ... ... | ১০ |
| ত্ব ... ... | ৫৭ ... ... | ৬ |
| থাল্ ... ... | ৮৫ ... ... | ২১ |
| দঘ্নট্ ... ... | ৬০ ... ... | ১৭ |
| দা ... ... | ৮৪ ... ... | ৭ |
| দানীম্ ... ... | ৮৪ ... ... | ২০ |
| দেশীয় ... ... | ৭৫ ... ... | ২২ |
| দেশ্য ... ... | ৭৫ ... ... | ২২ |
| দ্বয়সট্ ... ... | ৬০ ... ... | ১৭ |
| ধাচ্ ... ... | ৭৭ ... ... | ১১ |
| ধ্যাচ্ ... ... | ৭৯ ... ... | ১২ |
| ধেয় ... ... | ৪৮ ... ... | ২৩ |
| নণ্ ... ... | ৪০ ... ... | ১ |
| পাশ্ ... ... | ৮০ ... ... | ১ |
| ভ ... ... | ৭০ ... ... | ১৪ |
| মট্ ... ... | ৬২ ... ... | ১৮ |
| মতুপ্ ... ... | ৬৪ ... ... | ১৬ |
| মন্ ... ... | ৮৮ .. ... | ১৪ |
| ময়ট্ ... ... | ৭৮ .. ... | ৪ |
| মাত্রট্ ... ... | ৬০ ... ... | ১৭ |
| য ... ... | ৬২ ... ... | ১ |

| | পৃষ্ঠ | পংক্তি |
|---|---|---|
| যু ... ... | ৭০ ... ... | ২২ |
| র ... ... | ৬৯ ... ... | ৬ |
| র ... ... | ৮২ ... ... | ৩ |
| রূপ ... . | ৭৫ ... .. | ১৮ |
| রূপ্য ... ... | ৮০ ... ... | ৯ |
| ল ... .. | ৬৮ ... ... | ১০ |
| ব ... ... | ৬৯ ... ... | ২২ |
| বত্তিচ্ ... ... | ৫৯ ... ... | ৪ |
| বতুপ্ ... ... | ৬০ ... ... | ২৫ |
| বল ... ... | ৬৯ ... ... | ১৬ |
| বিনি ... ... | ৬৬ ... ... | ১৪ |
| ব্য ... ... | ৭১ ... ... | ১৯ |
| শ ... ... | ৬৮ ... ... | ২১ |
| ষণ্ ... ... | ৩১ ... ... | ১০ |
| ষায়নণ্ ... ... | ৩০ ... ... | ১০ |
| ষিকণ্ ... ... | ৩৪ ... ... | ১৫ |
| ষিণ্ ... ... | ২৯ ... ... | ১২ |
| ষীকণ্ ... ... | ৩৬ ... ... | ১২ |
| ষীয়ণ্ ... ... | ৩৪ ... ... | ৮ |
| ষেয়ণ্ ... ... | ৩২ ... ... | ২১ |
| ষ্যণ্ ... ... | ৩০ ... ... | ২০ |
| সাত্তিচ্ ... ... | ৯০ ... ... | ১২ |
| স্নুচ্ ... ... | ৭৬ ... ... | ২৪ |
| স্থান ... ... | ৭৬ ... ... | ৯ |

| | পৃষ্ঠ | পংক্তি |
|---|---|---|
| স্থানীয় ... ... | ৭৬ ... ... | ৯ |
| হ ... ... | ৮৩ ... ... | ২১ |
| হিল্ ... ... | ৮৪ ... ... | ১৪ |
| **স্ত্রীপ্রত্যয়** | | |
| আপ্ ... ... | ৯৩ ... ... | ১১ |
| ঈপ্ ... ... | ৯৪ ... ... | ৫ |
| ঊপ্ ... ... | ১০৪ ... ... | ১৩ |
| **সমাস** | | |
| সমাসলক্ষণ ... ... | ১০৫ ... ... | ১০ |
| অব্যয়ীভাব ... ... | ১০৭ ... ... | ৬ |
| তত্পুরুষ ... ... | ১১২ ... ... | ২ |
| কর্ম্মধারয় ... ... | ১২৩ ... ... | ৯ |
| দ্বিগু ... ... | ১২৬ ... ... | ৫ |
| তত্পুরুষসমাসান্ত বিধি | ১২৭ ... ... | ১৩ |
| বহুব্রীহি ... ... | ১৩২ ... ... | ৬ |
| দ্বন্দ্ব ... ... | ১৪১ ... ... | ১২ |
| সর্ব্বসমাসসাধারণ বিধি | ১৪৮ ... ... | ১৬ |
| অলুক্ সমাস ... | ১৫৪ ... ... | ১০ |
| মধ্যপদলোপী সমাস ... | ১৫৮ ... ... | ৩ |
| পূর্ব্বনিপাত ... | ১৬০ ... ... | ১ |
| সর্ব্বসমাসশেষ ... | ১৬৩ ... .. | ১৯ |
| তদ্ধিতপরিশিষ্ট ... | ১৬৬ ... ... | ২০ |

# বিজ্ঞাপন

ব্যাকরণকৌমুদীর শেষভাগ প্রচারিত হইল। এই ভাগে নূতন প্রণালী অবলম্বিত হইয়াছে। অনেকে, ব্যাকরণকৌমুদীতে সংস্কৃত সূত্র দিবার নিমিত্ত, সবিশেষ অনুরোধ করেন। ঐ অনুরোধের তাৎপর্য্য এই যে, বাঙ্গালা ভাষায় সঙ্কলিত সূত্র অপেক্ষা অপেক্ষাকৃত অল্পাক্ষরে গ্রথিত সংস্কৃত সূত্র অনায়াসে কণ্ঠস্থ করা ও স্মৃতিপথে রাখা যাইতে পারে। তাঁহাদের অনুরোধ যুক্তিযুক্ত বোধ হওয়াতে, এই ভাগে সংস্কৃত সূত্র সন্নিবেশিত হইল, এবং, ঐ হেতু বশতঃ, পূর্ব্ব তিন ভাগেও, ক্রমে ক্রমে, এই প্রণালী অবলম্বিত হইবেক। সকল সূত্র নূতন সঙ্কলিত নহে; অনেক স্থলে, পাণিনিপ্রণীত সূত্র অবিকল উদ্ধৃত হইয়াছে।

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা

কলিকাতা।

সংবৎ ১৯১৮। ২০এ মাঘ।

# ব্যাকরণকৌমুদী

## বিভক্তিনির্ণয়।

১। **সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তিঃ।**

যাহা দ্বারা সংখ্যা ও কারকের প্রতীতি জন্মে, তাহাকে বিভক্তি বলে। যথা, ঘটঃ, ঘটৌ, ঘটাঃ। এ স্থলে ঘটশব্দে প্রথমা বিভক্তির যোগ থাকাতে, এক ঘট, দুই ঘট, বহু ঘট, এই সংখ্যার প্রতীতি জন্মিতেছে। চন্দ্রং পশ্যতি, এ স্থলে চন্দ্রে দ্বিতীয়া বিভক্তির যোগ থাকাতে, চন্দ্র কর্ম্ম কারক বলিয়া প্রতীতি জন্মিতেছে।

২। **বিভক্তয়ঃ সপ্ত।**

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, এই সাত বিভক্তি।

### প্রথমা।

৩। **অভিধেয়মাত্রে প্রথমা।**

যে স্থলে ক্রিয়াপদ প্রভৃতি না থাকে, কেবল অভিধেয় (১) বুঝাইবার নিমিত্ত, শব্দ প্রয়োগ করা যায়; সে স্থলে সেই শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা, বৃক্ষঃ, লতা, পুষ্পম্, গিরিঃ, নদী,

(১) যে শব্দে যাহা বুঝায়, উহা সেই শব্দের অভিধেয়।

জলম্, রামঃ, সীতা, লক্ষ্মণঃ, একঃ, দ্বৌ, ত্রয়ঃ, দ্বীপাঃ, নারী, নদ্যঃ।

৪। কর্ত্তরি।

কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। যথা, শিশুঃ ক্রীড়তি, গৌঃ চরতি, মেঘো গর্জ্জতি।

৫। সম্বোধনে।

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা, হে পিতঃ, হে ভ্রাতরৌ, হে পুত্রাঃ।

৬। অব্যয়যোগে চ।

ইতি প্রভৃতি কতিপয় অব্যয় শব্দের যোগে, প্রথমা বিভক্তি হয়। যথা, অযোধ্যানগরে দশরথ ইতি খ্যাতো নৃপতিরাসীৎ ; পাপাত্মনাং সঙ্গঃ পরিত্যক্তুং সাম্প্রতম্ ; বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুম্ অসাম্প্রতম্।

## দ্বিতীয়া।

৭। কর্ম্মণি দ্বিতীয়া।

কর্ম্ম কারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, পুষ্পং চিনোতি, অন্নং ভুঙ্ক্তে, জলং পিবতি।

৮। ক্রিয়াবিশেষণে চ।

ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়। একবচনে ও ক্লীবলিঙ্গেই প্রয়োগ হইয়া থাকে। যথা, সত্বরং ধাবতি, দ্রুতং পলায়তে, মৃদু হসতি, সাধু ভাষতে।

৯। অধ্বকালাভ্যামত্যন্তসংযোগে।

অত্যন্ত সংযোগ অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে, অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—ক্রোশং

গিরিঃ স্থিতঃ, যোজনং শৈলেনানুগতঃ ; কালবাচক—দিবসমুপবসতি, মাসমধীতে। ক্রোশং যোজনং দিবসং মাসং ব্যাপ্যেত্যর্থঃ।

## ১০। অভিপরিসর্ব্বোভয়ৈস্তসন্তৈঃ।

তস্‌প্রত্যয়ান্ত অভি, পরি, সর্ব্ব, উভয়, এই কয় শব্দের যোগে, দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, গ্রামমভিতঃ, গৃহং পরিতঃ, উদ্যানং সর্ব্বতঃ, নদীমুভয়তঃ।

## ১১। প্রত্যনুধিঙ্‌নিকষান্তরান্তরেণযাবদ্ভিঃ।

প্রতি, অনু, ধিক্‌, নিকষা, অন্তরা (২), অন্তরেণ (৩), যাবৎ, এই কয় শব্দের যোগে, দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, দীনং প্রতি দয়া, রামমনু জাতো লক্ষ্মণঃ, কৃপণং ধিক্‌, গ্রামং নিকষা নদী, স ত্বাং মাং চ অন্তরা উপবিষ্টঃ, শ্রমমন্তরেণ বিদ্যা ন ভবতি, বনং যাবদনুসরতি।

## তৃতীয়া।

## ১২। তৃতীয়া করণে।

করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা, হস্তেন গৃহ্লাতি, চক্ষুষা পশ্যতি, কর্ণেন শৃণোতি।

## ১৩। সহার্থৈঃ।

সহার্থ শব্দের যোগে, তৃতীয়া বিভক্তি হয়। যথা, রামঃ সীতয়া লক্ষ্মণেন চ সহ বনং জগাম, কেনাপি সার্দ্ধং বিরোধো ন কর্ত্তব্যঃ। সহার্থ শব্দের অপ্রয়োগেও তৃতীয়া হয়। যথা পিতা পুত্রেণ গচ্ছতি, পুত্রেণ সহেত্যর্থঃ।

---

(২) মধ্য অর্থে। (৩) বিনা অর্থে।

১৪। ঊনবারণপ্রয়োজনার্থৈশ্চ।

ঊনার্থ, বারণার্থ, ও প্রয়োজনার্থ শব্দের যোগে, তৃতীয়া বিভক্তি হয়। যথা, ঊনার্থ—একেন ঊনঃ, বিদ্যয়া হীনঃ, অহঙ্কারেণ শূন্যঃ। বারণার্থ—অলং বিবাদেন, কলহেন কিম্। প্রয়োজনার্থ—ধনেন প্রয়োজনম্, কোঽর্থঃ কলহেন।

১৫। অধ্বকালাভ্যামপবর্গে।

অপবর্গ অর্থাৎ ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি বুঝাইলে, অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—ক্রোশেনানুবাকোঽধীতঃ। কালবাচক—ত্রিভির্দিনৈঃ কৃতম্, মাসেন ব্যাকরণমধীতম্। মাসং ব্যাকরণমধীতং ন তু স্ফুরতি, এ স্থলে অধ্যয়নের ফলপ্রাপ্তি বুঝাইতেছে না, এজন্য মাস শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হইল না।

১৬। যেনাঙ্গেনাঙ্গিনো বিকারঃ।

যে অঙ্গ বিকৃত হওয়াতে, অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গের বাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, চক্ষুষা কাণঃ, পাদেন খঞ্জঃ, কর্ণেন বধিরঃ, পৃষ্ঠেন কুব্জঃ।

১৭। লক্ষণাৎ।

যে লক্ষণ অর্থাৎ চিহ্ন দ্বারা কোনও ব্যক্তি সূচিত হয়, সেই লক্ষণের বোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, জটাভিঃ তাপসমপশ্যম্, ভূষাভিঃ শ্রিয়মদর্শম্, রুদ্রাক্ষৈঃ ছাত্রমদ্রাক্ষম্।

১৮। প্রকৃত্যাদিভ্যশ্চ।

স্থলবিশেষে, প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, প্রকৃত্যা চারুঃ, স্বভাবেন সরলঃ, আকৃত্যা সুন্দরঃ, জাত্যা ব্রাহ্মণঃ, গোত্রেণ শাণ্ডিল্যঃ, নাম্না সোমদত্তঃ, প্রায়েণ দুঃখিনঃ,

বেগেন গচ্ছতি, ত্বরয়া ধাবতি, যত্নেন লিখতি, সুখেন স্বপিতি, দুঃখেন যাতি, ক্লেশেন বদতি।

## চতুর্থী।

### ১৯। চতুর্থী সম্প্রদানে।

সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, দরিদ্রায় ধনং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি।

### ২০। তাদর্থ্যে।

তাদর্থ্য বুঝাইলে অর্থাৎ কোনও বস্তু বা ক্রিয়া যাহার নিমিত্তে অভিপ্রেত হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, যূপায় দারু, কুণ্ডলায় হিরণ্যম্, অশ্বায় ঘাসঃ, রন্ধনায় স্থালী, স্নানায়াধ্যয়নম্, দানায় ধনোপার্জ্জনম্, স্নানায় নদীং যাতি, পাকায় অগ্নিমাহরতি।

### ২১। নিবৃত্তৌ নিবর্ত্তনীয়াৎ।

নিবৃত্তি বুঝাইলে, নিবর্ত্তনীয়ের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, মশকায় ধূমঃ, মশকনিবৃত্তয়ে ইত্যর্থঃ; আতপায় ছত্রম্, আতপনিবৃত্তয়ে ইত্যর্থঃ; পিপাসায়ৈ জলম্, পিপাসানিবৃত্তয়ে ইত্যর্থঃ; তাপায় স্নানম্, তাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ; রোগায় ঔষধম্, রোগনিবৃত্তয়ে ইত্যর্থঃ; পাপায় প্রায়শ্চিত্তম্, পাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ।

### ২২। সম্পদ্যমানাৎ কৢপ্যাদেঃ।

কৢপি প্রভৃতি ধাতুর প্রয়োগে, সম্পদ্যমানের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, ভক্তির্জ্ঞানায় কল্পতে, জ্ঞানং সুখায় সম্পদ্যতে, ধর্ম্মঃ স্বর্গায় ভবতি, অধর্ম্মঃ নরকায় ভবতি।

### ২৩। হিতসুখনমোভিঃ।

হিত, সুখ, ও নমস্ শব্দের যোগে, চতুর্থী বিভক্তি হয়। যথা,

**হিতং পুত্রায়, সুখং শিষ্যায়, নমো গুরবে।** ক্রিয়াযোগে বিকল্পে। যথা, **গুরবে নমস্কৃত্য, গুরুং নমস্কৃত্য।**

## ২৪। স্বস্তিস্বাহাস্বধাবষড়্ভিঃ।

স্বস্তি, স্বাহা, স্বধা, ও বষট্ শব্দের যোগে, চতুর্থী বিভক্তি হয়। যথা, **স্বস্তি প্রজাভ্যঃ, স্বাহা অগ্নয়ে, স্বধা পিতৃভ্যঃ, ইন্দ্রায় বষট্।**

## ২৫। সমর্থার্থৈশ্চ।

সমর্থার্থক শব্দের যোগে, চতুর্থী বিভক্তি হয়। যথা, **সমর্থো মল্লো মল্লায়, অলং মল্লো মল্লায়, শক্তো মল্লো মল্লায়, প্রভুর্মল্লো মল্লায়।** সমর্থার্থক ক্রিয়ার যোগেও চতুর্থী বিভক্তি হয়। যথা, **প্রভবতি মল্লো মল্লায়, শক্নোতি মল্লো মল্লায়।**

## ২৬। মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষা।

অবজ্ঞা বুঝাইলে, দিবাদিগণীয় মন ধাতুর অবজ্ঞাবোধক কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, **ন ত্বাং তৃণায় মন্যতে, নাহং ত্বাং কুক্কুরায় মন্যে।** পক্ষে দ্বিতীয়া। শৃগালাদি (৪) কর্ম্মে হয় না। যথা, **ত্বামহং শৃগালং মন্যে।**

## ২৭। বা গত্যর্থকর্ম্মণি চেষ্টায়াম্।

চেষ্টা বুঝাইলে, গত্যর্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, **গৃহায় গচ্ছতি, ব্রজায় ব্রজতি।** পক্ষে দ্বিতীয়া। চেষ্টা না বুঝাইলে হয় না। যথা, **মনসা মথুরাং গচ্ছতি।** অধ্ববাচক শব্দ কর্ম্ম হইলে হয় না। যথা, **অধ্বানং গচ্ছতি, পন্থানং গচ্ছতি।**

---

(৪) **শৃগাল, কাক, শুক, নৌ, অন্ন।**

## পঞ্চমী।

**২৮। अपादाने पञ्चमी।**

অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা, अश्वात् पतितः, गृहात्स्खलितः, जलादुत्थितः।

**২৯। ल्यब्लोपे कर्म्मण्यधिकरणे च।**

ল্যপ্প্রত্যয়ান্ত পদের অপ্রয়োগে, কর্ম্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা, प्रासादात् प्रेक्षते, प्रासादमारुह्य इत्यर्थः; आसनादवलोकयति, आसने उपविश्य इत्यर्थः।

**৩০। कालाध्वनोरवधेः।**

কালপরিমাণ ও অধ্বপরিমাণ বুঝাইলে, অবধিবোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, কালপরিমাণ—अग्रहायण्यात् पञ्च मासाः, माघात् तृतीये मासि, विवाहात् सप्तमे दिने। অধ্ব-পরিমাণ—पाटलिपुत्रात् शतं क्रोशाः, प्रयागात् त्रिंशत् क्रोशाः, कुरुक्षेत्रात् दश योजनानि।

**৩১। निकृष्टादुत्कर्षे।**

দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, নিকৃষ্টের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, धनात् विद्या गरीयसी, चैत्रो मैत्रात् बलीयान्, माथुराः पाटलिपुत्रकेभ्य आढ्यतराः।

**৩২। मर्य्यादाभिविध्योराङ्योगे।**

মর্য্যাদা ও অভিবিধি বুঝাইলে, আ এই অব্যয় শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, মর্য্যাদা—आ जन्मनः, आ शैशवात्, आ समुद्रात्, आ हिमाचलात्। অভিবিধি—आ वनात् दृष्टो देवः, वनं व्याप्य इत्यर्थः; आ सकलात् गच्छ, सकलं व्याप्य इत्यर्थः।

৩৩। **অন্যার্থৈঃ।**

অন্যার্থ শব্দের যোগে, পঞ্চমী বিভক্তি হয়। যথা, **মিত্রাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ, ঘটঃ পটাদিতরঃ, ইদমস্মাদ্ভিন্নম্।** অন্যার্থ ক্রিয়ার যোগেও হয়। যথা, **স্বর্ণং রজতাদ্ভিদ্যতে।**

৩৪। **দিগ্দেশকালবাচিভিঃ।**

দিগ্বাচক, দেশবাচক, ও কালবাচক শব্দের যোগে, পঞ্চমী বিভক্তি হয়। যথা, দিগ্বাচক—**পূর্ব্বো গ্রামাৎ, উত্তরো গৃহাৎ।** দেশবাচক-**চৈত্রো মৈত্রাৎ পূর্ব্বদেশে।** কালবাচক—**চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ, ভোজনাৎ প্রাক্, শয়নাৎ পূর্ব্বম্, উত্থানাৎ পরতঃ, প্রস্থানাদনন্তরম্।**

৩৫। **বহিরারাৎপ্রভৃতিভিঃ।**

বহিস্, আরাৎ, ও প্রভৃতি শব্দের যোগে, পঞ্চমী বিভক্তি হয়। যথা, **গৃহাৎ বহিঃ, গ্রামাৎ বহিঃ** (৫), **আরাৎ বনাৎ, আরাৎ উদ্যানাৎ, জন্মনঃ প্রভৃতি, শৈশবাৎ প্রভৃতি।**

৩৬। **আ আহিভ্যাঞ্চ।**

আ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে, পঞ্চমী বিভক্তি হয়। যথা, **উদ্যানাদুত্তরা গৃহম্, গৃহাদুত্তরাহি সরঃ, হিমালয়াৎ দক্ষিণা ভারতবর্ষম্, প্রয়াগাৎ দক্ষিণাহি বিন্ধ্যঃ।**

৩৭। **ঋতেযোগে দ্বিতীয়া চ।**

ঋতেশব্দের যোগে, পঞ্চমী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, **জ্ঞানা-দৃতে, জ্ঞানমৃতে।**

৩৮। **পৃথগ্বিনাভ্যাং দ্বিতীয়াতৃতীয়ে চ।**

পৃথক্ ও বিনা-শব্দের যোগে, পঞ্চমী এবং দ্বিতীয়া ও তৃতীয়া

---

(৫) ক্রমদীশ্বর, বহিঃশব্দের যোগে, পঞ্চমী ও [illegible]ী, উভয় বিভক্তিরই বিধান করিয়াছেন।

বিভক্তি হয়। যথা, চৈত্রাৎ পৃথক্, চৈত্রং পৃথক্, চৈত্রেণ পৃথক্; অন্নাৎ বিনা, অন্নং বিনা, অন্নেন বিনা।

৩৯। স্তোককৃচ্ছ্রাল্পকতিপয়েভ্যস্তৃতীয়া চ।

স্তোক, কৃচ্ছ্র, অল্প, কতিপয় শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, স্তোকান্মুক্তঃ, স্তোকেন মুক্তঃ; কৃচ্ছ্রান্মুক্তঃ, কৃচ্ছ্রেণ মুক্তঃ; অল্পান্মুক্তঃ, অল্পেন মুক্তঃ, কতিপয়ান্মুক্তঃ, কতিপয়েন মুক্তঃ। বিশেষণ হইলে হয় না। যথা, স্তোকঃ পাকঃ, স্তোকং পচতি।

৪০। হেতৌ চ।

হেতু বুঝাইলে, তদ্বোধক শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, ধনাৎ কুলম্, ধনেন কুলম্; ভয়াৎ কম্পঃ, ভয়েন কম্পঃ; হর্ষাৎ নৃত্যতি, হর্ষেণ নৃত্যতি; দুঃখাৎ রোদিতি, দুঃখেন রোদিতি।

৪১। ষষ্ঠী সম্বন্ধে।

সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম পিতা, তব পুত্রঃ, তস্য ভ্রাতা, মহিষস্য শৃঙ্গম্, গোর্দুগ্ধম্, নদ্যা জলম্, বৃক্ষস্য ছায়া, অগ্নেঃ শিখা, বায়োর্বেগঃ, জলস্য প্রবাহঃ।

৪২। কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি।

কৃৎপ্রত্যয়ের প্রয়োগে, কর্ত্তা ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কর্ত্তায়—শিশোঃ শয়নম্, অশ্বস্য গতিঃ, তব পিপাসা, মম বুভুক্ষা। কর্ম্মে—অন্নস্য পাকঃ, পয়সঃ পানম্, সুখস্য ভোগঃ, ধনস্য দাতা, বৃক্ষস্য ছেদকঃ।

৪৩। উভয়প্রাপ্তৌ কর্ম্মণি।

কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র প্রাপ্তিসম্ভাবনা হইলে, কেবল কর্ম্মে ষষ্ঠী

বিভক্তি হয়। যথা, গবাং দোহো গোপেন, পয়সঃ পানং শিশুনা, ধনস্য দানং নৃপেণ, জলস্য শোষণং সূর্য্যেণ, অর্থস্য হরণং চৌরেণ।

৪৪। ক্বচিদ্বিভাষা কর্ত্তরি।

কোনও কোনও স্থলে, কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ঘটস্য কৃতিঃ কুম্ভকারেণ কুম্ভকারস্য বা, চন্দ্রস্য দৃষ্টা ময়া মম বা, শিষ্যস্য প্রশংসা গুরুণা গুরোর্বা, শব্দানামনুশাসনম্ আচার্য্যেণ আচার্য্যস্য বা।

৪৫। ন শত্রাদেঃ।

শতৃ, শানচ্, ক্বসু, কানচ, স্যতৃ, ও স্যমান প্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, শতৃ—গৃহং গচ্ছন্, জলং পিবন্ (৬)। শানচ্—অন্নং ভুঞ্জানঃ, ব্যাকরণমধীয়ানঃ। ক্বসু—ওদনং পেচিবান্, গ্রামং জগ্মিবান্। কানচ্—গুরুং ববন্দানঃ, শাস্ত্রং শুশ্রুবাণঃ। স্যতৃ—গৃহং গমিষ্যন্, বেদং পঠিষ্যন্। স্যমান—গুরুং সেবিষ্যমাণঃ, ধনং দাস্যমানঃ।

৪৬। ন তুমুনাদেঃ।

তুমুন্, ক্ত্বা, ল্যপ্, ও ণমুল্ প্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, তুমুন্—গৃহং গন্তুম্, চন্দ্রং দ্রষ্টুম্। ক্ত্বা—জলং পীত্বা, ফলং গৃহীত্বা। ল্যপ্—ব্যাকরণমধীত্য, গৃহমাগত্য। ণমুল্—গুরুং সেবং সেবম্, শাস্ত্রং শ্রাবং শ্রাবম্।

৪৭। নোদন্তস্য।

উকারান্ত কৃৎপ্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, জলং পিপাসুঃ, রিপূন্ জিষ্ণুঃ, শিলাং শিশুঃ, বিপক্ষং নিরাকরিষ্ণুঃ, ফলং গ্রহয়ালুঃ।

(৬) দ্বিষো বিভাষা। দ্বিষ্ধাতুর বিকল্পে। যথা, চৌরং দ্বিষন্ চৌরস্য দ্বিষন্।

৪৮। **নোকাকীস্তৃন্ভবিষ্যদ্গিনাম্।**

উক, শীলার্থ তৃন্, ও ভবিষ্যদর্থ গিন্ প্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, উক—**গ্রহং গামুকঃ, জলং বর্ষুকঃ, মলং ঘাতুকঃ** (৭)। শীলার্থ তৃন্—**ধনং দাতা, অন্নং ভোক্তা, বিপক্ষং নিরাকর্ত্তা**। ভবিষ্যদর্থ গিন্—**ধনং দায়ী, ঘৃতং ভোজী, গ্রহং গামী**।

৪৯। **ন খলর্থানাম্।**

খলর্থ প্রত্যয়ের প্রয়োগে (৮), ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, **নৈতৎ সুকরং ভবতা, নৈতদ্দুষ্করং তেন, সর্ব্বমীষৎকরং সুধিয়া, ময়া সুদর্শঃ গুরুঃ, ত্বয়া দুঃশাসনো রিপুঃ।**

৫০। **ন নিষ্ঠায়াঃ।**

নিষ্ঠাপ্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, ক্ত—**তেন ব্যাকরণমধীতম্, ময়া জলং পীতম্, ত্বয়া চন্দ্রো দৃষ্টঃ।** ক্তবতু—**স গ্রহং গতবান্, অহং চন্দ্রং দৃষ্টবান্, ত্বং বেদমধীতবান্।**

৫১। **ক্তস্য বর্ত্তমানে।**

বর্ত্তমান কালে বিহিত ক্তপ্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **রাজ্ঞাং মতঃ, রাজভির্মন্যতে ইত্যর্থঃ ; সতাং পূজিতঃ, সদ্ভিঃ পূজ্যতে ইত্যর্থঃ।**

৫২। **অধিকরণবাচিনশ্চ।**

অধিকরণ কারকে বিহিত ক্তপ্রত্যয়ের প্রয়োগে, ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **ইদমেষাং যযিতম্, এতদেষামাসিতম্।**

৫৩। **বিভাষা ভাবে।**

(৭) কামুকশব্দের প্রয়োগে হয়। যথা, **ধনস্য কামুকঃ।**

(৮) সু, দুর্, ও ঈষৎ শব্দের যোগে, ধাতুর উত্তর যে অ ও অন হয়, উহাদিগকে খলর্থ প্রত্যয় বলে।

ভাববাচ্যবিহিত ক্তপ্রত্যয়ের প্রয়োগে, বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম স্নাতম্, মম স্থিতম্, মম শয়িতম্, মম জাগরিতম্। পক্ষে তৃতীয়া।

৫৪। কৃত্যানাং কর্ত্তরি।

কৃত্যপ্রত্যয়ের প্রয়োগে, কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, পুস্তকং তব পাঠ্যম্, চন্দ্রো মম দ্রষ্টব্যঃ, গুরুস্তস্যার্চ্চনীয়ঃ। পক্ষে তৃতীয়া।

৫৫। কর্ম্মণি জাসি পিষ্ নিপ্রহনাং হিংসায়াম।

হিংসা অর্থ বুঝাইলে, জাসি, পিষ্, এবং নি ও প্র পূর্ব্বক হন্ধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, চৌরস্য উজ্জাসয়তি, শত্রোঃ পিনষ্টি। নি ও প্র ব্যস্ত, সমস্ত, ও বিপর্য্যস্ত ভাবে থাকিলেও হয়। যথা, নিহন্তি প্রহন্তি নিপ্রহন্তি প্রণিহন্তি বা চৌরস্য।

৫৬। বা স্মৃত্যর্থদয়েশাং কর্ম্মণি।

স্মরণার্থ, দয়, ও ঈশ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, পুত্রো মাতুঃ স্মরতি, দাতা দরিদ্রস্য দয়তে, পিতা পুত্রস্য ঈষ্টে। পক্ষে দ্বিতীয়া।

৫৭। তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে।

তৃপ্ত্যর্থ ধাতুর করণকারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, নাগ্নি-স্তৃপ্যতি কাষ্ঠানাম্; অপাং হি তৃপ্তায় ন বারিধারা স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা। পক্ষে তৃতীয়া।

৫৮। অস্তাদস্যাত্যতসুভিঃ।

অস্তাৎ, অসি, আতি, ও অতসু প্রত্যয়ের যোগে, ষষ্ঠী বিভক্তি হয়। যথা, অস্তাৎ—পুরস্তাদুদ্যানস্য, উপরিষ্টাৎ মন্দিরস্য। অসি—পুরো নগরস্য, অধো বৃক্ষস্য। আতি—উত্তরাৎ মরুদ্রস্য, দক্ষিণাৎ হিমালয়স্য। অতসু—দক্ষিণতো গ্রামস্য, উত্তরতো গ্রহস্য।

৫৯। কৃত্বসুসুচো: কালাধিকরণে।

কৃত্বসু ও সুচ্ প্রত্যয়ের প্রয়োগে, কালবাচক শব্দের অধিকরণে ষষ্ঠী বিভক্তি (৯) হয়। যথা, কৃত্বসু—পঞ্চকৃত্বো দিবসস্যাধীতে, বহু-কৃত্বো দিবসস্যাগচ্ছতি; সুচ্—দ্বির্দিবসস্য ভুঙ্‌ক্তে, ত্রির্দিবসস্য স্বপিতি।

৬০। এনপা দ্বিতীয়া চ।

এনপ্‌প্রত্যয়ান্ত শব্দের যোগে, ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, দক্ষিণেন বৃক্ষবাটিকায়াঃ বসতঃ, দক্ষিণেন বৃক্ষবাটিকাং বসতঃ।

৬১। তুল্যার্থৈস্তৃতীয়া চ।

তুল্যার্থ শব্দের যোগে, ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, মম তুল্যঃ, ময়া তুল্যঃ; তব সমঃ, ত্বয়া সমঃ; তস্য সদৃশঃ, তেন সদৃশঃ।

৬২। আশিষি কুশলাদিভিশ্চতুর্থী চ।

আশীর্ব্বাদ বুঝাইলে, কুশল প্রভৃতি (১০) শব্দের যোগে, ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা, কুশলং দেবদত্তস্য ভূয়াৎ, কুশলং দেব-দত্তায় ভূয়াৎ; নিরাময়ং দেবদত্তস্য ভূয়াৎ, নিরাময়ং দেবদত্তায় ভূয়াৎ; সুখং দেবদত্তস্য ভূয়াৎ, সুখং দেবদত্তায় ভূয়াৎ।

৬৩। দূরান্তিকার্থৈ: পঞ্চমী চ।

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে, ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, দূরং গ্রামস্য, দূরং গ্রামাৎ; অন্তিকং নগরস্য, অন্তিকং নগরাৎ।

---

(৯) বোপদেব ও ক্রমদীশ্বরের মতে বিকল্পে।

(১০) কুশল, নিরাময়, হিত, সুখ, অর্থ, আয়ুষ্য ও এতদর্থক শব্দ।

৬৪। **নিমিত্তাদ্ধেতুপ্রয়োগে।**

হেতুশব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয় (১১)। যথা, **অন্নস্য হেতোর্বসতি, অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্।**

৬৫। **সর্ব্বনাম্নস্তৃতীয়া চ।**

হেতুশব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক সর্ব্বনাম শব্দের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয় (১২)। যথা, **কস্য হেতোঃ স আগতঃ, কেন হেতুনা স আগতঃ।**

## সপ্তমী।

৬৬। **সপ্তম্যধিকরণে।**

অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়। যথা, **গেহে তিষ্ঠতি, শয্যায়াং শেতে, নদ্যাং স্নাতি।**

৬৭। **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্।**

যদীয় ক্রিয়ার কাল দ্বারা অন্যদীয় ক্রিয়ার কাল নিরূপিত হয় তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা, **রবাবস্তং গতে গতঃ, রবেরস্তগমনসমকালং গত ইত্যর্থঃ; বিধাবুদিতে সমাগতঃ, বিধূদয়সমকালং সমাগত ইত্যর্থঃ; রজন্যাং প্রভাতায়াং প্রস্থিতঃ, রজনীপ্রভাতসমকালং প্রস্থিত ইত্যর্থঃ।**

---

(১১) বোপদেব ও ভট্টোজিদীক্ষিত এই স্থলে তৃতীয়াদি পাঁচ বিভক্তির বিধান করিয়াছেন।

(১২) বোপদেব, ক্রমদীশ্বর, ও ভট্টোজিদীক্ষিত প্রথমা প্রভৃতি সাত বিভক্তিরই বিধান করিয়াছেন।

৬৮। সাধুনিপুণাভ্যামর্চায়াম্।

প্রশংসা বুঝাইলে, সাধু ও নিপুণ শব্দের যোগে, সপ্তমী বিভক্তি হয়। যথা, ব্যাকরণে সাধুঃ, সাহিত্যে নিপুণঃ (১৩)।

৬৯। ক্তস্য সহেনিনা কর্ম্মণি।

ইনিসহিত ক্তপ্রত্যয়ের প্রয়োগে, কর্ম্মে সপ্তমী বিভক্তি হয়। যথা, অধীতমনেন অধীতী ব্যাকরণে, অবকীর্ণমনেন অবকীর্ণী ব্রতে।

৭০। অধ্বনো ব্যবধৌ প্রথমা চ।

ব্যবধান বুঝাইলে, অধ্ববাচক শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা, গ্রামো বনাত্ পঞ্চসু ক্রোশেষু পঞ্চ ক্রোশা বা, পঞ্চক্রোশব্যবধানে বিদ্যতে ইত্যর্থঃ; প্রয়াগঃ পাটলিপুত্রাত্ দশসু যোজনেষু দশ যোজনানি বা, দশযোজনব্যবধানে বিদ্যতে ইত্যর্থঃ।

৭১। প্রসিতোত্সুকাভ্যাং তৃতীয়া চ।

প্রসিত ও উৎসুক শব্দের যোগে, সপ্তমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, ধনেষু প্রসিতঃ, ধনৈঃ প্রসিতঃ; বিদ্যায়ামুত্সুকঃ, বিদ্যয়োত্সুকঃ।

৭২। ক্রিয়ামধ্যেঽধ্বকালাভ্যাং পঞ্চমী চ।

দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর সপ্তমী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—অয়মিহ স্থিত্বা ক্রোশে ক্রোশাদ্বা লক্ষ্যং বিধ্যেত্; কালবাচক—অয়মদ্য ভুক্ত্বা দ্ব্যহে দ্ব্যহাদ্বা ভোক্তা।

৭৩। দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়াতৃতীয়াপঞ্চম্যশ্চ

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর সপ্তমী এবং দ্বিতীয়া, তৃতীয়া, ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, দূরে গ্রামস্য, দূরং গ্রামস্য, দূরেণ

(১৩) বোপদেবমতে ষষ্ঠী সপ্তমী উভয়ই হয়।

গ্রামস্য, দূরাৎ গ্রামস্য ; অন্তিকে গেহস্য, অন্তিকং গেহস্য, অন্তিকেন গেহস্য, অন্তিকাৎ গেহস্য। বিশেষণ হইলে হয় না। যথা, দূরো গ্রামঃ, দূরঃ পন্থাঃ।

৭৪। ষষ্ঠী চানাদরে।

ক্রিয়া দ্বারা অবজ্ঞা বুঝাইলে, অবজ্ঞেয়ের উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, রুদতি প্রিয়ৌ জগাম, রুদতঃ প্রিয়োর্জগাম ; রুদন্তং প্রিয়মনাদৃত্যেত্যর্থঃ।

৭৫। স্বামিপ্রভৃতিভিশ্চ।

সাক্ষিন্, প্রতিভূ, কুশল, স্বামিন্, ঈশ্বর, অধিপতি, প্রসূত, আযুক্ত, দায়াদ, এই সকল শব্দের যোগে, সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, বিবাদে সাক্ষী, বিবাদস্য সাক্ষী ; ব্যবহারে প্রতিভূঃ, ব্যবহারস্য প্রতিভূঃ ; মীমাংসায়াং কুশলঃ, মীমাংসায়াঃ কুশলঃ ; স্ত্রিয়াং প্রসূতঃ, স্ত্রিয়াঃ প্রসূতঃ।

৭৬। যতশ্চ নির্দ্ধারণম্।

জাতি, গুণ, ক্রিয়া, অথবা সংজ্ঞা দ্বারা, সমুদয় সজাতীয় হইতে একের যে পৃথককরণ, তাহাকে নির্দ্ধারণ কহে। যাহা হইতে, নির্দ্ধারণ করা যায়, তাহার উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, জাতি দ্বারা—মনুষ্যেষু ক্ষত্রিয়ঃ শূরঃ, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ ; গুণ দ্বারা—গোষু কৃষ্ণা বহুক্ষীরা, গবাং কৃষ্ণা বহুক্ষীরা ; ক্রিয়া দ্বারা—অধ্বগেষু ধাবন্তঃ শীঘ্রগামিনঃ, অধ্বগানাং ধাবন্তঃ শীঘ্রগামিনঃ ; সংজ্ঞা দ্বারা—ছাত্রেষু মৈত্রঃ প্রবীণঃ, ছাত্রাণাং মৈত্রঃ প্রবীণঃ।

৭৭। নিমিত্তাৎ কর্ম্মসমবায়ে বিভাষা।

কর্ম্মের সহিত সম্বন্ধ থাকিলে, নিমিত্তবোধক শব্দের উত্তর বিকল্পে

সপ্তমী হয়। যথা, চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি কুঞ্জরম্, কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হতঃ। পক্ষে চতুর্থী। যথা, মুক্তাফলায় করিণং হরিণং পলায় ইত্যাদি (১৪)।

# কারক।

৭৮। **ক্রিয়ান্বয়ি কারকম্।**

ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়, তাহাকে কারক বলে।

৭৯। **ষট্ কারকাণি।**

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম, কর্ত্তা, এই ছয় কারক।

## অপাদান।

৮০। **যতো বিশ্লেষোঽপাদানম্।**

যাহা হইতে বিশ্লেষ হয়, তাহাকে অপাদান কারক বলে। যথা, অশ্বাৎ পতিতঃ, বৃক্ষাচ্চ্যুতঃ, জলাদুত্থিতঃ, গেহাৎ প্রস্থিতঃ, বিদেশাৎ প্রত্যাগতঃ।

৮১। **ভীত্রার্থানাং ভয়হেতুঃ।**

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে, ভয়হেতু অপাদান হয়। যথা, ভয়ার্থ—ব্যাঘ্রাদ্বিভেতি, মহিষাৎ ত্রস্যতি; ত্রাণার্থ—আতপাৎ ত্রায়তে, ভল্লুকাদ্রক্ষতি।

৮২। **হেতুরুৎপত্তেঃ।**

উৎপত্তির কারণ অপাদান হয়। যথা, বীজাদঙ্কুরো জায়তে, পিতুঃ

(১৪) বৈয়াকরণেরা কেবল সপ্তমী বিধান করিয়া, মুক্তাফলায় করিণং হরিণং পলায়, ইত্যাদিকে অপপ্রয়োগ বলেন।

पुत्त्रो जायते, दुग्धात् घृतमुत्पद्यते, धर्म्मात् सुखं भवति, अध-र्म्मात् दुःखमुद्भवति ।

৮৩। आविर्भवनभूर्भुवः ।

ভূধাতুর প্রয়োগে, আবির্ভাবভূমি অর্থাৎ প্রকাশস্থান অপাদান হয়। যথা, हिमवतो गङ्गा प्रभवति, वल्मीकाग्रात् प्रभवति धनुः-खण्डमाखण्डलस्य ; आविर्भवतीत्यर्थः ।

৮৪। विरामार्थानां यतो विरतिः ।

যাহা হইতে বিরতি হয়, বিরামার্থক ধাতুর প্রয়োগে, উহা অপাদান হয়। যথা, अध्ययनाद्विरमति, कलहान्निवर्त्तते ।

৮৫। पराजेरसह्यम् ।

পরাপূর্ব্বক জিধাতুর প্রয়োগে, অসহ্য বিষয় অপাদান হয়। যথা, अध्ययनात् पराजयते, पापात् पराजयते ; अध्ययनं पापञ्च सोढुमसमर्थ इत्यर्थः ।

৮৬। यस्मादर्शनमिच्छति ।

যাহার অদর্শন, অর্থাৎ যে দেখিতে না পায় এই ইচ্ছা করে, উহা অপাদান হয়। যথা, गुरोरन्तर्धत्ते, पितुर्निलीयते, दस्योर्लुक्कायते, गुरुः पिता दस्युर्वा न मां पश्येदिति लज्जया भयेन वा तद्दर्शन-पथादपसरतीत्यर्थः ।

৮৭। यतो जुगुप्सा तदर्थानाम् ।

যাহাতে জুগুপ্সা জন্মে, জুগুপ্সার্থক ধাতুর প্রয়োগে, উহা অপাদান হয়। যথা, पापाज्जुगुप्सते, नरकात् बीभत्सते ।

৮৮। त्रपार्थानां यतस्त्रपा ।

যাহার নিকট লজ্জিত হয়, লজ্জার্থক ধাতুর প্রয়োগে, উহা অপাদান হয়। যথা, गुरोर्लज्जते, पितुस्त्रपते, मातुर्जिह्रेति ।

৮৯। অধীত্যর্থানামধ্যাপয়িতা।

অধ্যয়নার্থক ধাতুর প্রয়োগে, অধ্যাপয়িতা অপাদান হয়। যথা, উপাধ্যায়াদধীতে, গুরোঃ পঠতি।

৯০। বারণার্থানামীপ্সিতঃ।

বারণার্থক ধাতুর প্রয়োগে, নিবার্য্যমাণের ঈপ্সিত অপাদান হয়। যথা, অন্নেভ্যঃ কাকং বারয়তি, যবেভ্যস্ছাগং নিষেধতি, ব্যসনাৎ পুত্রং নিবারয়তি।

৯১। শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা।

শ্রবণার্থক ধাতুর প্রয়োগে, শ্রাবয়িতা অপাদান হয়। যথা, গুরোঃ শাস্ত্রং শৃণোতি, নটাদ্গীতিমাকর্ণয়তি, কস্মাৎ শ্রুতং ভবতা, ময়া শ্রুতমিদং তাতাৎ।

৯২। গ্রহণপ্রাপ্ত্যর্থানাং তৎস্থানম্।

গ্রহণার্থক ও প্রাপ্ত্যর্থক ধাতুর প্রয়োগে, গ্রহণস্থান ও প্রাপ্তিস্থান অপাদান হয়। যথা, গ্রহণার্থক—আচার্য্যাদুপদেশং গৃহ্লাতি, প্রজাভ্যঃ করমাদত্তে ; প্রাপ্ত্যর্থক—উপাধ্যায়াদ্বিদ্যাং প্রাপ্নোতি, গুরোর্জ্ঞানং লভতে।

৯৩। প্রমাদার্থানাং যতঃ প্রমাদঃ।

যে বিষয়ে প্রমাদ হয়, প্রমাদার্থক ধাতুর প্রয়োগে, উহা অপাদান হয়। যথা, ধর্ম্মাৎ প্রমাদ্যতি, অধ্যয়নাদনবধানম্।

## সম্প্রদান।

৯৪। যস্মৈ দানং সম্প্রদানম্।

যাহাকে কোনও বস্তু দেওয়া যায়, তাহাকে সম্প্রদান কারক বলে। যথা, দরিদ্রায় ধনং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি, সর্ব্বস্বং গুরবে দদ্যাৎ।

**৯৫। रुच्यर्थानां प्रीयमाणः ।**

রুচ্যর্থক ধাতুর প্রয়োগে, প্রীয়মাণ সম্প্রদান হয়। যথা, **मोदकः शिशवे रोचते, इदं मह्यं स्वदते ।**

**৯৬। स्पृहेरीप्सितः ।**

স্পৃহিধাতুর প্রয়োগে, কর্ত্তার ঈপ্সিত সম্প্রদান হয়। যথা, **धनाय स्पृहयति, पुष्पेभ्यः स्पृहयति ।**

**৯৭। धारेरुत्तमर्णः ।**

ধারিধাতুর প্রয়োগে, উত্তমর্ণ সম্প্রদান হয়। যথা, **स तुभ्यं शतं धारयति, त्वं मह्यं सहस्रं धारयसि ।**

**৯৮। क्रियया यमभिप्रैति ।**

ক্রিয়া দ্বারা যাহাকে অভিপ্রেত করে, অর্থাৎ যাহার প্রীতিজননাদির উদ্দেশে, ক্রিয়ার অনুষ্ঠান করে, উহা সম্প্রদান হয়। যথা, **शिशवे क्रीडनकमानयति, गुरवे दक्षिणामाहरति, पुत्राय चन्द्रं दर्शयति ।**

तत्तद्भूमिपतिः पत्न्यै दर्शयन् प्रियदर्शनः ।
अपि लङ्घितमध्वानं बुबुधे न बुधोपमः ॥

**৯৯। क्रुधद्रुहेर्ष्यासूयार्थानां तदुद्देश्यः ।**

ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষ্যার্থক, ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে, ক্রোধাদির উদ্দেশ্য সম্প্রদান হয়। যথা, **भृत्याय क्रुध्यति, शत्रवे द्रुह्यति, प्रतिवेशिने ईर्ष्यति, प्रतिद्वन्द्विने असूयति ।**

**১০০। प्रत्याङ्भ्यां श्रुवः प्रवर्त्तकः ।**

প্রতি পূর্ব্বক ও আঙ্ পূর্ব্বক শ্রুধাতুর প্রয়োগে; প্রবর্ত্তক সম্প্রদান হয়। যথা, **दरिद्राय धनं प्रतिशृणोति, आशृणोति वा, दरिद्रेण मह्यं धनं देहीति प्रवर्त्तितः प्रतिजानीते इत्यर्थः ।**

## করণ।

### ১০১। সাধকতমং করণম্।

ক্রিয়ানিষ্পত্তির যে সর্ব্বপ্রধান উপায়, তাহাকে করণ কারক বলে। যথা, চক্ষুষা পশ্যতি, কর্ণেন শৃণোতি, হস্তেন গৃহ্লাতি, দাত্রেণ লুনাতি, যষ্ট্যা প্রহরতি, শরেণ বিধ্যতি, অশ্বেন সঞ্চরতে, বস্ত্রেণ আচ্ছাদয়তি।

## অধিকরণ।

### ১০২। আধারোঽধিকরণম্।

কর্ত্তা ও কর্ম্মের যে আধার, তাহাকে অধিকরণ কারক বলে। আধার ত্রিবিধ; ঐকদেশিক, বৈষয়িক, অভিব্যাপক। যথা, ঐকদেশিক—বনে বসতি, বনৈকদেশে ইত্যর্থঃ; নদ্যাং স্নাতি, নদ্যা একদেশে ইত্যর্থঃ; গেহে স্বপিতি, গেহৈকদেশে ইত্যর্থঃ; শয্যায়াং শিশুং শায়য়তি, শয্যৈকদেশে ইত্যর্থঃ। বৈষয়িক—জলে দুঃখং, জলবিষয়ে ইত্যর্থঃ; বিদ্যায়ামনুরাগঃ, বিদ্যাবিষয়ে ইত্যর্থঃ। অভিব্যাপক—দুগ্ধে মাধুর্য্যমস্তি, দুগ্ধস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্য ইত্যর্থঃ; তিলেষু তৈলমস্তি, তিলস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ; বহ্নৌ দাহিকা শক্তিরস্তি, বহ্নেঃ সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ।

## কর্ম্ম।

### ১০৩। ক্রিয়য়াক্রান্তং কর্ম্ম।

কর্ত্তার ক্রিয়া দ্বারা যাহা আক্রান্ত হয়, তাহাকে কর্ম্ম কারক বলে। যথা, গেহং প্রবিশতি, চন্দ্রং পশ্যতি, গ্রামং গচ্ছতি, অন্নং ভুঙ্ক্তে, জলং পিবতি, পুষ্পং চিনোতি, বস্ত্রং দদাতি, বেদমধীতে, বৃক্ষম্ আরোহতি, শাখাং ছিনত্তি, কাষ্ঠং ভিনত্তি।

১০৪। অধিশীঙ্স্থাসামধিকরণম্।

অধি পূর্ব্বক শী, স্থা, আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, শয্যামধিশেতে, স্থানমধিতিষ্ঠতি, আসনমধ্যাস্তে।

১০৫। উপান্বধ্যাঙ্ বসঃ।

উপ, অনু, অধি, আঙ্ পূর্ব্বক বস্‌ধাতুর অধিকরণ কারক কর্ম্ম-সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, গ্রামমুপবসতি (১৫), স্থানমনুবসতি, নগরমধিবসতি, মুনৌরোজ্জয়মাবসতি।

১০৬। অভিনিবিশো বিভাষা।

অভি পূর্ব্বক ও নি পূর্ব্বক বিশ্ ধাতুর অধিকরণ কারক বিকল্পে কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, ধর্ম্মমভিনিবিশতে, ধর্ম্মেঽভিনিবিশতে।

১০৭। ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ সম্প্রদানম্।

উপসর্গ পূর্ব্বক ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর সম্প্রদান কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, শত্রুমভিক্রুধ্যতি, মনুমভিদ্রুহ্যতি।

১০৮। বিভাষা দিবঃ করণম্।

দিব্ ধাতুর করণ কারক বিকল্পে কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, অক্ষান্ দীব্যতি, অক্ষৈর্দীব্যতি।

১০৯। দ্বে কর্ম্মণী দুহাদেঃ।

দুহ্, যাচ্ (১৬), চি, প্রচ্ছ্, নী, বহ্ প্রভৃতি কতকগুলি ধাতুর দুই কর্ম্ম থাকে, একের নাম প্রধান, অপরের নাম অপ্রধান। ক্রিয়ার সহিত প্রধান ভাবে যাহার অন্বয় হয়, তাহাকে প্রধান কর্ম্ম, আর অপ্রধান ভাবে যাহার অন্বয় হয়, তাহাকে অপ্রধান কর্ম্ম

(১৫) উপবাস অর্থে হয় না। যথা, উপবসতি বনে।

(১৬) যাচঞার্থ অর্থ, নাথ, ভিক্ষ প্রভৃতি।

বলে। যথা, **গোপো গাং দুগ্ধং দোগ্ধি, দরিদ্রো রাজানং ধনং যাচতে, মালাকারো বৃক্ষং পুষ্পং চিনোতি, শিষ্যো গুরুং ধর্ম্মং পৃচ্ছতি, পিতা পুত্রং গেহং নয়তি, দেবা জলধিমমৃতং মমন্থুঃ।** এ স্থলে দুগ্ধ, ধন, পুষ্প, ধর্ম্ম, পুত্র, অমৃত প্রধান কর্ম্ম; আর গো, রাজা, বৃক্ষ, গুরু, গৃহ, জলধি অপ্রধান কর্ম্ম। এই অপ্রধান কর্ম্মকেই অকথিত ও অবিবক্ষিত কর্ম্ম বলে; অর্থাৎ উভয় কর্ম্মের মধ্যে যাহাতে কারকান্তরপ্রবৃত্তির সম্ভাবনা থাকে, অথচ বক্তার ইচ্ছা-বিরহ বশতঃ, সে সকল কারক প্রবৃত্ত না হইয়া, কর্ম্মকারক প্রবৃত্ত হয়, তাহাকেই অকথিত, অবিবক্ষিত, ও অপ্রধান কর্ম্ম বলে। পূর্ব্বোক্ত উদাহরণসমূহে গো প্রভৃতির কর্ম্মসংজ্ঞা হইয়াছে, কিন্তু বিবক্ষা থাকিলে, **গোর্দুগ্ধং দোগ্ধি, রাজ্ঞো ধনং যাচতে, বৃক্ষাৎ পুষ্পং চিনোতি, গুরোর্ধর্ম্মং পৃচ্ছতি, পুত্রং গেহে নয়তি, জলধেরমৃতং মমন্থুঃ;** এই রূপে, যথাসম্ভব, অপাদানাদি কারক প্রবৃত্ত হইতে পারে।

## ১১০। কর্ম্মণি বাচ্যে প্রথমা।

কর্ম্মবাচ্যপ্রয়োগে, কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়। যথা, **গ্রামো গম্যতে, চন্দ্রো দৃশ্যতে, বৃক্ষ আরুহ্যতে, ধনুরভিদ্রুহ্যতে।**

## ১১১। ন্যাদেঃ প্রধানে।

কর্ম্মবাচ্যপ্রয়োগে, নী প্রভৃতি (১৭) ধাতুর প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা, **গৌর্গ্রামং নীয়তে, হ্রিয়তে, কৃষ্যতে, উহ্যতে বা।**

## ১১২। দুহাদেরপ্রধানে।

কর্ম্মবাচ্যপ্রয়োগে দুহ্ প্রভৃতি (১৮) ধাতুর অপ্রধান কর্ম্মে প্রথমা

---

(১৭) নী, হৃ, কৃষ্, বহ্। চারি ধাতুই প্রায় একার্থবোধক।

(১৮) দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, (কথনার্থ কথ, বচ্, বদ্, ভাষ্ প্রভৃতি), শাস্, জি, মন্থ্, মুষ্।

বিভক্তি হয়। যথা, গৌর্দুগ্ধং দুহ্যতে, রাজা ধনং যাচ্যতে, চৌরঃ শতং দণ্ড্যতে, গুরুর্ধর্ম্মং পৃচ্ছ্যতে, বৃক্ষঃ পুষ্পং চীয়তে, শিষ্যো ধর্ম্মমনুশিষ্যতে, জলধিরমৃতং মমন্থে।

## কর্ত্তা।

### ১১৩। ক্রিয়াসম্পাদকঃ কর্ত্তা।

যাহার প্রযত্নে ক্রিয়া সম্পন্ন হয়, তাহাকে কর্ত্তৃকারক বলে। যথা, শিশুঃ ক্রীড়তি, গৌঃ শব্দায়তে, মেঘো গর্জ্জতি, গোপো দুগ্ধং দোগ্ধি, মালাকারঃ পুষ্পং চিনোতি, বানরো বৃক্ষমারোহতি, রাজা প্রজাঃ পালয়তি।

### ১১৪। প্রযোজকশ্চ।

যে প্রযোজক অর্থাৎ অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তাহাকেও কর্ত্তৃকারক বলে।

### ১১৫। তৃতীয়া প্রযোজ্যে।

ক্রিয়ার অণিজন্ত অবস্থার কর্ত্তাকে ণিজন্ত অবস্থায় প্রযোজ্য বলে। প্রযোজ্য কর্ত্তার তৃতীয়া বিভক্তি হয়। যথা, দেবদত্ত ওদনং পচতি, যজ্ঞদত্তো দেবদত্তেন ওদনং পাচয়তি। এ স্থলে, দেবদত্ত পচনক্রিয়ার অণিজন্ত অবস্থায় কর্ত্তা ছিল, ণিজন্ত অবস্থায় তাহার প্রযোজ্য সংজ্ঞা ও তাহাতে তৃতীয়া বিভক্তি হইল; আর, যজ্ঞদত্ত দেবদত্তকে পচনক্রিয়ায় প্রবর্ত্তিত করিতেছে, এজন্য সে প্রযোজক, তাহার কর্ত্তৃসংজ্ঞা ও তাহাতে প্রথমা বিভক্তি হইল।

### ১১৬। গত্যর্থানাং কর্ম্মসংজ্ঞা প্রযোজ্যস্য।

গমনার্থ ধাতুর প্রয়োগে, প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা, দেবদত্তো গৃহং গচ্ছতি, যজ্ঞদত্তো দেবদত্তং গৃহং গময়তি।

## ১১৭। জ্ঞানাশনার্থানাম্।

জ্ঞানার্থ ও অশনার্থ (১৯) ধাতুর প্রয়োগে, প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা, জ্ঞানার্থ—শিষ্যো ধর্ম্মং বুধ্যতে, গুরুঃ শিষ্যং ধর্ম্মং বোধয়তি; ভোজনার্থ—পুত্রোঽন্নমশ্নাতি, মাতা পুত্রমন্নম্ আশয়তি।

## ১১৮। শব্দকর্ম্মকাণামকর্ম্মকাণাঞ্চ।

শব্দ (২০) কর্ম্মক (২১) ও অকর্ম্মক ধাতুর প্রয়োগে, প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়। যথা, শব্দকর্ম্মক—শিষ্যো বেদমধীতে, গুরুঃ শিষ্যং বেদমধ্যাপয়তি। অকর্ম্মক—শিশুঃ শেতে, মাতা শিশুং শায়য়তি।

## ১১৯। বিভাষা হৃকৃঞোঃ।

হৃঞ্ ও কৃঞ্ ধাতুর প্রয়োগে, প্রযোজ্য কর্ত্তার বিকল্পে কর্ম্মসংজ্ঞা হয়। যথা, ভৃত্যো ভারং হরতি, প্রভুর্ভৃত্যং ভৃত্যেন বা ভারং হারয়তি; কুম্ভকারো ঘটং করোতি, যজ্ঞদত্তঃ কুম্ভকারং কুম্ভকারেণ বা ঘটং কারয়তি।

## ১২০। কর্ম্মভাবয়োস্তৃতীয়া।

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য প্রয়োগে, কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা, কর্ম্মবাচ্য—গোপেন দুগ্ধং দুহ্যতে, মালাকারেণ পুষ্পং চীয়তে, রাজ্ঞা ধনং দীয়তে; ভাববাচ্য—শিশুনা রুদ্যতে, যূনা হৃষ্যতে, বৃদ্ধেন শুষ্যতে।

(১৯) অদ্, খাদ্, ভক্ষ্ ভিন্ন।

(২০) শব্দাত্মক বিষয় পদ, বাক্য, গ্রন্থ, উপদেশ, তিরস্কার, প্রশংসা প্রভৃতি।

(২১) হ্বে, ক্রন্দ্, শব্দায়, জল্প্, ভাষ্, লপ্, ব্রূ, বিজ্ঞা, উপলভ ভিন্ন।

১২১। **কর্ম্মসংজ্ঞায়াং প্রযোজ্যকর্ম্মণোঃ প্রথমাদ্বিতীয়ে কর্ম্মণি।**

যে স্থলে প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়, তথায়, কর্ম্মবাচ্যপ্রয়োগে, প্রযোজ্য কর্ত্তার প্রথমা বিভক্তি আর কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, **শিষ্যেণ বেদোঽধীয়তে, গুরুণা শিষ্যো বেদমধ্যাপ্যতে।** এ স্থলে, প্রযোজ্য কর্ত্তা শিষ্যে প্রথমা বিভক্তি আর কর্ম্ম বেদে দ্বিতীয়া বিভক্তি হইল। তদ্ভিন্ন স্থলে, **দেবদত্তেন ওদনং পচ্যতে, যজ্ঞদত্তেন দেবদত্তেন ওদনং পাচ্যতে।**

১২২। **নিবৃত্তৌ চ প্রবৃত্তিবৎ ক্রিয়ায়াঃ।**

ক্রিয়াপ্রবৃত্তিস্থলেই তত্তৎ কারকের বিধান হইয়াছে; কিন্তু, ক্রিয়াপ্রবৃত্তির ন্যায়, ক্রিয়ানিবৃত্তিস্থলেও, অবিশেষে তত্তৎ কারকের বিধান হইয়া থাকে। যথা, **অশ্বাৎ পতিতঃ, অশ্বান্ন পতিতঃ; অধ্যয়নাদ্বিরমতি, অধ্যয়নান্ন বিরমতি; ভিক্ষবে ভিক্ষাং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং ন দদাতি; মহ্যমিদং স্বদতে, মহ্যমিদং ন স্বদতে; হস্তেন গৃহ্লাতি, হস্তেন ন গৃহ্লাতি; বস্ত্রেণাচ্ছাদয়তি, বস্ত্রেণ নাচ্ছাদয়তি; গৃহে তিষ্ঠতি, গৃহে ন তিষ্ঠতি; শয্যায়াং শেতে, শয্যায়াং ন শেতে; জলং পিবতি, জলং ন পিবতি; চন্দ্রং পশ্যতি, চন্দ্রং ন পশ্যতি; মেঘো বর্ষতি, মেঘো ন বর্ষতি; নদী বহতি, নদী ন বহতি।**

১২৩। **বিবক্ষাবশাৎ কারকাণি।**

যে স্থলে যে কারক বিহিত হইল, বিবক্ষা বশতঃ, অর্থাৎ বক্তার ইচ্ছা অনুসারে, তাহার অন্যথাভাব লক্ষিত হইয়া থাকে। যথা, **গৃহং গচ্ছতি, গৃহে গচ্ছতি; গৃহং প্রবিশতি, গৃহে প্রবিশতি; পুষ্পেভ্যঃ স্পৃহয়তি, পুষ্পাণি স্পৃহয়তি; পুষ্পেভ্যঃ স্পৃহা, পুষ্পেষু**

स्पृहा; अरये क्रुध्यति, अरौ क्रुध्यति; गा दुग्धं दोग्धि, गोभ्यो दुग्धं दोग्धि; नृपं धनं याचते, नृपाद्धनं याचते; वृक्षं पुष्पं चिनोति, वृक्षात् पुष्पं चिनोति; पुत्रं गृहं नयति, पुत्रं गृहे नयति; जलधिममृतं ममन्थुः, जलधेरमृतं ममन्थुः; शिष्याय विद्यां वितरति, शिष्ये विद्यां वितरति; हिमवतो गङ्गा प्रभवति, हिमवति गङ्गा प्रभवति।

---

# তদ্ধিত।

## ১। तद्धितः।

এই প্রকরণে যে সকল প্রত্যয় বিহিত হইতেছে, তাহাদের নাম তদ্ধিত।

## ২। णिति वृद्धिराद्यस्य।

মূর্দ্ধন্য ণ ইৎ যায় এরূপ তদ্ধিতপ্রত্যয় হইলে, প্রাতিপদিকের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

## ৩। सुभगादेरुभयोः।

সুভগা, দুর্ভগা, অধিদেব, অধিভূত, পরলোক, সর্ব্বলোক, অকুশল, পরস্ত্রী প্রভৃতি প্রাতিপদিকের অন্তর্গত উভয় পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

## ৪। सुपञ्चालादेर्द्वितीयस्य।

সুপঞ্চাল, অর্দ্ধপঞ্চাল, অগ্নিদেবতা, পিতৃদেবতা, দ্বিবর্ষ, ত্রিবর্ষ, চতুর্বর্ষ, পঞ্চবর্ষ প্রভৃতি প্রাতিপদিকের অন্তর্গত দ্বিতীয় পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

## ৫। न णिल्लाद्यं सर्व्वत्र।

মূর্দ্ধন্য ণ ইতের আদ্যস্বরবৃদ্ধিরূপ যে কার্য্য বিহিত হইল, তাহা সর্ব্বত্র হয় না।

৬। লোপোঽবর্ণেবর্ণয়োর্যস্বরয়োঃ।

তদ্ধিতপ্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে, প্রাতিপদিকের অন্তস্থিত অবর্ণ ও ইবর্ণের লোপ হয়।

৭। গুণ উবর্ণস্য।

তদ্ধিতপ্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে, প্রাতিপদিকের অন্তস্থিত উবর্ণের গুণ হয়।

৮। ঋদোদৌদ্ভ্যো যঃ স্বরবৎ।

ঋকার, ওকার ও ঔকারের পরস্থিত তদ্ধিতপ্রত্যয়ের য স্বরকার্য্য নির্ব্বাহ করে।

৯। টের্লোপো ডিতি।

ডকারেৎ তদ্ধিতপ্রত্যয় পরে থাকিলে, প্রাতিপদিকের টির (২২) লোপ হয়।

১০। তের্বিংশতেঃ।

বিংশতিশব্দের তি এই ভাগের লোপ হয়।

১১। ইয়ুবৌ যবয়োরাদ্যচঃ পদান্তে ণিতি।

ণকারেৎ তদ্ধিতপ্রত্যয় হইলে, পদের অন্তস্থিত আদ্যস্বরস্থান জাত যস্থানে ইয়, বস্থানে উব, হয়।

১২। দ্বারাদীনাঞ্চ।

(২২) অন্ত্য স্বর ও তদবধি বর্ণকে টি বলে।

দ্বারা প্রভৃতি (২৩) প্রাতিপদিকের আদ্য য ও ব স্থানে ইয় ও উব হয়।

১৩। ন স্বাগতাদীনাম্।

স্বাগত প্রভৃতি (২৪) প্রাতিপদিকের আদ্য য ও ব স্থানে ইয় ও উব হয় না।

১৪। বা শ্বাপদন্যঙ্ক্বোঃ।

শ্বাপদ, ন্যঙ্কু, এই দুই প্রাতিপদিকের বিকল্পে।

১৫। অব্যয়াশ্চিতঃ।

যে সমস্ত তদ্ধিতপ্রত্যয়ের চ ইৎ যায়, তদন্ত শব্দ সকল অব্যয় হয়।

১৬। অপত্যে।

বক্ষ্যমাণ প্রত্যয় সকল অপত্য অর্থে বিহিত হয়।

১৭। অদন্তাৎ ষিঞ্।

অপত্য অর্থে, অকারান্ত প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়, ষ ণ ইৎ, ই থাকে। যথা, সুতস্যাপত্যং সৌতিঃ, দশরথস্যাপত্যং দাশরথিঃ, দ্রোণস্যাপত্যং দ্রৌণিঃ, গবল্গণস্যাপত্যং গাবল্গণিঃ, যুধিষ্ঠির-স্যাপত্যং যৌধিষ্ঠিরিঃ, অর্জ্জুনস্যাপত্যং আর্জ্জুনিঃ, বিকর্ণস্যাপত্যং বৈকর্ণিঃ, কুষীতকস্যাপত্যং কৌষীতকিঃ, মণ্ডূকস্যাপত্যং মাণ্ডূকিঃ, কৃষ্ণস্যাপত্যং কার্ষ্ণিঃ, প্রদ্যুম্নস্যাপত্যং প্রাদ্যুম্নিঃ।

১৮। বাহ্বাদিভ্যশ্চ।

অপত্য অর্থে, বাহু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়। যথা,

---

(২৩) দ্বার, স্বর, স্বাধ্যায়, ব্যল্কস, স্বস্তি, স্বর, স্ফ্যকৃত, স্বাদুমৃদু, শ্বস্, শ্বন্, স্ব।

(২৪) স্বাগত, স্বধ্বর, স্বঙ্গ, ব্যঙ্গ, ব্যড়, ব্যবহার, স্বপতি।

বাহ্বোরপত্যং বাহবিঃ, উপবাহ্বোরপত্যম্ ঔপবাহবিঃ, উপবিন্দোঃ অপত্যম্ ঔপবিন্দবিঃ, বৃষলায়া অপত্যং বার্ষলিঃ, বৃকলায়া অপত্যং বার্কলিঃ, ছগলায়া অপত্যং ছাগলিঃ, সুমিত্রায়া অপত্যং সৌমিত্রিঃ, দুর্মিত্রায়া অপত্যং দৌর্মিত্রিঃ, উদম্বোরপত্যম্ ঔদম্ববিঃ।

## ১৯। উকো ব্যাসসুধাত্রোঃ ষিণি।

ষিণ্ প্রত্যয় হইলে, ব্যাস, সুধাতৃ, এই দুই প্রাতিপদিকের উত্তর উক হয়, উ ইৎ অক থাকে। যথা, ব্যাসস্যাপত্যং বৈয়াসকিঃ, সুধাতুঃ অপত্যং সৌধাতকিঃ।

## ২০। নড়াদিভ্যঃ ষায়নণ্।

অপত্য অর্থে, নড় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষায়নণ্ হয়, ষ ণ ইৎ আয়ন থাকে। যথা, নড়স্যাপত্যং নাড়ায়নঃ, চরস্যাপত্যং চারায়ণঃ, মুঞ্জস্যাপত্যং মৌঞ্জায়নঃ, সম্নলস্যাপত্যং সাম্নলায়নঃ, নরস্যাপত্যং নারায়ণঃ, দাসস্যাপত্যং দাসায়নঃ, কাতলস্যাপত্যং কাতলায়নঃ, শকটস্যাপত্যং শাকটায়নঃ, জলন্ধরস্যাপত্যং জালন্ধরায়ণঃ, দ্রোণস্যাপত্যং দ্রৌণায়নঃ, পর্ব্বতস্যাপত্যং পার্ব্বতায়নঃ, যুগন্ধরস্যাপত্যং যৌগন্ধরায়ণঃ, অম্বলস্যাপত্যম্ আম্বলায়নঃ, বদরস্যাপত্যং বাদরায়ণঃ, উদুম্বরস্যাপত্যম্ ঔদুম্বরায়ণঃ, দক্ষস্যাপত্যং দাক্ষায়ণঃ।

## ২১। গর্গাদিভ্যঃ ষ্যণ্।

অপত্য অর্থে, গর্গ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষ্যণ্ হয়, ষ ণ ইৎ, য থাকে। যথা, গর্গস্যাপত্যং গার্গ্যঃ, বৎসস্যাপত্যং বাৎস্যঃ, অগস্তেরপত্যম্ আগস্ত্যঃ, পুলস্তেরপত্যং পৌলস্ত্যঃ, বিশ্বাবসোরপত্যং বৈশ্বাবস্যঃ, লোহিতস্যাপত্যং লৌহিত্যঃ, বভ্রোরপত্যং বাভ্রব্যঃ,

মণ্ডোরপত্যং মাণ্ডব্যঃ, মধোরপত্যং মাধব্যঃ, জিগীষোরপত্যং জৈগীষব্যঃ, কুণ্ডিন্যা অপত্যং কৌণ্ডিন্যঃ, যজ্ঞবল্কস্যাপত্যং যাজ্ঞবল্ক্যঃ, শণ্ডিলস্যাপত্যং শাণ্ডিল্যঃ, চণকস্যাপত্যং চাণক্যঃ, চুলুকস্যাপত্যং চৌলুক্যঃ, মুদ্গলস্যাপত্যং মৌদ্গল্যঃ, জমদগ্নেরপত্যং জামদগ্ন্যঃ, পরাশরস্যাপত্যং পারাশর্য্যঃ, জাতূকর্ণস্যাপত্যং জাতূকর্ণ্যঃ, অশ্বরথস্যাপত্যং আশ্বরথ্যঃ, পূতিমাষস্যাপত্যং পৌতিমাষ্যঃ, উলূকস্যাপত্যম্ ঔলূক্যঃ, অগ্নিবেশস্যাপত্যম্ আগ্নিবেশ্যঃ, দিতেরপত্যং দৈত্যঃ, অদিতেরপত্যম্ আদিত্যঃ, প্রজাপতেরপত্যং প্রাজাপত্যঃ।

## ২২। শিবাদিভ্যঃ অণ্।

অপত্য অর্থে, শিব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর অণ্ হয়, অ ণ ইৎ, অ থাকে। যথা, শিবস্যাপত্যং শৈবঃ, ককুৎস্থস্যাপত্যং কাকুৎস্থঃ, কহোড়স্যাপত্যং কাহোড়ঃ, কুপিঞ্জলস্যাপত্যং কৌপিঞ্জলঃ, বিশ্রবণস্য অপত্যং বৈশ্রবণঃ, রবণস্যাপত্যং রাবণঃ, ঊর্ণনাভস্যাপত্যম্ ঔর্ণনাভঃ, পৃথায়া অপত্যং পার্থঃ, যস্কস্যাপত্যং যাস্কঃ, দ্রুহ্যস্যাপত্যং দ্রৌহ্যঃ, লহ্যস্যাপত্যং লাহ্যঃ, অয়ঃস্থূণস্যাপত্যম্ আয়ঃস্থূণঃ, ইলায়া অপত্যম্ ঐলঃ, সপত্ন্যা অপত্যং সাপত্নঃ।

## ২৩। বিদাদেঃ।

অপত্য অর্থে, বিদ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর অণ্ হয়। যথা, বিদস্যাপত্যং বৈদঃ, উর্ব্বস্যাপত্যম্ ঔর্ব্বঃ, কশ্যপস্যাপত্যং কাশ্যপঃ, কুশিকস্যাপত্যং কৌশিকঃ, ভরদ্বাজস্যাপত্যং ভারদ্বাজঃ, উপমন্যোঃ অপত্যম্ ঔপমন্যবঃ, বিশ্বানরস্যাপত্যং বৈশ্বানরঃ, ঋষ্টিষেণস্য অপত্যম্ আর্ষ্টিষেণঃ, শরদ্বতোঽপত্যং শারদ্বতঃ, শুনকস্যাপত্যং শৌনকঃ, অর্কলূষস্যাপত্যম্ আর্কলূষঃ, পুনর্ভ্বো অপত্যং পৌনর্ভবঃ, পুত্রস্যাপত্যং পৌত্রঃ, দুহিতুরপত্যং দৌহিত্রঃ।

২৪। ভৃগ্বাদেশ্চ।

অপত্য অর্থে, ভৃগু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়। যথা, ভৃগোরপত্যং ভার্গবঃ, মরীচেরপত্যং মারীচঃ, বশিষ্ঠস্যাপত্যং বাশিষ্ঠঃ, কুৎসস্যাপত্যং কৌৎসঃ, গোতমস্যাপত্যং গৌতমঃ, অঙ্গিরসোঽপত্যম্ আঙ্গিরসঃ, বিশ্বামিত্রস্যাপত্যং বৈশ্বামিত্রঃ, ধৃতরাষ্ট্রস্যাপত্যং ধার্ত্তরাষ্ট্রঃ, পাণ্ডোরপত্যং পাণ্ডবঃ, বসুদেবস্যাপত্যং বাসুদেবঃ, যদোরপত্যং যাদবঃ, পুরোরপত্যং পৌরবঃ, রঘোরপত্যং রাঘবঃ, কুরোরপত্যং কৌরবঃ, মনোরপত্যং মানবঃ, দ্রুপদস্যাপত্যং দ্রৌপদঃ, পর্ব্বতস্যাপত্যং পার্ব্বতঃ।

২৫। ঐক্ষ্বাককৌরব্যমনুষ্যমানুষাঃ।

ঐক্ষ্বাক, কৌরব্য, মনুষ্য, মানুষ, এই চারি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, ইক্ষ্বাকোরপত্যম্ ঐক্ষ্বাকঃ, কুরোরপত্যং কৌরব্যঃ, মনোরপত্যং মনুষ্যঃ মানুষঃ।

২৬। মাতুর্ডুর্ সংখ্যায়াঃ।

ষণ্ প্রত্যয় হইলে, সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী মাতৃশব্দের উত্তর ডুর্ হয়, ড ইৎ, উর্ থাকে। যথা, দ্বয়োর্মাত্রোরপত্যং দ্বৈমাতুরঃ, ষণ্ণাং মাতৃণামপত্যং ষাণ্মাতুরঃ (২৫)।

২৭। কন্যায়াঃ কনীনঃ।

ষণ্ প্রত্যয় পরে, কন্যাশব্দস্থানে কনীন হয়। যথা, কন্যায়া অপত্যং কানীনঃ।

২৮। স্ত্রীভ্যঃ ষেয়ণ্।

অপত্য অর্থে, স্ত্রীপ্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ হয়, ষ ণ

(২৫) সম্ ও ভদ্র শব্দের পর থাকিলেও হয়। যথা, সাম্মাতুরঃ ভাদ্রমাতুরঃ।

ইৎ, এর থাকে। যথা, গঙ্গায়া অপত্যং গাঙ্গেয়ঃ, রাধায়া অপত্যং রাধেয়ঃ, বিনতায়া অপত্যং বৈনতেয়ঃ, তাড়কায়া অপত্যং তাড়কেয়ঃ, সরমায়া অপত্যং সারমেয়ঃ, সুপর্ণায়া অপত্যং সৌপর্ণেয়ঃ, ভগিন্যা অপত্যং ভাগিনেয়ঃ, মদ্র্যা অপত্যং মাদ্রেয়ঃ, কুন্ত্যা অপত্যং কৌন্তেয়ঃ, রোহিণ্যা অপত্যং রৌহিণেয়ঃ, রুক্মিণ্যা অপত্যং রৌক্মিণেয়ঃ, কুমারিকায়া অপত্যং কৌমারিকেয়ঃ, অম্বিকায়া অপত্যম্ আম্বিকেয়ঃ, গোধায়া অপত্যং গৌধেয়ঃ।

## ২৯। গৌধেরগৌধারৌ।

গোধায়া অপত্যম্, এই অর্থে, গৌধের ও গৌধার এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

## ৩০। শুভ্রাদিভ্যশ্চ।

অপত্য অর্থে, শুভ্র প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঢেয়ণ্ হয়। যথা, শুভ্রস্যাপত্যং শৌভ্রেয়ঃ, অত্রেরপত্যম্ আত্রেয়ঃ, বিমাতুরপত্যং বৈমাত্রেয়ঃ, শকুনেরপত্যং শাকুনেয়ঃ, শতলস্যাপত্যং শাতলেয়ঃ, ইতরস্যাপত্যম্ ঐতরেয়ঃ।

## ৩১। লোপঃ ঢেয়ণ্যুবর্ণস্য।

ঢেয়ণ্ প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত উবর্ণের লোপ হয়। যথা, মৃকণ্ডোরপত্যং মার্কণ্ডেয়ঃ, কমণ্ডল্বা অপত্যং কামণ্ডলেয়ঃ।

## ৩২। ন পাণ্ডুকদ্রোঃ।

পাণ্ডু ও কদ্রু শব্দের উবর্ণের লোপ হয় না। যথা, পাণ্ডোরপত্যং পাণ্ডবেয়ঃ, কদ্রা অপত্যং কাদ্রবেয়ঃ।

## ৩৩। সুভগাদেরিন্ ঢেয়ণি।

ঢেয়ণ্ প্রত্যয় হইলে, সুভগা প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইন্ হয়।

যথা, **সুভগায়া অপত্যং সৌভাগিনেয়ঃ, দুর্ভগায়া অপত্যং দৌর্ভাগিনেয়ঃ, বন্ধক্যা অপত্যং বান্ধকিনেয়ঃ, কনিষ্ঠায়া অপত্যং কানিষ্ঠিনেয়ঃ, মধ্যমায়া অপত্যং মাধ্যমিনেয়ঃ, পরস্ত্রিয়া অপত্যং পারস্ত্রৈণেয়ঃ**

৩৪। **কুলটায়া বা।**

কুলটাশব্দের (২৬) উত্তর বিকল্পে। যথা, **কুলটায়া অপত্যং কৌলটিনেয়ঃ, কৌলটেয়ঃ।**

৩৫। **স্বস্রাদিভ্যঃ ঘীয়ণ্।**

অপত্য অর্থে, স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঘীয়ণ্ হয়, ঘ ণ ইৎ ঈয় থাকে। যথা, **স্বসুরপত্যং স্বস্রীয়ঃ।**

৩৬। **পিতৃমাতৃষ্বস্রোঃ ঘেয়ণ্ বা ঋলোপশ্চ।**

পিতৃষ্বসৃ ও মাতৃষ্বসৃ শব্দের উত্তর বিকল্পে ঘেয়ণ্ হয়, ঘেয়ণ্ হইলে ঋকারের লোপ হয়। যথা, **পিতৃষ্বসুরপত্যং পৈতৃষ্বসেয়ঃ, পৈতৃষ্বস্রীয়ঃ; মাতৃষ্বসুরপত্যং মাতৃষ্বসেয়ঃ, মাতৃষ্বস্রীয়ঃ।**

৩৭। **রেবত্যাদিভ্যঃ ঘিকণ্।**

অপত্য অর্থে, রেবতী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঘিকণ্ হয়, ঘ ণ ইৎ ইক থাকে। যথা, **রেবত্যা অপত্যং রৈবতিকঃ, অশ্বপাল্যা অপত্যম্ আশ্বপালিকঃ, কর্ণগ্রাহস্যাপত্যং কার্ণগ্রাহিকঃ, দণ্ডগ্রাহস্যাপত্যং দাণ্ডগ্রাহিকঃ।**

৩৮। **লোপো গর্গাদের্বহুবচনে।**

বহুবচনে গর্গাদির উত্তর বিহিত অপত্যপ্রত্যয়ের লোপ হয়। যথা,

(২৬) এস্থলে কুলটাশব্দে সতী ভিক্ষোপজীবিনী স্ত্রী বুঝায়, ব্যভিচারিণী নহে; ব্যভিচারিণী অর্থে **কৌলটেয়ঃ কৌলটেরঃ** এই দুই শব্দ হয়।

গর্গস্যাপত্যানি গর্গাঃ, বৎসস্যাপত্যানি বৎসাঃ, অগস্তেরপত্যানি অগস্তয়ঃ, বিশ্বাবসোরপত্যানি বিশ্বাবসবঃ, বভ্রোরপত্যানি বভ্রবঃ, মুদ্গলস্যাপত্যানি মুদ্গলাঃ, জমদগ্নেরপত্যানি জমদগ্নয়ঃ, জাতূকর্ণস্যাপত্যানি জাতূকর্ণাঃ, পূতিমাষস্যাপত্যানি পূতিমাষাঃ।

৩৯। যস্কাদেঃ।

বহুবচনে যস্কাদির উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, যস্কস্যাপত্যানি যস্কাঃ, লহ্যস্যাপত্যানি লহ্যাঃ, দ্রুহ্যস্যাপত্যানি দ্রুহ্যাঃ, তৃণকর্ণস্যাপত্যানি তৃণকর্ণাঃ, জঙ্ঘারথস্যাপত্যানি জঙ্ঘারথাঃ।

৪০। বিদাদেঃ।

বহুবচনে বিদাদির উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, বিদস্যাপত্যানি বিদাঃ, উর্ব্বস্যাপত্যানি উর্ব্বাঃ, কশ্যপস্য অপত্যানি কশ্যপাঃ, কুশিকস্যাপত্যানি কুশিকাঃ, ভরদ্বাজস্য অপত্যানি ভরদ্বাজাঃ, উপমন্যোরপত্যানি উপমন্যবঃ, বিশ্বানরস্য অপত্যানি বিশ্বানরাঃ, ঋতভাগস্যাপত্যানি ঋতভাগাঃ, হর্য্যশ্বস্যাপত্যানি হর্য্যশ্বাঃ, শরদ্বতোঽপত্যানি শরদ্বতঃ, শুনকস্য অপত্যানি শুনকাঃ।

৪১। অত্র্যাদেশ্চ।

বহুবচনে অত্র্যাদির উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের লোপ হয়। যথা, অত্রেরপত্যানি অত্রয়ঃ, ভৃগোরপত্যানি ভৃগবঃ, কুৎসস্য অপত্যানি কুৎসাঃ, বশিষ্ঠস্যাপত্যানি বশিষ্ঠাঃ, গোতমস্যাপত্যানি গোতমাঃ, অঙ্গিরসোঽপত্যানি অঙ্গিরসঃ।

৪২। রাজসংজ্ঞাভ্যো বিভাষা।

বহুবচনে রাজসংজ্ঞা প্রাতিপদিকের উত্তর বিহিত অপত্য প্রত্যয়ের

বিকল্পে লোপ হয়। যথা, রঘোরপত্যানি রঘবঃ, রাঘবাঃ, কুরোঃ অপত্যানি কুরবঃ, কৌরবাঃ ; যদোরপত্যানি যদবঃ, যাদবাঃ ; ইক্ষ্বাকোরপত্যানি ইক্ষ্বাকবঃ, ঐক্ষ্বাকাঃ ; বৃষ্ণেরপত্যানি বৃষ্ণয়ঃ, বার্ষ্ণেয়াঃ ; নিমেরপত্যানি নিময়ঃ, নৈমেয়াঃ।

## ৪৩। ন স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে অপত্য প্রত্যয়ের লোপ হয় না। যথা, যস্কস্যাপত্যানি স্ত্রিয়ঃ যাস্ক্যঃ, বিদস্যাপত্যানি স্ত্রিয়ঃ বৈদ্যঃ, অত্রেরপত্যানি স্ত্রিয়ঃ আত্রেয্যঃ, রঘোরপত্যানি স্ত্রিয়ঃ রাঘব্যঃ।

## ৪৪। অর্থবিশেষে চাপত্যানি।

অপত্য অর্থে যে সকল প্রত্যয় বিহিত হইল, তৎসমুদয় অর্থ-বিশেষেও হইয়া থাকে।

## ৪৫। ইয় কণ্ ণীন ষ্ণীকণশ্চ।

অর্থবিশেষে ইয়, কণ্, ণীন, ষ্ণীকণ্, এই সকল প্রত্যয়ও যথাসম্ভব হইয়া থাকে। কণের ণ ইৎ ক থাকে, ণীনের ণ ইৎ ঈন থাকে, ষ্ণীকণের ষ ণ ইৎ ঈক থাকে।

## ৪৬। তদ্বেত্তি তদধীতে।

তৎ বেত্তি, তৎ অধীতে, এই দুই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথা-সম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, তর্কং বেত্তি অধীতে বা তার্কিকঃ, ন্যায়ং বেত্তি অধীতে বা নৈয়ায়িকঃ, বেদান্তং বেত্তি অধীতে বা বৈদান্তিকঃ, পুরাণং বেত্তি অধীতে বা পৌরাণিকঃ, বেদং বেত্তি অধীতে বা বৈদিকঃ, অলঙ্কারং বেত্তি অধীতে বা আলঙ্কারিকঃ, জ্যোতিষং বেত্তি অধীতে বা জ্যৌতিষিকঃ, ব্যাকরণং বেত্তি অধীতে বা বৈয়াকরণঃ, ক্রমং বেত্তি অধীতে বা ক্রমকঃ, পদং বেত্তি অধীতে বা পদকঃ।

## ৪৭। হ্রস্বোऽन्त्य: शिक्षादे: ।

শিক্ষা প্রভৃতি প্রাতিপদিকের অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা, शिक्षां वेत्ति अधीते वा शिक्षक:, मीमांसां वेत्ति अधीते वा मीमांसक: ।

## ৪৮। तेन प्रोक्तम् ।

तेन प्रोक्तम्, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ऋषिणा प्रोक्तम् आर्षम्, मनुना प्रोक्तं मानवं मानवीयम्, विष्णुना प्रोक्तं वैष्णवम्, पतञ्जलिना प्रोक्तं पातञ्जलम्, कणादेन प्रोक्तं काणादम्, पाणिनिना प्रोक्तं पाणिनीयम्, जैमिनिना प्रोक्तं जैमिनीयम्, अत्रिणा प्रोक्तम् आत्रेयम्, उशनसा प्रोक्तम् औशनसम्, अङ्गिरसा प्रोक्तम् आङ्गिरसम्, पराशरेण प्रोक्तं पाराशरं पाराशरीयम्, बृहस्पतिना प्रोक्तं बार्हस्पत्यम्, नारदेन प्रोक्तं नारदीयम्, वाल्मीकिना प्रोक्तं वाल्मीकीयम्, बौधायनेन प्रोक्तं बौधायनीयम्।

## ৪৯। तेन कृतम् ।

तेन कृतम्, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, कायेन कृतं कायिकम्, अङ्गेन कृतम् आङ्गिकम्, शरीरेण कृतं शारीरिकम्, वाचा कृतं वाचिकम्, वचनेन कृतं वाचनिकम्, मनसा कृतं मानसिकम्, सहसा कृतं साहसिकम्, पुरुषेण कृतं पौरुषेयम्, मक्षिकाभि: कृतं माक्षिकम्, क्षुद्राभि: कृतं क्षौद्रम् ।

## ৫০। तेन रक्तम् ।

तेन रक्तम्, এই অর্থে প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, कषायेण रक्तं काषायम्, कुसुम्भेन रक्तं कौसुम्भम्, नील्या रक्तं नीलम्, हरिद्रया रक्तं हारिद्रम्,

মঞ্জিষ্ঠয়া রক্তং মাঞ্জিষ্ঠম্, লাক্ষয়া রক্তং লাক্ষিকম্, রোচনয়া রক্তং রৌচনিকম্, পীতেন রক্তং পীতকম্।

## ৫১। সাস্য দেবতা।

সা অস্য দেবতা, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, শিবোঽস্য দেবতা শৈবঃ, বিষ্ণুরস্য দেবতা বৈষ্ণবঃ, শক্তিরস্য দেবতা শাক্তঃ, গণপতিরস্য দেবতা গাণপত্যঃ, প্রজাপতিরস্য দেবতা প্রাজাপত্যঃ, বায়ুরস্য দেবতা বায়ব্যঃ, অগ্নিরস্য দেবতা আগ্নেয়ঃ, সোমোঽস্য দেবতা সৌম্যঃ, দ্যাবাপৃথিব্যৌ অস্য দেবতে দ্যাবাপৃথিবীয়ং দ্যাবাপৃথিব্যম্, অগ্নীষোমাবস্য দেবতে অগ্নীষোমীয়ম্ অগ্নীষোম্যম্।

## ৫২। তস্য সমূহঃ।

তস্য সমূহঃ, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ভিক্ষাণাং সমূহঃ ভৈক্ষম্, অঙ্গারাণাং সমূহঃ আঙ্গারম্, ময়ূরাণাং সমূহঃ মায়ূরম্, ধেনূনাং সমূহঃ ধৈনুকম্, কলাপানাং সমূহঃ কালাপকম্, রাজন্যানাং সমূহঃ রাজন্যকম্, রাজপুত্রাণাং সমূহঃ রাজপুত্রকম্, মনুষ্যাণাং সমূহঃ মানুষ্যকম্, অপূপানাং সমূহঃ আপূপিকম্, গণিকানাং সমূহঃ গাণিক্যম্, ব্রাহ্মণানাং সমূহঃ ব্রাহ্মণ্যম্।

## ৫৩। সমূহে খণ্ড কাণ্ড তলঃ।

সমূহ অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, খণ্ড, কাণ্ড, ও তল্ প্রত্যয় হয়। যথা, কমলানাং সমূহঃ কমলখণ্ডম্, কুমুদানাং সমূহঃ কুমুদখণ্ডম্, দূর্ব্বাণাং সমূহঃ দূর্ব্বাকাণ্ডম্, কর্ম্মণাং সমূহঃ কর্ম্মকাণ্ডম্। তল্প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। জনানাং সমূহঃ জনতা, বন্ধূনাং সমূহঃ বন্ধুতা।

## ৫৪। তত্র ভবঃ।

তত্র ভবঃ, (২৭) এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, মথুরায়াং ভবঃ মাথুরঃ, কলিঙ্গে ভবঃ কালিঙ্গঃ, গ্রামে ভবঃ গ্রাম্যঃ গ্রামীণঃ, নগরে ভবঃ নাগরিকঃ, বর্ষাসু ভবঃ বার্ষিকঃ, শরদি ভবঃ শারদঃ, বসন্তে ভবঃ বাসন্তিকঃ, হেমন্তে ভবঃ হৈমন্তিকঃ হৈমন্তঃ, সমুদ্রে ভবঃ সামুদ্রিকঃ, দ্বীপে ভবঃ দ্বৈপায়নঃ দ্বৈপ্যঃ, অকালে ভবঃ আকালিকঃ, শশ্বদ্ভবঃ শাশ্বতিকঃ, কুলে ভবঃ কুলীনঃ, দুষ্কুলে ভবঃ দৌষ্কুলেয়ঃ দুষ্কুলীনঃ, প্রাচি ভবং প্রাচ্যম্, দিশি ভবং দিশ্যম্, বর্গে ভবং বর্গ্যম্, কণ্ঠে ভবং কণ্ঠ্যম্, দন্তে ভবং দন্ত্যম্, তালৌ ভবং তালব্যম্, ওষ্ঠে ভবম্ ওষ্ঠ্যম্, জিহ্বামূলে ভবং জিহ্বামূলীয়ম্, অন্তরে ভবম্ আন্তরিকম্, মনসি ভবং মানসং মানসিকম্, শরীরে ভবং শারীরং শারীরিকম্, অরণ্যে ভবঃ আরণ্যকো মনুষ্যঃ আরণ্যঃ পশুঃ, কোষে ভবং কৌষেয়ম্, ইহ ভবম্ ঐহিকম্, লোকে ভবং লৌকিকম্, ভূমৌ ভবঃ ভৌমঃ, দিবি ভবঃ দিব্যঃ, অগ্রে ভবম্ অগ্র্যম্, আদৌ ভবম্ আদ্যম্, অন্তে ভবম্ অন্ত্যম্, বেশে ভবা বেশ্যা, সর্ব্বকালে ভবং সার্ব্বকালিকম্, কদাচিদ্ভবং কাদাচিৎকম্, সম্প্রতি ভবং সাম্প্রতিকম্, অধ্যাত্মং ভবম্ আধ্যাত্মিকম্, অধিভূতং ভবম্ আধিভৌতিকম্, অধিদৈবং ভবম্ আধিদৈবিকম্, মধ্যন্দিনে ভবং মাধ্যন্দিনম্।

## ৫৫। টিলোপোঽকস্মাদ্বহিষোঃ।

অকস্মাৎ, বহিস্, এই দুই প্রাতিপদিকের টির লোপ হয়। যথা, অকস্মাদ্ভবম্ আকস্মিকম্, বহির্ভবম্ বাহ্যং বাহীকম্।

(২৭) এ স্থলে ভবশব্দে জাত, স্থিত, সংক্রান্ত, আবির্ভূত প্রভৃতি অনেক অর্থ বুঝায়।

### ৫৬। स्त्रीपुंसाभ्यां नञ्।

স্ত্রী ও পুংস্ শব্দের উত্তর ভব প্রভৃতি অর্থে নঞ্ হয়, ণ ইৎ, ন থাকে। যথা, स्त्रीषु भवं स्त्रैणम्, पुंसु भवं पौंस्नम्।

### ৫৭। हैमन शौवस्तिक पौनःपुनिकाः।

হৈমন, শৌবস্তিক, ও পৌনঃপুনিক নিপাতনে সিদ্ধ হয়। যথা, हेमन्ते भवं हैमनम्, श्वो भवं शौवस्तिकम्, पुनःपुनर्भवं पौनःपुनिकम्।

### ৫৮। प्रतीच्योदीच्यतिरश्चीनाः।

প্রতীচ্য, উদীচ্য, তিরশ্চীন, এই তিন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, प्रतीचि भवं प्रतीच्यम्, उदीचि भवम् उदीच्यम्, तिरश्चि भवं तिरश्चीनम्।

### ৫৯। तत्र साधुः।

तत्र साधुः, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, सभायां साधुः सभ्यः, समाजे साधुः सामाजिकः, अतिथौ साधुः आतिथेयः, वेदे साधुः वैदिकः, संग्रामे साधुः सांग्रामिकः, संयुगे साधुः सांयुगीनः, वितण्डायां साधुः वैतण्डिकः, संकथायां साधुः सांकथिकः, संग्रहे साधुः सांग्रहिकः।

### ৬০। देये कालादवश्यम्भावे।

অবশ্যম্ভাব বুঝাইলে, দেয় অর্থে, কালবাচক প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, मासे देयं मासिकम्, वर्षे देयं वार्षिकम्, अब्दे देयम् आब्दिकम्, संवत्सरे देयं सांवत्सरिकम्, अग्रहायणे देयम् आग्रहायणिकम्, श्रावणे देयं श्रावणिकम्।

### ৬১। निर्वृत्ते च।

নির্বৃত্ত অর্থেও হয়। যথা, দিনেন নির্বৃত্তং দৈনিকম্, মাসেন নির্বৃত্তং মাসিকম্, বর্ষেণ নির্বৃত্তং বার্ষিকম্, সংবৎসরেণ নির্বৃত্তং সাংবৎসরীয়ং সাংবৎসরিকম্।

৬২। অহ্নোঽহ্নঃ।

অহন্‌শব্দস্থানে অহ্ন হয়। যথা, অহ্না নির্বৃত্তম্ আহ্নিকম্।

৬৩। ব্যাপ্তৌ চ।

ব্যাপ্তি অর্থেও হয়। যথা, দিনং ব্যাপ্য স্থিতং দৈনিকম্, মাসং ব্যাপ্য স্থিতং মাসিকম্, বর্ষং ব্যাপ্য স্থিতং বার্ষিকম্, চতুরো মাসান্ ব্যাপ্য স্থিতং চাতুর্মাস্যম্।

৬৪। বয়সি চ।

বয়স্ অর্থেও হয়। যথা, দ্বে বর্ষে অস্য বয়ঃ দ্বিবর্ষীণঃ, দ্বিবর্ষীয়ঃ, দ্বিবার্ষিকঃ, দ্বিবর্ষঃ; পঞ্চ বর্ষাণ্যস্য বয়ঃ পঞ্চবর্ষীণঃ, পঞ্চবর্ষীয়ঃ, পঞ্চবার্ষিকঃ, পঞ্চবর্ষঃ; ষোড়শ বর্ষাণ্যস্য বয়ঃ ষোড়শবর্ষীণঃ, ষোড়শবর্ষীয়ঃ, ষোড়শবার্ষিকঃ, ষোড়শবর্ষঃ।

৬৫। তত আগতঃ।

তত আগতঃ, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, মথুরায়া আগতঃ মাথুরঃ, নগরাদাগতঃ নাগরিকঃ, আপণাদাগতঃ আপণিকঃ, উপাধ্যায়াদাগতম্ ঔপাধ্যায়কম্, পিতামহাদাগতং পৈতামহকম্, মাতুরাগতম্ মাতৃকম্, সবিতুরাগতং সাবিত্রম্, ভ্রাতুরাগতং ভ্রাতৃকম্, পিতুরাগতং পৈতৃকং পিত্র্যম্, স্ত্রিয়া আগতং স্ত্রৈণম্, পুংস আগতং পৌংস্নম্।

৬৬। তদর্হতি।

তদ্ অর্হতি, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, শতমর্হতি শতিকঃ, সহস্রমর্হতি

वार्हस्तिकः, छेदमर्हति छेद्यः, भेदमर्हति भेद्यः, दण्डमर्हति दण्ड्यः, अर्घमर्हति अर्घ्यः, वधमर्हति वध्यः, यज्ञमर्हति यज्ञियः, दक्षिणामर्हति दक्षिणीयः दक्षिण्यः।

৬৭। तस्मादनपेतम्।

तस्मात् अनपेतम्, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, धर्म्मादनपेतं धर्म्म्यम्, न्यायादनपेतं न्याय्यम्, अर्थादनपेतं अर्थ्यम्, पथोऽनपेतं पथ्यम्, शास्त्रादनपेतं शास्त्रीयम्, विधेरनपेतं वैधम्।

৬৮। तस्येदम्।

तस्य इदम्, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, विष्णोरिदं वैष्णवम्, शिवस्येदं शैवम्, जनपदस्येदं जानपदम्, तस्येदं तदीयम्, एतस्येदम् एतदीयम्, देवस्येदं दैवम्, असुरस्येदम् आसुरम्, सम्राज इदं साम्राज्यम्, इन्द्रस्येदम् ऐन्द्रम्, महेन्द्रस्येदं माहेन्द्रम्, मनस इदं मानसम्, शरीरस्येदं शारीरम्, पितुरिदं पित्र्यम्, गोरिदं गव्यम्, महिषस्येदं माहिषम्, वेणोरिदं वैणवम्, पलाशस्येदं पालाशम्, खदिरस्येदं खादिरम्, विल्वस्येदं वैल्वम्, मुञ्जानामिदं मौञ्जम्, स्त्रिया इदं स्त्रैणम्, पुंस इदं पौंस्नम्, गङ्गाया इदं गाङ्गम्, हिमवत इदं हैमवतम्, पशुपतेरिदं पाशुपतम्, शङ्करस्येदं शाङ्करम्, सूरस्येदं सौरम्, चन्द्रस्येदं चान्द्रम्, वेदस्येदं वैदिकम्, उपनिषद इदम् औपनिषदम्, पृथिव्या इदं पार्थिवम्, जलस्येदं जलीयम्, तेजस इदं तैजसम्, वायोरिदं वायवीयम्, शम्भोरिदं शाम्भवम्, कुरोरिदं कौरवम्, न्यङ्कोरिदं नैयङ्कवं न्याङ्कवम्, श्वापदस्येदं शौवापदं श्वापदम्, भरतस्येदं भारतम्, भारतवर्षस्येदं भारतवर्षीयम्, युष्माकमिदं युष्मदीयम्, अस्माकमिदम् अस्मदीयम्।

৬৯। त्वन्मदावेकवचने।

একবচনে যুষ্মদ্‌স্থানে ত্বদ্ ও অস্মদ্‌স্থানে মদ্ হয়। যথা, तव इदं त्वदीयम्, मम इदं मदीयम्।

৭০। युष्माकास्माकौ षीनषणोः।

ষীন ও ষণ্ প্রত্যয় পরে, যুষ্মদ্‌স্থানে যুষ্মাক ও অস্মদ্‌স্থানে অস্মাক হয়। যথা, युष्माकमिदं यौष्माकीणं यौष्माकम्, अस्माकमिदम् आस्माकीनम् आस्माकम्।

৭১। तवकममकावेकवचने।

একবচনে তবক ও মমক হয়। যথা, तव इदं तावकीनं तावकम्, मम इदं मामकीनं मामकम्।

৭২। परादेः कन् षीयणि।

ষীয়ণ্ প্রত্যয় হইলে, পর, স্ব, রাজন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর কন্ হয়, ন ইৎ, ক থাকে। যথা, परस्येदं परकीयम्। স্বশব্দের উত্তর বিকল্পে। যথা, स्वस्येदं स्वकीयं स्वीयम्।

৭৩। सौर सारव स्वायम्भुवाः।

সৌর, সারব, ও স্বায়ম্ভুব নিপাতনে সিদ্ধ হয়। যথা, सूर्य्यस्येदं सौरं दिनम्, सरय्वा इदं सारवं जलम्, स्वयम्भोरिदं स्वायम्भुवं धाम।

৭৪। भवदीयान्यदीयौ।

ভবদীয় ও অন্যদীয় নিপাতনে সিদ্ধ হয়। যথা, भवत इदं भवदीयम्, अन्यस्येदम् अन्यदीयम्।

৭৫। तस्य विकारः।

तस्य विकारः, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত

প্রত্যয় সকল হয়। যথা, সুবর্ণস্য বিকারঃ সৌবর্ণঃ, রজতস্য বিকারঃ রাজতঃ, সীসস্য বিকারঃ সৈসঃ, দারোর্বিকারঃ দারবঃ, দেবদারোর্বিকারঃ দৈবদারবঃ, পয়সাং বিকারঃ পায়সঃ, অগ্নেঃ বিকারঃ আগ্নেয়ঃ, মুদ্গস্য বিকারঃ মৌদ্গঃ, ইক্ষোর্বিকারঃ ঐক্ষবঃ, গুড়স্য বিকারঃ গৌড়ঃ, পিষ্টস্য বিকারঃ পৈষ্টঃ, তিলস্য বিকারঃ তৈলম্।

১৬। তদস্য পথ্যম্।

তৎ অস্য পথ্যম্, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, লবণমস্য পথ্যং লাবণিকঃ, তৈলমস্য পথ্যং তৈলিকঃ, অপূপা অস্য পথ্যম্ আপূপিকঃ, তণ্ডুলমস্য পথ্যং তাণ্ডুলিকঃ, মোদকা অস্য পথ্যং মৌদকিকঃ, উশীরমস্য পথ্যম্ ঔশীরিকঃ, তাম্বূলমস্য পথ্যং তাম্বূলিকঃ।

১৭। তদস্য প্রহরণম্।

তৎ অস্য প্রহরণম্, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ধনুরস্য প্রহরণং ধানুষ্কঃ, অসিঃ অস্য প্রহরণম্ আসিকঃ, প্রাসোঽস্য প্রহরণং প্রাসিকঃ, পরশ্বধম্ অস্য প্রহরণং পারশ্বধিকঃ, পরশুরস্য প্রহরণং পারশবিকঃ, তরবারিরস্য প্রহরণং তারবারিকঃ, শক্তিরস্য প্রহরণং শাক্তীকঃ, যষ্টিরস্য প্রহরণং যাষ্টীকঃ।

১৮। তদস্য প্রয়োজনম্।

তৎ অস্য প্রয়োজনম্, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, স্বর্গঃ প্রয়োজনমস্য স্বর্গ্যম্, যশঃ প্রয়োজনমস্য যশস্যম্, আয়ুঃ প্রয়োজনমস্য আয়ুষ্যম্, কামঃ প্রয়োজনমস্য কাম্যম্, গৃহপ্রবেশনং প্রয়োজনমস্য গৃহপ্রবেশনীয়ম্, অনু-

प्रवचनं प्रयोजनमस्य अनुप्रवचनीयम्, संवेशनं प्रयोजनमस्य संवेश-नीयम्।

৭৯। तदस्य शीलम्।

तत् अस्य शीलम्, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, तपोऽस्य शीलं तापसः, गुरोः दोषाख्यानावरणं छत्रम् छत्रमस्य शीलं छात्रः, शिक्षास्य शीलं शैक्षः, प्ररोहोऽस्य शीलं प्रारोहः, चुरा अस्य शीलं चौरः।

৮০। तदस्य प्राप्तं कालात्।

तत् अस्य प्राप्तम्, এই অর্থে, কালবাচক প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, समयोऽस्य प्राप्तः साम-यिकः, कालोऽस्य प्राप्तः कालिकः, दिष्टोऽस्य प्राप्तः दैष्टिकः, ऋतुरस्य प्राप्तः आर्त्तवः।

৮১। अधिकृत्य कृतं ग्रन्थे।

গ্রন্থ বুঝাইলে, अधिकृत्य कृतम्, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, राममधिकृत्य कृतम् रामायणम्, भगवन्तमधिकृत्य कृतं भागवतम्, भरतानधिकृत्य कृतं भारतम्, वाक्यं पदञ्चाधिकृत्य कृतं वाक्यपदीयम्, राघवान् पाण्डवांश्चाधिकृत्य कृतं राघवपाण्डवीयम्, किरातमर्जुनञ्चाधि-कृत्य कृतं किरातार्जुनीयम्, अनुशासनमधिकृत्य कृतम् आनु-शासनिकम्, अश्वमेधमधिकृत्य कृतम् आश्वमेधिकम्, आश्रम-वासमधिकृत्य कृतं आश्रमवासिकम्, मुषलमधिकृत्य कृतं मौषलम्, महाप्रस्थानमधिकृत्य कृतं माहाप्रस्थानिकम्, स्वर्गारोहणम् अधिकृत्य कृतं स्वर्गारोहणिकम्।

৮২। तस्मै प्रभवति।

তস্মৈ প্রভবতি, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, সন্তাপায় প্রভবতি সান্তাপিকঃ, সন্নাহায় প্রভবতি সান্নাহিকঃ, সংগ্রামায় প্রভবতি সাংগ্রামিকঃ, সংঘাতায় প্রভবতি সাংঘাতিকঃ, উত্পাতায় প্রভবতি ঔত্পাতিকঃ।

৮৩। কার্ম্মুকং ধনুষি।

ধনু অর্থে, কার্ম্মুকশব্দনিপাতনে সিদ্ধ হয়। যথা, কর্ম্মণে প্রভবতি কার্ম্মুকং ধনুঃ।

৮৪। তস্মৈ হিতম্।

তস্মৈ হিতম্, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, যজ্ঞায় হিতং যজ্ঞিয়ম্, অধ্বরায় হিতম্ অধ্বরীয়ম্, ব্রহ্মণে হিতং ব্রাহ্মণ্যম, বিশ্বজনেভ্যো হিতং বিশ্বজনীনম্, সর্ব্বজনেভ্যো হিতম্ সার্ব্বজনীনম্।

৮৫। কালে নক্ষত্রাত্তদ্যোগে।

কাল ও নক্ষত্রযোগ বুঝাইলে, নক্ষত্রবাচক প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, বিশাখয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ বৈশাখঃ, রাধয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ রাধঃ, জ্যেষ্ঠয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ জ্যৈষ্ঠঃ, আষাঢ়য়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ আষাঢ়ঃ, শ্রবণয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ শ্রাবণঃ শ্রাবণিকঃ, ভদ্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রঃ, ভদ্রপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রপদঃ, প্রোষ্ঠপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ প্রৌষ্ঠপদঃ, অশ্বিন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বিনঃ, অশ্বযুজা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বযুজঃ, কৃত্তিকয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ কার্ত্তিকঃ, কার্ত্তিকিকঃ, অগ্রহায়ণ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ অগ্রহায়ণঃ আগ্রহায়ণঃ আগ্রহায়ণিকঃ, মৃগয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গঃ, মৃগশীর্ষেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশীর্ষঃ, মৃগশিরসা

नक्षत्रेण युक्तो मासः मार्गशिरसः, मघया नक्षत्रेण युक्तो मासः माघः, फल्गुन्या नक्षत्रेण युक्तो मासः फाल्गुनः फाल्गुनिकः, चित्रया नक्षत्रेण युक्तो मासः चैत्रः चैत्रिकः।

৮৬। **यलोपस्तिष्यपुष्ययोः।**

তিষ্য ও পুষ্য শব্দের য লোপ হয়। যথা, तिष्येण नक्षत्रेण युक्तो मासः तैषः, पुष्येण नक्षत्रेण युक्तो मासः पौषः।

৮৭। **तद्वहति।**

तद् वहति, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, धुरं वहति धुर्य्यः धौरेयः, सर्व्वधुरां वहति सर्व्वधुरीणः, चतुर्धुरां वहति चतुर्धुरीणः, हलं वहति हालिकः, सीरं वहति सैरिकः, रथं वहति रथ्यः, युगं वहति युग्यः, शकटं वहति शाकटः।

৮৮। **तेन जीवति।**

तेन जीवति, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, वेतनेन जीवति वैतनिकः, वाहनेन जीवति वाहनिकः, जालेन जीवति जालिकः, उपदेशेन जीवति औपदेशिकः, धनुषा जीवति धानुषिकः, क्रयविक्रयाभ्यां जीवति क्रयविक्रयिकः, आयुधेन जीवति आयुधिकः आयुधीयः, वागुरया जीवति वागुरिकः, नावा जीवति नाविकः, व्यवहारेण जीवति व्यवहारिकः।

৮৯। **तदस्मिन् दीयते।**

तद् अस्मिन् दीयते, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, द्वावस्मिन् वृद्धिः आयः लाभः शुल्कम् उपदा वा दीयते द्विकं शतम्, त्रिकं शतम्, चतुष्कं शतम्, पञ्चकं शतम्। বৃদ্ধি প্রভৃতির দানস্থলেই হইয়া থাকে।

## ৯০। तादर्थ्ये।

তাদর্থ্য বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, पादार्थमुदकं पाद्यम्, अर्घार्थमुदकम् अर्घ्यम्, बलये इदं बालेयम्, अतिथये इदम् आतिथ्यम्, अग्निदेवतायै इदम् आग्निदैवत्यम्, पितृदेवतायै इदं पितृदैवत्यम्।

## ৯১। स्वार्थे।

স্বার্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। প্রত্যয় হইলে প্রাতিপদিকের অর্থের বৈলক্ষণ্য ঘটে না, পূর্ব্ব অর্থই অবিকৃত থাকে। যথা, बन्धुरेव बान्धवः, चोर एव चौरः, चण्डाल एव चाण्डालः, मन एव मानसम्, देवतैव दैवतम्, प्रज्ञ एव प्राज्ञः, कुतकमेव कौतुकम्, कुतूहलमेव कौतूहलम्, मरुदेव मारुतः, रक्ष एव राक्षसः, भेषजमेव भैषज्यम्, इतिहैव ऐतिह्यम्, त्रिलोकी एव त्रैलोक्यम्, करुणा एव कारुण्यम्, द्विगुणावेव द्वैगुण्यम्, त्रिगुणा एव त्रैगुण्यम्, षड्गुणा एव षाड्गुण्यम्, चत्वारो वर्णा एव चातुर्वर्ण्यम्, सेना एव सैन्यम्, सन्निधिरेव सान्निध्यम्, समीपमेव सामीप्यम्, उपमा एव औपम्यम्, सुखमेव सौख्यम्, सोदर एव सोदर्य्यः, एक एव एककः, अत्यय एव आत्ययिकः, सूर एव सूर्य्यः, मर्त्त एव मर्त्त्यः, समानमेव सामान्यम्, याव एव यावकः, बाल एव बालकः, नौरेव नौका, नवमेव नव्यम् नवीनम्, वागेव वाचिकं सन्देशवचनम्।

## ৯২। देवात्तल्।

স্বার্থে দেবশব্দের উত্তর তল্‌প্রত্যয় হয়। যথা, देव एव देवता।

## ৯৩। भाग रूप नामभ्यो धेयः।

স্বার্থে ভাগ, রূপ, নামন্‌, এই তিন প্রাতিপদিকের উত্তর ধেয় প্রত্যয় হয়। যথা, भाग एव भागधेयः, नामैव नामधेयम्।

৯৪। मृदस्तिकन् ।

স্বার্থে, মৃদ্‌শব্দের উত্তর তিকন্‌প্রত্যয় হয়। যথা, मृदेव मृत्तिका ।

৯৫। सस्नौ प्रशंसायाम् ।

প্রশংসা বুঝাইলে, স্বার্থে, মৃদ্‌শব্দের উত্তর স ও স্ন প্রত্যয় হয়। যথা, प्रशस्ता मृत् मृत्सा, मृत्स्ना ।

৯৬। नूत्ननूतनौ ।

নূত্ন ও নূতন নিপাতনে সিদ্ধ হয়। যথা, नवमेव नूत्नं, नूतनम् ।

৯৭। औपयिकञ्च ।

ঔপয়িক নিপাতনে সিদ্ধ হয়। যথা, उपाय एव औपयिकः ।

৯৮। सोऽस्य निवासोऽभिजनो वा ।

सः अस्य निवासः (২৮), सः अस्याभिजनः (২৯), এই দুই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, मथुरा अस्य निवासः माथुरः, मिथिला अस्य निवासः मैथिलः, कम्बोजोऽस्य निवासः काम्बोजः, काश्मीरोऽस्य निवासः काश्मीरः, गन्धारोऽस्य निवासः गान्धारः, कलिङ्गोऽस्य निवासः कालिङ्गः, उत्कलोऽस्य निवासः औत्कलः, सिन्धुरस्य निवासः सैन्धवः, तक्षशिलाऽस्य निवासः ताक्षशिलः, विदेहोऽस्य निवासः वैदेहः, पञ्चालोऽस्य निवासः पाञ्चालः, मगधोऽस्य निवासः मागधः, अयोध्या अस्य निवासः आयोध्यिकः, मद्रोऽस्य निवासः माद्रः, अङ्गोऽस्य निवासः आङ्गः, वङ्गोऽस्य निवासः वाङ्गः। অভিজন অর্থেও এই রূপ। যথা, गन्धारोऽस्याभिजनः गान्धारः ইত্যাদি।

---

(২৮) निवासो नाम यत्र सम्प्रत्युष्यते ।

(২৯) अभिजनो नाम यत्र पूर्व्वैरुषितम् ।

৯৯। লোপো বহুবচনে।

বহু বচনে, নিবাস ও অভিজন অর্থে বিহিত প্রত্যয়ের লোপ হয়। যথা, অঙ্গ এষাং নিবাসঃ অঙ্গাঃ, বঙ্গ এষাং নিবাসঃ বঙ্গাঃ, কলিঙ্গ এষাং নিবাসঃ কলিঙ্গাঃ, বিদেহ এষাং নিবাসঃ বিদেহাঃ, উৎকল এষাং নিবাসঃ উৎকলাঃ, কাম্বোজ এষাং নিবাসঃ কাম্বোজাঃ, মগধ এষাং নিবাসঃ মগধাঃ, পঞ্চাল এষাং নিবাসঃ পঞ্চালাঃ, কশ্মীর এষাং নিবাসঃ কশ্মীরাঃ।

১০০। ন স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে হয় না। যথা, মগধ আসাং নিবাসঃ মাগধ্যঃ, পঞ্চাল আসাং নিবাসঃ পাঞ্চাল্যঃ, বিদেহ আসাং নিবাসঃ বৈদেহ্যঃ, কলিঙ্গ আসাং নিবাসঃ কালিঙ্গ্যঃ।

১০১। সোঽস্য রাজেত্যেবম্।

সঃ অস্য রাজা, এই অর্থেও এইরূপ; অর্থাৎ, সোঽস্য নিবাসঃ, সোঽস্যাভিজনঃ, এই দুই অর্থে যে প্রত্যয় ও কার্য্য হয়, সোঽস্য রাজা, এই অর্থেও সেইরূপ হয়। যথা, কশ্মীরস্য রাজা কাশ্মীরঃ, কলিঙ্গস্য রাজা কালিঙ্গঃ, বিদেহস্য রাজা বৈদেহঃ, পঞ্চালস্য রাজা পাঞ্চালঃ, মগধস্য রাজা মাগধঃ, নিষধস্য রাজা নৈষধঃ। বহুবচনে—কশ্মীরাঃ, কলিঙ্গাঃ, বিদেহাঃ, পঞ্চালাঃ, মগধাঃ, নিষধাঃ।

১০২। তস্য ভাবঃ।

তস্য ভাবঃ, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়। যথা, কুমারস্য ভাবঃ কৌমারম্, মিত্রোর্ভাবঃ মৈত্রম্, বৃদ্ধস্য ভাবঃ বার্দ্ধকম্, স্থবিরস্য ভাবঃ স্থাবিরম্, গুরোঃ ভাবঃ গৌরবম্, লঘোর্ভাবঃ লাঘবম্, সুহৃদ ভাবঃ সৌহৃদম্, ঋজোঃ ভাবঃ আর্জবম্, মৃদোর্ভাবঃ মার্দবম্, পটোর্ভাবঃ পাটবম্, সুরভেঃ

ভাবঃ সৌরভম্, রমণীয়স্য ভাবঃ রামণীয়কম্, কমনীয়স্য ভাবঃ কামনীয়কম্, স্থিরস্য ভাবঃ স্থৈর্য্যম্, ধীরস্য ভাবঃ ধৈর্য্যম্, গম্ভীরস্য ভাবঃ গাম্ভীর্য্যম্, কৃশস্য ভাবঃ কার্শ্যম্, জড়স্য ভাবঃ জাড্যম্, শীতস্য ভাবঃ শৈত্যম্, উষ্ণস্য ভাবঃ ঔষ্ণ্যম্, দৃঢ়স্য ভাবঃ দার্ঢ্যম্, মন্দস্য ভাবঃ মান্দ্যম্, সুভগস্য ভাবঃ সৌভাগ্যম্, দুর্ভগস্য ভাবঃ দৌর্ভাগ্যম্, মধুরস্য ভাবঃ মাধুর্য্যম্ মাধুরী, মূর্খস্য ভাবঃ মৌর্খ্যম্, বিষমস্য ভাবঃ বৈষম্যম্, সমস্য ভাবঃ সাম্যম্, কাতরস্য ভাবঃ কাতর্য্যম্, কর্কশস্য ভাবঃ কার্কশ্যম্, বালস্য ভাবঃ বাল্যম্, শুক্লস্য ভাবঃ শৌক্ল্যম্, সুমনসো ভাবঃ সৌমনস্যম্, দুর্ম্মনসো ভাবঃ দৌর্ম্মনস্যম্, বিমনসো ভাবঃ বৈমনস্যম্, প্রবীণস্য ভাবঃ প্রাবীণ্যম্, উদাসীনস্য ভাবঃ ঔদাসীন্যম্, কৃপণস্য ভাবঃ কার্পণ্যম্, মধ্যস্থস্য ভাবঃ মাধ্যস্থ্যম্, উদারস্য ভাবঃ ঔদার্য্যম্, বিগুণস্য ভাবঃ বৈগুণ্যম্, সুজনস্য ভাবঃ সৌজন্যম্, স্থূলস্য ভাবঃ স্থৌল্যম্, অধিকস্য ভাবঃ আধিক্যম্।

১০৩। তস্য ভাবঃ কর্ম্ম চ।

তস্য ভাবঃ, তস্য কর্ম্ম, এই দুই অর্থে, প্রাতিপদিকের উত্তর, যথাসম্ভব, উক্ত প্রত্যয় সকল হয়; যথা, ব্রাহ্মণস্য ভাবঃ কর্ম্ম বা ব্রাহ্মণ্যম্, চোরস্য ভাবঃ কর্ম্ম বা চৌর্য্যম্, অলসস্য ভাবঃ কর্ম্ম বা আলস্যম্, সেনাপতের্ভাবঃ কর্ম্ম বা সৈনাপত্যম্, অধিপতের্ভাবঃ কর্ম্ম বা আধিপত্যম্, সখ্যুর্ভাবঃ কর্ম্ম বা সখ্যম্, শূরস্য ভাবঃ কর্ম্ম বা শৌর্য্যম্, বীরস্য ভাবঃ কর্ম্ম বা বীর্য্যম্, দূতস্য ভাবঃ কর্ম্ম বা দূত্যং দৌত্যম্, পুরোহিতস্য ভাবঃ কর্ম্ম বা পৌরোহিত্যম্, সুহিতস্য ভাবঃ কর্ম্ম বা সৌহিত্যম্, সারথের্ভাবঃ কর্ম্ম বা সারথ্যম্, আস্তিকস্য ভাবঃ কর্ম্ম বা আস্তিক্যম্, নাস্তিকস্য ভাবঃ কর্ম্ম বা নাস্তিক্যম্, পণ্ডিতস্য ভাবঃ কর্ম্ম বা পাণ্ডিত্যম্,

বণিজো ভাবঃ কর্ম্ম বা বাণিজ্যম্, শুচের্ভাবঃ কর্ম্ম বা শৌচম্, অশুচের্ভাবঃ কর্ম্ম বা আশৌচম্, মুনের্ভাবঃ কর্ম্ম বা মৌনম্, অকুশলস্য ভাবঃ কর্ম্ম বা আকৌশলম্, অনুকূলস্য ভাবঃ কর্ম্ম বা আনুকূল্যম্, প্রতিকূলস্য ভাবঃ কর্ম্ম বা প্রাতিকূল্যম্, পুরুষস্য ভাবঃ কর্ম্ম বা পৌরুষম্, সুভ্রাতুর্ভাবঃ কর্ম্ম বা সৌভ্রাত্রম্, দুর্ভ্রাতুর্ভাবঃ কর্ম্ম বা দৌর্ভ্রাত্রম্, সুহৃদো ভাবঃ কর্ম্ম বা সৌহৃদম্, দুর্হৃদো ভাবঃ কর্ম্ম বা দৌর্হৃদম্ অনৃশংসস্য ভাবঃ কর্ম্ম বা আনৃশংস্যম্, কুশলস্য ভাবঃ কর্ম্ম বা কৌশল্যং কৌশলম্, চপলস্য ভাবঃ কর্ম্ম বা চাপল্যং চাপলম্, নিপুণস্য ভাবঃ কর্ম্ম বা নৈপুণ্যং নৈপুণম্, পিশুনস্য ভাবঃ কর্ম্ম বা পৈশুন্যং পৈশুনম্, সহায়স্য ভাবঃ কর্ম্ম বা সাহায্যং সাহায়কম্, চতুরস্য ভাবঃ কর্ম্ম বা চাতুর্য্যং চাতুরী।

## ১০৪। ইতরেষ্বপি দৃশ্যন্তে।

ষিণ্ প্রভৃতি প্রত্যয় সকল অপত্য প্রভৃতি যে সকল অর্থে দর্শিত হইল, তদ্ভিন্ন নানা অর্থে দেখিতে পাওয়া যায়। কতিপয় স্থলে উদাহরণ দর্শিত হইতেছে। যথা, ধর্ম্মং চরতি ধার্ম্মিকঃ, বয়ং গতঃ বয়স্যঃ, পৃথিব্যা ঈশ্বরঃ পার্থিবঃ, সর্ব্বভূমেরীশ্বরঃ সার্ব্বভৌমঃ, চক্ষুষা গৃহ্যতে চাক্ষুষং রূপম্, শ্রবণেন গৃহ্যতে শ্রাবণঃ শব্দঃ, রসনয়া গৃহ্যতে রাসনো রসঃ, ত্বচা গৃহ্যতে ত্বাচঃ স্পর্শঃ, চক্ষুষা নিষ্পন্নং চাক্ষুষং প্রত্যক্ষম্, শ্রবণেন নিষ্পন্নং শ্রাবণম্, রসনয়া নিষ্পন্নং রাসনম্, ত্বচা নিষ্পন্নং ত্বাচম্, পারং গতবান্ পারীণঃ, পারাবারং গতবান্ পারাবারীণঃ, অর্থেন ক্রীতঃ আর্থঃ, বিদ্যয়া লব্ধং বৈদ্যম্, বিদ্যায়াং কুশলঃ বৈদ্যঃ, ক্লিশা জিতঃ ক্লৈণঃ, দ্বারে নিযুক্তঃ দৌবারিকঃ, ভাণ্ডাগারে নিযুক্তঃ ভাণ্ডাগারিকঃ, হিমবতঃ প্রভবতি হৈমবতী গঙ্গা, বিদূরাৎ প্রভবতি

वैदूर्य्ये मणिः, रथेन सञ्चरते रथिकः, अश्वेन सञ्चरते आश्विकः, शकुनीन् हन्ति शाकुनिकः, शकुन्तान् हन्ति शाकुन्तिकः, सहसा वर्त्तते साहसिकश्चौरः, जलेन वर्त्तते जलीयो मत्स्यः, अनुकूलं वर्त्तते आनुकूलिकः, प्रतिकूलं वर्त्तते प्रातिकूलिकः, नावा तार्य्या नाव्या नदी, वयसा तुल्यः वयस्यः, तुलया सम्मितं तुल्यम्, गृहपतिना संयुक्तः गार्हपत्योऽग्निः, समाने तीर्थे गुरौ वसति सतीर्थ्यः, समाने उदरे शयितः समानोदर्य्यः, अग्रे दीयते अग्रियम्, लोके विदितः लौकिकः, सर्व्वलोके विदितः सार्व्वलौकिकः, नित्यं क्रियते दीयते वा नैत्यं नैत्यकं नैत्यिकम्, निमित्तेन क्रियते दीयते वा नैमित्तिकम्, प्रवेशने दीयते प्रावेशनं प्रावेशनिकम्, सर्व्वाङ्गानि व्याप्नोति सर्व्वाङ्गीनस्तापः, आप्रपदं प्राप्नोति आप्रपदीनः पटः, अनुपदं बद्धा अनुपदीना उपानत्, अभ्यमित्रं सम्यक् गच्छति अभ्यमित्रीयः, सप्तभिः पदैरवाप्यते साप्तपदीनं सख्यम्, इन्द्रस्य आत्मनो लिङ्गम् इन्द्रियम्, कुशाग्रमिव कुशाग्रीया बुद्धिः ; काकतालमिव (৩০) काकतालीयम्, प्राक् सम्भूतः प्राचीनः, अवाक् सम्भूतः अवाचीनः, सुस्नातं पृच्छति सौस्नातिकः, सुखशयनं पृच्छति सौखशायनिकः, परदारान् गच्छति पारदारिकः, याचितेन निर्वृत्तं याचितकम्, अर्थं गृह्णाति आर्थिकः, आपणस्य धर्म्म्यम् आपणिकम्, नरस्य धर्म्म्या नारी, वातस्य शमनं कोपनं वा वातिकम्, पित्तस्य शमनं कोपनं वा पैत्तिकम्, सन्निपातस्य शमनं कोपनं वा सान्निपातिकम्, अस्ति परलोक इति मतिर्यस्य आस्तिकः, नास्ति परलोक इति मतिर्यस्य नास्तिकः, अस्ति दिष्टमिति मतिर्यस्य दैष्टिकः, आमलक्याः फलम् आमलकम्, बदर्य्याः फलं बदरम्, अश्वत्थस्य फलम् आश्वत्थम्, न्यग्रोधस्य फलं नैयग्रोधम्।

(৩০) काकागमनमिव तालपतनमिव काकतालम्।

১০৫। লোপঃ ক্বচিৎ প্রত্যয়স্য।

কোনও কোনও স্থলে, প্রত্যয়ের লোপ হয়। যথা, ব্রীহীণাং ফলানি ব্রীহয়ঃ, যবানাং ফলানি যবাঃ, মাষাণাং ফলানি মাষাঃ, মল্লিকায়াঃ পুষ্পং মল্লিকা, মালত্যাঃ পুষ্পং মালতী, করবীরস্য পুষ্পং করবীরম্, পাটলস্য পুষ্পং পাটলম্, জাত্যাঃ পুষ্পং জাতী, যূথ্যাঃ পুষ্পং যূথী।

১০৬। জম্বা বিভাষা।

জম্বুশব্দের উত্তর বিকল্পে। যথা, জম্ব্বাঃ ফলম্ জম্বু, জাম্ববম্।

১০৭। হৈয়ঙ্গবীনাদ্যশ্বীনৌ।

হৈয়ঙ্গবীন ও অদ্যশ্বীন নিপাতনে সিদ্ধ হয়। যথা, হ্যো গোদোহাদ্ ভবতি, হৈয়ঙ্গবীনম্, অদ্য শ্বো বা ঘটতে অদ্যশ্বীনং মরণম্, অদ্যশ্বীনো বিয়োগঃ, অদ্য শ্বো বা প্রসূতে অদ্যশ্বীনা স্ত্রী।

১০৮। পান্থসাক্ষিবার্দ্ধুষিকাঃ।

পান্থ, সাক্ষিন্, ও বার্দ্ধুষিক নিপাতনে সিদ্ধ হয়। যথা, পথি কুশলঃ পান্থঃ, সাক্ষাদ্ দ্রষ্টা সাক্ষী, বৃদ্ধ্যা জীবতি বার্দ্ধুষিকঃ।

১০৯। আমুষ্মিকামুষ্যায়ণৌ।

ষিকণ্ ও ষ্যায়নণ্ প্রত্যয় সহিত অদস্‌শব্দস্থানে আমুষ্মিক ও আমুষ্যায়ণ, এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, অমুষ্মিন্ (পরলোকে) স্থিতম্ আমুষ্মিকম্, অমুষ্য (অমুকস্য) পুত্রঃ আমুষ্যায়ণঃ।

১১০। পৌনঃপুন্যম্।

পৌনঃপুন্য নিপাতনে সিদ্ধ হয়। যথা, পুনঃ পুনর্ভবনং করণং বা পৌনঃপুন্যম্।

১১১। নস্য লোপোঽন্তস্থস্য।

তদ্ধিতপ্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত নকারের লোপ হয়। যথা, অগ্নিশর্ম্মণোঽপত্যম্ আগ্নিশর্ম্মিঃ, উডুলোম্নোঽপত্যম্ ঔডুলোমিঃ, রাজ্ঞাং সমূহঃ রাজকম্, হস্তিনাং সমূহঃ হাস্তিকম্, পথি কুশলঃ পথিকঃ, সর্ব্বকর্ম্মসু কুশলঃ সর্ব্বকর্ম্মীণঃ, নামৈব নামধেয়ম্, দ্বয়োরহ্নোর্ভবঃ দ্ব্যহ্নীনঃ, সাম বেত্তি অধীতে বা সামকঃ, আত্মন ইদম্ আত্মীয়ম্।

১১২। নানন্তস্য ষণি।

ষণ্ প্রত্যয় হইলে, অন্‌ভাগান্ত প্রাতিপদিকের নকারের লোপ হয় না। যথা, যূনো ভাবঃ যৌবনম্, মঘোন ইদং মাঘবনম্, যুনাং সমূহঃ যৌবনম্, পর্ব্বণি ক্রিয়তে দীয়তে বা পার্ব্বণম্, সামনি কুশলঃ সামনঃ, সুত্বন ইদং সৌত্বনম্, যজ্বনোঽপত্যং যাজ্বনঃ, চর্ম্মণা পরিবৃতঃ চার্ম্মণঃ, কর্ম্মণি যোক্তং কার্ম্মণঃ, অশ্মনো বিকারঃ আশ্মনঃ।

১১৩। যে চ ভাবকর্ম্মবর্জ্জং।

তদ্ধিতের য পরে থাকিলে, অন্‌ভাগান্ত প্রাতিপদিকের নকারের লোপ হয় না। যথা, সামনি সাধুঃ সামন্যঃ, ব্রহ্মণি সাধুঃ ব্রহ্মণ্যঃ, অধ্বনি সাধুঃ অধ্বন্যঃ, রাজনি সাধুঃ রাজন্যঃ, কর্ম্মণো প্রভবতি কর্ম্মণ্যঃ, মূর্দ্ধ্নি ভবঃ মূর্দ্ধন্যঃ। কর্ম্ম ও ভাব অর্থে নকারের লোপ হয়। যথা, রাজ্ঞো ভাবঃ কর্ম্ম বা রাজ্যম্।

১১৪। নাধ্বাত্মনোর্খীনে।

খীনপ্রত্যয় হইলে, অধ্বন্, আত্মন্, এই দুই প্রাতিপদিকের নকারের লোপ হয় না। যথা, অধ্বনি সাধুঃ অধ্বনীনঃ, আত্মনে হিতম্ আত্মনীনম্।

১১৫। মনন্তস্যাপত্যঘণি।

অপত্যার্থে বিহিত ষণ্ প্রত্যয় পরে, থাকিলে, মন্ভাগান্ত প্রাতি-পদিকের নকারের লোপ হয়। যথা, সুষাম্নোঽপত্যং সৌষামঃ, দুর্য্যাম্নোঽপত্যং দৌর্য্যামঃ, ক্রতনাম্নোঽপত্যং কার্ত্তনামঃ।

১১৬। বা হিতনাম্নঃ।

হিতনামন্, এই প্রাতিপদিকের বিকল্পে। যথা, হিতনাম্নোঽপত্যং হৈতনামঃ হৈতনামনঃ।

১১৭। হেমাশ্মনোর্বিকারে।

বিকারার্থবিহিত ষণ্ প্রত্যয় পরে, হেমন্, অশ্মন্, এই দুই প্রাতি-পদিকের নকারের লোপ হয়। যথা, হেম্নো বিকারঃ হৈমঃ, অশ্মনো বিকারঃ আশ্ম।

১১৮। চর্ম্মণঃ কোষে।

কোষ অর্থে, চর্ম্মনের নকারের লোপ হয়। যথা, চর্ম্মণো বিকারঃ চার্ম্মঃ কোষঃ।

১১৯। ব্রহ্মণোঽজাতৌ।

জাতি ভিন্ন অর্থে, ব্রহ্মন্‌শব্দের নকারের লোপ হয়। যথা, ব্রহ্মাস্য দেবতা ব্রাহ্মম্‌অস্ত্রম্, ব্রাহ্মং হবিঃ, ব্রাহ্মী ঔষধিঃ; ব্রহ্ম ভযাস্তে ব্রাহ্মঃ; ব্রহ্মণ ইযং ব্রাহ্মী তনুঃ। জাতি অর্থে হয় না। যথা, ব্রহ্মণোঽপত্যং ব্রাহ্মণঃ জাতিবিশেষঃ।

১২০। নেনন্তস্য ষণি।

ষণ্প্রত্যয় হইলে, ইন্ভাগান্ত প্রাতিপদিকের নকারের লোপ হয় না। যথা, বলিন ইদং বালিনম্, হলিন ইদং হালিনম্, মেধাবিন ইদং মৈধাবিনম্, স্রগ্বিণ ইদং স্রাগ্বিণম্। অপত্য অর্থে হয়। যথা, মেধাবিনোঽপত্যং মৈধাবঃ, মাযাবিনোঽপত্যং মাযাবঃ। গাথিন্

প্রভৃতির হয় না। যথা, গাথিনোঽপত্যং গাথিনঃ, কৌথিনোঽপত্যং কৌথিনঃ। ইন্ সৃৎযুক্ত বর্ণে মিলিত হইলে হয় না। যথা, স্রগ্বিণোঽপত্যং স্রাগ্বিণঃ, তপস্বিনোঽপত্যং তাপস্বিনঃ, চক্রিণঃ অপত্যং চাক্রিণঃ।

১২১। তস্য ভাবস্ত্বতলৌ।

তস্য ভাবঃ, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর ত্ব ও তল্ হয়, ল ইৎ, ত থাকে। ত্বপ্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ, তল্প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা, প্রভোর্ভাবঃ প্রভুত্বম্, প্রভুতা; ভীরোর্ভাবঃ ভীরুত্বম্, ভীরুতা; মনুষ্যস্য ভাবঃ মনুষ্যত্বম্, মনুষ্যতা; অমরস্য ভাবঃ অমরত্বম্, অমরতা; পশোর্ভাবঃ পশুত্বম্, পশুতা; শূরস্য ভাবঃ শূরত্বম্ শূরতা; কাতরস্য ভাবঃ কাতরত্বম্, কাতরতা; চপলস্য ভাবঃ চপলত্বম্, চপলতা; নাস্তিকস্য ভাবঃ নাস্তিকত্বম্, নাস্তিকতা; অলসস্য ভাবঃ অলসত্বম্, অলসতা; অন্ধস্য ভাবঃ অন্ধত্বম্, অন্ধতা; মূর্খস্য ভাবঃ মূর্খত্বম্, মূর্খতা; মূকস্য ভাবঃ মূকত্বম্, মূকতা; রাজ্ঞো ভাবঃ রাজত্বম্, রাজতা; যূনো ভাবঃ যুবত্বম্, যুবতা; ন্যূনস্য ভাবঃ ন্যূনত্বম্, ন্যূনতা।

১২২। বা নীলাদেরিমনিঃ।

তস্য ভাবঃ, এই অর্থে, নীল প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ইমনি হয়, ই ইৎ, ইমন্ থাকে; পক্ষে ত্ব ও তল্ হয়। ইমন্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ হয়। যথা, নীলস্য ভাবঃ নীলিমা, নীলত্বম্, নীলতা; পীতস্য ভাবঃ পীতিমা, পীতত্বম্, পীততা; রক্তস্য ভাবঃ রক্তিমা, রক্তত্বম্, রক্ততা; শুক্লস্য ভাবঃ শুক্লিমা, শুক্লত্বম্, শুক্লতা; বক্রস্য ভাবঃ বক্রিমা, বক্রত্বম্, বক্রতা; শীতস্য ভাবঃ শীতিমা, শীতত্বম্, শীততা; উষ্ণস্য ভাবঃ উষ্ণিমা, উষ্ণত্বম্, উষ্ণতা; জড়স্য ভাবঃ জড়িমা, জড়ত্বম্, জড়তা; মধুরস্য ভাবঃ মধুরিমা, মধুরত্বম্, মধুরতা।

১২৩। ओर्लोपोऽन्यस्य ।

ইমনিপ্রত্যয় হইলে, শব্দের অন্তেস্থিত উবর্ণের লোপ হয় (৩১)। যথা, लघोर्भावः लघिमा, लघुत्वम्, लघुता ; अणोर्भावः अणिमा, अणुत्वम्, अणुता ; तनोर्भावः तनिमा, तनुत्वम्, तनुता ; स्वादोर्भावः स्वादिमा, स्वादुत्वम्, स्वादुता ; पटोर्भावः पटिमा, पटुत्वम्, पटुता ; ऋजोर्भावः ऋजिमा, ऋजुत्वम्, ऋजुता ।

১৩৪। ऋतो रः पृथ्वादेः ।

ইমনি প্রত্যয় হইলে, পৃথু, মৃদু, দৃঢ়, কৃশ, ভৃশ, পরিবৃঢ়, এই সকল শব্দের ঋস্থানে র হয় (৩১)। যথা, पृथोर्भावः प्रथिमा, पृथुत्वम्, पृथुता ; मृदोर्भावः म्रदिमा, मृदुत्वम्, मृदुता ; दृढस्य भावः द्रढिमा, दृढत्वम्, दृढता ; कृशस्य भावः क्रशिमा, कृशत्वम्, कृशता ; भृशस्य भावः भ्रशिमा, भृशत्वम्, भृशता ; परिवृढस्य भावः परिव्रढिमा, परिवृढत्वम्, परिवृढता ।

১২৫। प्रिय महतोः प्र महौ ।

ইমনি প্রত্যয় হইলে, প্রিয়স্থানে প্র ও মহৎস্থানে মহ হয় (৩১)। যথা, प्रियस्य भावः प्रेमा, प्रियत्वम्, प्रियता ; महतो भावः महिमा, महत्त्वम्, महत्ता ।

১২৬। गुरु ह्रस्व दीर्घाणां गर ह्रस द्राघाः ।

ইমনি প্রত্যয় হইলে, গুরুস্থানে গর, হ্রস্বস্থানে হ্রস, ও দীর্ঘস্থানে দ্রাঘ হয় (৩১)। যথা, गुरोर्भावः गरिमा, गुरुत्वम्, गुरुता ; ह्रस्वस्य भावः ह्रसिमा, ह्रस्वत्वम्, ह्रस्वता ; दीर्घस्य भावः द्राघिमा, दीर्घत्वम्, दीर्घता ।

(৩১) ইষ্ঠ ও ঈয়স্ স্থলেও, এই সূত্রের কার্য্য হয়

## ১২৭। भूमा।

বহুশব্দের উত্তর ইমনি হইলে, ভূমন্ নিপাতনে সিদ্ধ হয়। যথা, बह्वोर्भावः भूमा।

## ১২৮। औपम्ये वतिच्।

সাদৃশ্য বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর বতিচ্ হয়, ই চ ইৎ, বৎ থাকে। যথা, चन्द्र इव मुखं चन्द्रवन्मुखम्, हिममिव शीतलम् हिमवत् शीतलम्, समुद्र इव गम्भीरः समुद्रवद्गम्भीरः, पर्व्वत इव उन्नतः पर्व्वतवदुन्नतः, ब्राह्मण इव अधीते ब्राह्मणवदधीते, क्षत्रिय इव युध्यति क्षत्रियवद्युध्यति, पितरमिव पूजयति पितृवत् पूजयत्युपाध्यायम्, पुत्त्रमिव स्निह्यति पुत्त्रवत् स्निह्यति शिष्यम्, दस्यु इव वसति दस्युवद्वसति वने, शय्यायामिव शेते शय्यावत् शेते भूतले, देवदत्तस्येव भवनम् देवदत्तवद्भवनं यज्ञदत्तस्य, रामस्येव पितृभक्तिः रामवत् पितृभक्तिर्भरतस्य, राजेव राजवत्, आत्मेव आत्मवत्।

## ১২৯। तेन वित्तश्चुञ्चुप्चणौ।

तेन वित्तः, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর চুঞ্চুপ্ ও চণ হয়। যথা, अर्थेन वित्तः अर्थचुञ्चुः, अर्थचणः; विद्यया वित्तः विद्याचुञ्चुः, विद्याचणः; ज्ञानेन वित्तः ज्ञानचुञ्चुः, ज्ञानचणः; मायया वित्तः मायाचुञ्चुः, मायाचणः; अस्त्रेण वित्तः अस्त्रचुञ्चुः, अस्त्रचणः; कर्म्मणा वित्तः कर्म्मचुञ्चुः, कर्म्मचणः।

## ১৩০। तदस्यास्मिन् वा संजातं तारकादिभ्य इतः।

तत् अस्य संजातम्, तत् अस्मिन् संजातम्, এই দুই অর্থে, প্রাতিপদিকের উত্তর ইত হয়। যথা, तारका अस्मिन् संजाता तारकितं नभः, पल्लवा अस्य संजाताः पल्लवितस्तरुः, फलानि

অস্য সংজাতানি ফলিতো বৃক্ষঃ, পুষ্পাণ্যস্যাঃ সংজাতানি পুষ্পিতা লতা, তরঙ্গা অস্যাঃ সংজাতাঃ তরঙ্গিতা নদী, উৎকণ্ঠা অস্মিন্ সংজাতা উৎকণ্ঠিতং মনঃ, অন্ধকারমস্মিন্ সংজাতম্ অন্ধকারিতং জগৎ, কলঙ্কোঽস্য সঞ্জাতঃ কলঙ্কিতশ্চন্দ্রঃ, কর্দমোঽস্মিন্ সংজাতঃ কর্দমিতঃ পন্থাঃ, পুলকান্যস্মিন্ সংজাতানি পুলকিতং শরীরম্, অঙ্কুরমস্য সংজাতম্ অঙ্কুরিতং ধান্যম্, ব্যাধিরস্য সংজাতঃ ব্যাধিতো মনুষ্যঃ, মঞ্জরী মঞ্জরিতঃ, কুড্মল কুড্মলিতঃ, স্তবক স্তবকিতঃ, কিসলয় কিসলয়িতঃ, মুকুল মুকুলিতঃ, কুবলয় কুবলয়িতঃ, কোরক কোরকিতঃ, নিদ্রা নিদ্রিতঃ, মুদ্রা মুদ্রিতঃ, বুভুক্ষা বুভুক্ষিতঃ, পিপাসা পিপাসিতঃ, সুখ সুখিতঃ, দুঃখ দুঃখিতঃ, প্রথ প্রথিতঃ, তিলক তিলকিতঃ, গর্ব্ব গর্ব্বিতঃ, হর্ষ হর্ষিতঃ, ক্ষুধ্ ক্ষুধা ক্ষুধিতঃ, সীমন্ত সীমন্তিতঃ, জ্বর জ্বরিতঃ, রোগ রোগিতঃ, রোমাঞ্চ রোমাঞ্চিতঃ, পণ্ডা পণ্ডিতঃ, কজ্জল কজ্জলিতঃ, তৃষ্ তৃষা তৃষিতঃ, কল্লোল কল্লোলিতঃ, শৈবল শৈবলিতঃ, কন্দল কন্দলিতঃ, বিম্ব বিম্বিতঃ, প্রতিবিম্ব প্রতিবিম্বিতঃ, মূর্চ্ছা মূর্চ্ছিতঃ, দীক্ষা দীক্ষিতঃ।

১৩১। প্রমাণে মাত্র দঘ্ন দ্বয়সটঃ।

পরিমাণ অর্থে, প্রাতিপদিকের উত্তর মাত্রট্, দঘ্নট্, ও দ্বয়সট্ প্রত্যয় হয়, ট ইৎ, মাত্র, দঘ্ন ও দ্বয়স থাকে। যথা, হস্তঃ প্রমাণমস্য হস্তমাত্রম্, হস্তদঘ্নম্, হস্তদ্বয়সম্; জানুঃ প্রমাণমস্য জানুমাত্রম্, জানুদঘ্নম্, জানুদ্বয়সম্; ঊরুঃ প্রমাণমস্য ঊরুমাত্রম্, ঊরুদঘ্নম্, ঊরুদ্বয়সম্; বিতস্তিঃ প্রমাণমস্য বিতস্তিমাত্রং, বিতস্তিদঘ্নম্, বিতস্তিদ্বয়সম্; তালপ্রমাণমস্য তালমাত্রম্, তালদঘ্নম্, তালদ্বয়সম্; গজঃ প্রমাণমস্য গজমাত্রম্, গজদঘ্নম্, গজদ্বয়সম্।

১৩২। যত্তদেতেভ্যঃ পরিমাণে বতুপ্।

পরিমাণ অর্থে, যদ্, তদ্, এতদ্, এই তিন প্রাতিপদিকের উত্তর বতুপ্ হয়, উ প ইৎ, বত্ থাকে।

১৩৩। **আ হ:।**

বতুপ্ হইলে, যদ্, তদ্, এতদ্, ইহাদের দ স্থানে আ হয়। যথা, **যত্ পরিমাণমস্য যাবান্, তত্ পরিমাণমস্য তাবান্, এতত্ পরিমাণমস্য এতাবান্।**

১৩৪। **কিমিদম্ভ্যাং বো ঘঃ।**

কিম্ ও ইদম্ শব্দের উত্তর বতুপ্ হইয়া, কিয়ৎ, ইয়ৎ, এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, **কিং পরিমাণমস্য কিয়ান্, ইদং পরিমাণমস্য ইয়ান্।**

১৩৫। **কিম: সংখ্যাপরিমাণে ডতি:।**

সংখ্যাপরিমাণ বুঝাইলে, কিম্‌শব্দের উত্তর ডতি হয়, ড ইৎ, অতি থাকে। যথা, **কা সংখ্যা পরিমাণমেষাং কতি।** কতিশব্দ বহুবচনান্ত।

১৩৬। **অবয়বে তয়প্ সংখ্যায়া:।**

অবয়ব অর্থে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর তয়প্ হয়, প ইৎ, তয় থাকে। যথা, **চত্বারোঽবয়বা অস্য চতুষ্টয়ম্, পঞ্চ অবয়বা অস্য পঞ্চতয়ম্, শতমবয়বা অস্য শততয়ম্, সহস্রমবয়বা অস্য সহস্রতয়ম্।**

১৩৭। **দ্বিত্রিভ্যাং তয়স্যায়জ্বা।**

অবয়ব অর্থে, দ্বি, ত্রি, এই দুই প্রাতিপদিকের উত্তর বিকল্পে অয়চ্ হয়, অ চ ইৎ, অয় থাকে; পক্ষে তয়প্। যথা, **দ্বৌ অবয়বৌ অস্য দ্বয়ং দ্বিতয়ম্, ত্রয়োঽবয়বা অস্য ত্রয়ং ত্রিতয়ম্।**

১৩৮। উভাদ্ যঃ।

অবয়ব অর্থে, উভ এই প্রাতিপদিকের উত্তর য হয়। যথা, উভৌ অবয়বৌ অস্য উভয়ম্।

১৩৯। তদস্মিন্নধিকমিতি দশান্তাড্ডঃ।

তত্ অস্মিন্ অধিকম্, এই অর্থে, দশন্‌ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ড হয়, ড ইৎ, অ থাকে। যথা, একাদশ অধিকা অস্মিন্ একাদশং শতম্, দ্বাদশং শতম্, ত্রয়োদশং শতম্, চতুর্দশং শতম্।

১৪০। শদন্ত বিংশতেশ্চ।

তত্ অস্মিন্ অধিকম্, এই অর্থে, শৎভাগান্ত ও বিংশতি শব্দের উত্তর ড হয়। যথা, ত্রিংশত্ অধিকা অস্মিন্ ত্রিংশং শতম্, চত্বারিংশং শতম্, পঞ্চাশং শতম্, একত্রিংশং শতম্, চতুশ্চত্বারিংশং শতম্, পঞ্চপঞ্চাশং শতম্; বিংশতিরধিকা অস্মিন্ বিংশং শতম্, একবিংশং শতম্, দ্বাবিংশং শতম্।

১৪১। সংখ্যায়াঃ পূরণে ডট্।

পূরণ অর্থে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ডট্ হয়, ড ট ইৎ অ থাকে। যথা, একাদশানাং পূরণঃ একাদশঃ, দ্বাদশঃ, ত্রয়োদশঃ, চতুর্দশঃ, পঞ্চদশঃ, ষোড়শঃ, সপ্তদশঃ, অষ্টাদশঃ।

১৪২। নান্তাদসংখ্যাদের্মট্।

পূরণ অর্থে, নকারান্ত সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর মট্ হয়, ট ইৎ, ম থাকে। যথা, পঞ্চানাং পূরণঃ পঞ্চমঃ, সপ্তানাং পূরণঃ সপ্তমঃ, অষ্টানাং পূরণঃ অষ্টমঃ, নবানাং পূরণঃ নবমঃ, দশানাং পূরণঃ দশমঃ। অন্য সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে হয় না। যথা, একাদশানাং পূরণঃ একাদশঃ, দ্বাদশঃ, ত্রয়োদশঃ।

১৪৩। ষুট্ চতুর্ ষষ্ কতিভ্যঃ।

পূরণ অর্থে, চতুর্, ষষ্, কতি, এই তিন প্রাতিপদিকের উত্তর থুট্ হয়, উ ট ইৎ, থ থাকে। যথা, চতুর্ণাং পূরণঃ চতুর্থঃ, ষণ্ণাং পূরণঃ ষষ্ঠঃ, কতীনাং পূরণঃ কতিথঃ (৩২)।

১৪৪। দ্বেস্তীয়ঃ।

পূরণ অর্থে, দ্বিশব্দের উত্তর তীয় হয়। যথা, দ্বয়োঃ পূরণঃ দ্বিতীয়ঃ।

১৪৫। তৃতীয় তুর্য্য তুরীয়াঃ।

পূরণ অর্থে, তৃতীয়, তুর্য্য, তুরীয়, নিপাতনে সিদ্ধ হয়। যথা, ত্রয়াণাং পূরণঃ তৃতীয়ঃ, চতুর্ণাং পূরণঃ তুর্য্যঃ, তুরীয়ঃ।

১৪৬। বিংশত্যাদেস্তমট্ বা।

পূরণ অর্থে, বিংশতি প্রভৃতি সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে তমট্ হয়, ট ইৎ, তম থাকে; পক্ষে ডট্। যথা, বিংশতেঃ পূরণঃ বিংশতিতমঃ, বিংশঃ; একবিংশতিতমঃ, একবিংশঃ; দ্বাবিংশতিতমঃ, দ্বাবিংশঃ; ত্রয়োবিংশতিতমঃ, ত্রয়োবিংশঃ; ত্রিংশত্তমঃ, ত্রিংশঃ; চত্বারিংশত্তমঃ, চত্বারিংশঃ; পঞ্চাশত্তমঃ, পঞ্চাশঃ।

১৪৭। নিত্যং শতাদেঃ।

শত প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য তমট্ হয়। যথা, শতস্য পূরণঃ শততমঃ, সহস্রস্য পূরণঃ সহস্রতমঃ, অযুতস্য পূরণঃ অযুততমঃ (৩৩)।

---

(৩২) কতিপয় শব্দের উত্তরও হয়। যথা, কতিপয়ানাং পূরণঃ কতিপয়থঃ।

(৩৩) মাস, অর্দ্ধমাস, সংবৎসর, এই তিনের উত্তরও হয়। যথা, মাসস্য পূরণঃ মাসতমঃ, অর্দ্ধমাসস্য পূরণঃ অর্দ্ধমাসতমঃ, সংবৎসরস্য পূরণঃ সংবৎসরতমঃ।

## ১৪৮। षष्ट्यादेश्चासंख्यादेः।

ষষ্টি প্রভৃতি সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর নিত্য তমট্ হয়। যথা, षष्टेः पूरणः षष्टितमः, सप्ततितमः, अशीतितमः, नवतितमः। অন্য সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে হয় না; তখন ১৪৬ সূত্রের অনুযায়ী কার্য্য হইবেক। যথা, एकषष्टेः पूरणः एकषष्टितमः, एकषष्टः; द्विषष्टितमः, द्विषष्टः।

## ১৪৯। बहु गण पूग संघेभ्यस्तिथुक्।

পূরণ অর্থে, বহু গণ, পূগ, সংঘ, এই কয় প্রাতিপদিকের উত্তর তিথুক্ হয়, উ ক ইৎ, তিথ থাকে। যথা, बहूनां पूरणः बहुतिथः, गणानां पूरणः गणतिथः, पूगानां पूरणः पूगतिथः, संघानां पूरणः संघतिथः।

## ১৫০। वतोरिथुक्।

পূরণ অর্থে, বতুপ্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ইথুক্ হয়, উ ক ইৎ, ইথ থাকে। যথা, यावतां पूरणः यावतिथः, तावतिथः, एतावतिथः, कियतिथः, इयतिथः।

## ১৫১। तदस्यास्मिन् वास्ति मतुप्।

तत् अस्य अस्ति, तत् अस्मिन् अस्ति, এই দুই অর্থে, প্রাতিপদিকের উত্তর মতুপ্ হয়, উ প ইৎ, মৎ থাকে। যথা, मतिरस्यास्ति मतिमान्, बुद्धिरस्यास्ति बुद्धिमान्, धीरस्यास्ति धीमान्, श्रीरस्यास्ति, श्रीमान्, अंशवोऽस्य सन्ति अंशुमान्, पिता अस्यास्ति पितृमान्, धनुरस्यास्ति धनुष्मान्, वपुरस्यास्ति वपुष्मान्, अग्निरस्मिन्नस्ति अग्निमान्, वायुरस्मिन्नस्ति वायुमान्, नद्योऽस्मिन् सन्ति नदीमान् देशः, गावोऽस्यां सन्ति गोमती शाला।

১৫২। **অবর্ণান্তান্মো বঃ।**

অবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, **জ্ঞানমস্যাস্তি জ্ঞানবান্, ধনমস্যাস্তি ধনবান্, বলম্ অস্যাস্তি বলবান্, বিদ্যা অস্যাস্তি বিদ্যাবান্, দয়া অস্যাস্তি দয়াবান্, ক্ষমা অস্যাস্তি ক্ষমাবান্।**

১৫৩। **অঙ ঞ ণ ন স্পর্শান্তাৎ।**

যে সকল প্রাতিপদিকের অন্তে ঙ, ঞ, ণ ন ভিন্ন স্পর্শবর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, **তড়িৎ অস্মিন্নস্তি তড়িত্বান্, বিদ্যুৎ অস্মিন্নস্তি বিদ্যুত্বান্।**

১৫৪। **অবর্ণোপধাৎ।**

যে সকল প্রাতিপদিকের উপধাস্থলে অবর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, **আত্মা অস্যাস্তি আত্মবান্, ভাসোঽস্য সন্তি ভাস্বান্।**

১৫৫। **মকারোপধাচ্চ।**

যে সকল প্রাতিপদিকের উপধাস্থলে ম থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয়। যথা, **লক্ষ্মীরস্যাস্তি লক্ষ্মীবান্, শমী অস্মিন্নস্তি শমীবান্।**

১৫৬। **ন যবাদেঃ।**

যব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম স্থানে ব হয় না। যথা, **যবমান্, ক্রুঞ্চামান্, বসামান্, দ্রাক্ষামান্, গরুত্মান্, হরিত্মান্, ককুদ্মান্, ঊর্ম্মিমান্, ভূমিমান্, কৃমিমান্।**

১৫৭। **উদন্বদাদয়ঃ সংজ্ঞায়াম্।**

মতুপ্প্রত্যয় হইলে, এবং সংজ্ঞা বুঝাইলে, উদন্বৎ প্রভৃতি শব্দ

নিপাতনে সিদ্ধ হয়। যথা, উদকমস্মিন্নস্তি উদন্বান্ সমুদ্রঃ, অন্যত্র উদকবান্; রাজা অস্মিন্নস্তি রাজন্বান্ শোভনরাজযুক্তো দেশঃ, অন্যত্র রাজবান্; চর্ম্ম অস্যামস্তি চর্ম্মণ্বতী নাম নদী, অন্যত্র চর্ম্মবতী; অস্থি অস্মিন্নস্তি অষ্ঠীবান্ জানুসন্ধিঃ, অন্যত্র অস্থিমান্; চক্রমস্যাস্তি চক্রীবান্ নাম রাজা, অন্যত্র চক্রবান্; কক্ষ্যা অস্যাস্তি কক্ষীবান্ নাম ঋষিঃ, অন্যত্র কক্ষ্যাবান্; লবণমস্মিন্নস্তি রুমণ্বান্ নাম পর্ব্বতঃ, অন্যত্র লবণবান্।

## ১৫৮। কুমুদ নড বেতস মহিষেভ্যো ড্বতুপ্।

কুমুদ, নড়, বেতস, মহিষ, এই চারি প্রাতিপদিকের উত্তর ড্বতুপ্ হয় ড উ প ইৎ, বৎ থাকে। যথা, কুমুদান্যস্মিন্ সন্তি কুমুদ্বান্, নডান্যস্মিন্ সন্তি নড্বান্, বেতসান্যস্মিন্ সন্তি বেতস্বান্, মহিষা অস্মিন্ সন্তি মহিষ্মান্।

## ১৫৯। অস্ মায়া মেধা স্রজো বিনিঃ।

অস্‌ভাগান্ত, মায়া, মেধা, স্রজ্, এই সকল প্রাতিপদিকের উত্তর বিকল্পে বিনি হয়, ই ইৎ, বিন্ থাকে; পক্ষে মতুপ্। যথা, যশোঽস্যাস্তি যশস্বী, যশস্বান্; তেজোঽস্যাস্তি তেজস্বী, তেজস্বান্; পয়োঽস্যা অস্তি পয়স্বিনী, পয়স্বতী ধেনুঃ; মায়া অস্যাস্তি মায়াবী, মায়াবান্; মেধা অস্যাস্তি মেধাবী, মেধাবান্; স্রজ্ অস্যাস্তি স্রগ্বী, স্রগ্বান্।

## ১৬০। নিত্যং তপসঃ।

তপস্ শব্দের উত্তর নিত্য বিনি হয়। যথা, তপোঽস্যাস্তি তপস্বী, তপস্বিনী।

১৬১। ইন্ বা নৈকস্বরাদবর্ণাৎ।

একাধিকস্বরবিশিষ্ট অবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ইন্ হয়; পক্ষে যথাসম্ভব মতুপ্ ও বিনি হয়। যথা, মানমস্যাস্তি মানী, মানবান্; বলমস্যাস্তি বলী, বলবান্; ধনমস্যাস্তি ধনী, ধনবান্; শিখা অস্যাস্তি শিখী, শিখাবান্; চূড়া অস্যাস্তি চূড়ী, চূড়াবান্; মায়া অস্যাস্তি মায়ী, মায়াবী; সাহসম্ অস্যাস্তি সাহসী, সাহসবান্; বিবেকোঽস্যাস্তি বিবেকী, বিবেকবান্; ভল্লাহঃ অস্যাস্তি ভল্লাহী, ভল্লাহবান্।

১৬২। নিত্যং সুখাদেঃ।

সুখ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, সুখম্ অস্যাস্তি সুখী, দুঃখমস্যাস্তি দুঃখী, প্রণয়োঽস্যাস্তি প্রণয়ী, লক্ষমস্যাস্তি লক্ষী, সহস্রমস্যাস্তি সহস্রী।

১৬৩। হস্তকরাভ্যাং জাতৌ।

জাতি বুঝাইলে, হস্ত, কর, এই দুই প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, হস্তোঽস্যাস্তি হস্তী গজঃ, করোঽস্যাস্তি করী গজঃ। অন্যত্র, হস্তোঽস্যাস্তি হস্তবান্ পুরুষঃ।

১৬৪। বর্ণাদ্ব্রহ্মচারিণি।

ব্রহ্মচারী বুঝাইলে, বর্ণ শব্দের উত্তর নিত্য ইন্ হয়। যথা, বর্ণঃ অস্যাস্তি বর্ণী ব্রহ্মচারী; অন্যত্র, বর্ণবান্।

• ১৬৫। পুষ্করাদিভ্যো দেশে।

স্থান বুঝাইলে, পুষ্কর প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, পুষ্করাণ্যস্যাং সন্তি পুষ্করিণী দীর্ঘিকা, পদ্মান্যস্যাং সন্তি পদ্মিনী, উৎপলিনী, পঙ্কজিনী, সরোজিনী, সরোরুহিণী, অর-বিন্দিনী, অম্ভোজিনী, অব্জিনী, কমলিনী, কুমুদিনী, কৈর-

বিষাী, বিষিনী, জ্যোতিনী, সনাতিনী, নলিনী, তরঙ্গিণী, কল্লোলিনী, তটিনী, প্রবাহিণী।

১৬৬। অর্থাচ্চ যাচকে।

যাচক বুঝাইলে, অর্থ, এই প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা,, অর্থোঽস্যাস্তি অর্থী যাচকঃ; অন্যত্র, অর্থবান্।

১৬৭। অর্থান্তেভ্যশ্চ।

অর্থান্ত প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ হয়। যথা, বিদ্যারূপোঽর্থঃ প্রয়োজনমস্যাস্তি বিদ্যার্থী, ধনার্থী, ধান্যার্থী, হিরণ্যার্থী, সুবর্ণার্থী।

১৬৮। মাংসাদের্লো বিভাষা।

মাংস প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ল হয়। যথা, মাংসমস্যাস্তি মাংসলঃ, শ্রীরস্যাস্তি শ্রীলঃ, পক্ষ্ম অস্যাস্তি পক্ষ্মলঃ, বৎসোঽস্যাস্তি বৎসলঃ, শীতো গুণোঽস্যাস্তি শীতলঃ, শ্যামো গুণোঽস্যাস্তি শ্যামলঃ, পিঙ্গো গুণোঽস্যাস্তি পিঙ্গলঃ, পিত্তলঃ, পুষ্কলঃ, মৃদুলঃ, বহুলঃ, মঞ্জুলঃ, মণ্ডলঃ, চটুলঃ, কপিলঃ, তন্দ্রিলঃ, কুশলঃ, পাংশুলঃ, শ্লেষ্মলঃ, পেশলঃ, কুণ্ডলঃ, অংসলঃ, বৎসলঃ। পক্ষে, মতুপ্।

১৬৯। ফেনাদিলচ্চ।

ফেন, এই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ল ও ইল হয়। যথা, ফেনোঽস্মিন্নস্তি ফেনলঃ ফেনিলঃ; পক্ষে, ফেনবান্।

১৭০। লোমাদেঃ শঃ।

লোমন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর শ হয়। যথা, লোমান্যস্য সন্তি লোমশঃ, রোমশঃ, গিরিশঃ, কর্কশঃ, কপিশঃ।

১৭১। পিচ্ছা পঙ্কাভ্যামিলঃ।

পিচ্ছা, পঙ্ক, এই দুই প্রাতিপদিকের উত্তর ইল হয়। যথা, পিচ্ছা অস্যাস্তি পিচ্ছিলঃ, পঙ্কিলঃ।

১৭২। দন্তাদুরঃ।

দন্ত, এই প্রাতিপদিকের উত্তর উর হয়। যথা, উন্নতা দন্তাঃ সন্ত্যস্য দন্তুরঃ।

১৭৩। ঊষ শুষি মুষ্ক মধুভ্যো রঃ।

ঊষ, শুষি, মুষ্ক, মধু, এই সকল প্রাতিপদিকের উত্তর র হয়। যথা, ঊষরঃ, শুষিরঃ মুষ্করঃ, মধুরঃ।

১৭৪। মুখাদেশ্চ।

মুখ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর র হয়। যথা, মুখমস্যাস্তি মুখরঃ, কুঞ্জরঃ, নগরম্, পাণ্ডুরঃ।

১৭৫। নড শাদাভ্যাং ড্বলপ্।

নড, শাদ, এই দুই প্রাতিপদিকের উত্তর ড্বলপ্ হয়, ড প ইৎ, বল থাকে। যথা, নড়া অস্মিন্ সন্তি নড্বলঃ, শাদা অস্মিন্ সন্তি শাদ্বলঃ।

১৭৬। কৃষ্যাদের্বলঃ।

কৃষি প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বল হয়।

১৭৭। দীর্ঘোঽন্ত্যঃ।

বল প্রত্যয় হইলে, অন্ত্য স্বর দীর্ঘ হয়। যথা, কৃষিরস্যাস্তি কৃষীবলঃ, পরিষদ্বলঃ, পর্ষদ্বলঃ, রজস্বলা, ঊর্জস্বলঃ, দন্তাবলো হস্তী, শিখাবলো ময়ূরঃ।

১৭৮। কেশাদ্বঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে, কেশ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ব হয়। যথা,

জ্যোৎস্না: সন্ত্যস্য জ্যোৎস্ন: বিষ্ণু:, মণিরস্যাস্তি মণিব: নাগবিশেষ:, অজগ: অস্যাস্তি অজগবং পিনাক:, গাণ্ডিরস্যাস্তি গাণ্ডিবম্ অর্জ্জুনস্য ধনু:। ইকার দীর্ঘও হয়, গাণ্ডীবম্।

১৭৯। স্বাদামিন্নৈশ্বর্য্যে।

ঐশ্বর্য্য বুঝাইলে, স্ব, এই প্রাতিপদিকের উত্তর আমিন্ হয়। যথা, স্বম্ ঐশ্বর্য্যম্ অস্যাস্তি স্বামী।

১৮০। শীতোষ্ণাভ্যামালুরসহনে।

অসহন অর্থে, শীত, উষ্ণ, এই দুই প্রাতিপদিকের উত্তর আলু হয়। যথা, শীতং ন সহতে শীতালু:, উষ্ণং ন সহতে উষ্ণালু:।

১৮১। বাতাতীসারাভ্যাং রোগে কিন্।

রোগ বুঝাইলে, বাত, অতীসার, এই দুই প্রাতিপদিকের উত্তর কিন্ হয়। যথা, বাতোঽস্যাস্তি বাতকী, অতীসারোঽস্যাস্তি অতীসারকী।

১৮২। বল্যাদের্ভ:।

বলি প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ভ হয়। যথা, বলয়োঽস্মিন্ সন্তি বলিভম্ মধ্যম্।

১৮৩। অর্শ আদেরৎ।

অশস্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর অৎ হয়, ৎ ইৎ, অ থাকে। যথা, অর্শাংসি অস্য সন্তি অর্শস:, উরোঽস্যাস্তি উরস:, পলিতম্ অস্যাস্তি পলিত:, জটা অস্য সন্তি জট:, অম্লো রসোঽস্যাস্তি অম্ল:, অঘমস্যাস্তি অঘ:, লবণো রসোঽস্যাস্তি লবণ:।

১৮৪। অহম্ শুভম্ভ্যাং যু:।

অহম্, শুভম্, এই দুই প্রাতিপদিকের উত্তর যু হয়। যথা, অহম্

অস্যাস্তি অহংযুঃ অহঙ্কারবান্, শুভম্ অস্যাস্তি শুভংযুঃ শুভান্বিতঃ।

১৮৫। জ্যোৎস্নাদয়ঃ।

জ্যোৎস্না প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, জ্যোতিরস্যা অস্তি জ্যোৎস্না, তমোঽস্যা অস্তি তমিস্রা, শৃঙ্গমস্যাস্তি শৃঙ্গিণঃ, মলমস্যাস্তি মলিনঃ, মলীমসঃ; অর্ণাংসি অস্মিন্ সন্তি অর্ণবঃ সমুদ্রঃ।

১৮৬। বাগ্মিন্ বাচাল বাচাটাঃ।

বাগ্মিন্, বাচাল, বাচাট, নিপাতনে সিদ্ধ হয়। যথা, বাচোঽস্য সন্তি বাগ্মী; যঃ কুৎসিতং বহু ভাষতে, স বাচালঃ, বাচাটঃ।

১৮৭। মূলে জাহঃ কর্ণাদেঃ।

মূল অর্থে, কর্ণ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর জাহ হয়। যথা, কর্ণস্য মূলং কর্ণজাহম্, অক্ষ্ণো মূলম্ অক্ষিজাহম্, ভ্রূজাহম্, নখজাহম্, কেশজাহম্, পাদজাহম্, শৃঙ্গজাহম্, দন্তজাহম্।

১৮৮। পক্ষাত্তিঃ।

মূল অর্থে, পক্ষ, এই প্রাতিপদিকের উত্তর তি হয়। যথা, পক্ষস্য মূলং পক্ষতিঃ।

১৮৯। মাতৃ পিতৃভ্যাং ডুল ব্যৌ ভ্রাতরি।

ভ্রাতৃ অর্থে, মাতৃ, এই প্রাতিপদিকের উত্তর ডুল, এবং পিতৃ, এই প্রাতিপদিকের উত্তর ব্য হয়, ড ইৎ, উল থাকে। যথা, মাতুর্ভ্রাতা মাতুলঃ, পিতুর্ভ্রাতা পিতৃব্যঃ।

১৯০। ডামহঃ পিত্রোঃ।

পিতৃ ও মাতৃ অর্থে, মাতৃ, পিতৃ, এই দুই প্রাতিপদিকের উত্তর ডামহ হয়, ড ইৎ, আমহ থাকে। যথা, মাতুঃ পিতা মাতামহঃ,

পিতুঃ পিতা পিতামহঃ, মাতুর্মাতা মাতামহী, পিতুর্মাতা পিতামহী।

**১৯১। ঠঃ কর্ম্মণঃ কুশলে।**

কুশল অর্থে, কর্ম্মন্, এই প্রাতিপদিকের উত্তর ঠ হয়। যথা, কর্ম্মণি কুশলঃ কর্ম্মঠঃ।

**১৯২। পূর্ব্বাদিনিস্তৃতীয়ার্থে।**

তৃতীয়ার অর্থে, পূর্ব্ব এই প্রাতিপদিকের উত্তর ইনি হয়, ই ইৎ, ইন্ থাকে। যথা, পূর্ব্বমনেন কৃতং ভুক্তং পীতং গতং বা পূর্ব্বী, কৃতং পূর্ব্বমনেন কৃতপূর্ব্বী কটম, ভুক্তং পূর্ব্বমনেন ভুক্তপূর্ব্বী ওদনম্, পীতং পূর্ব্বমনেন পীতপূর্ব্বী পয়ঃ, গতং পূর্ব্বমনেন গতপূর্ব্বী গৃহম্।

**১৯৩। ইষ্টাদিভ্যশ্চ।**

তৃতীয়ার অর্থে, ইষ্ট প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইনি হয়। যথা, ইষ্টমনেন ইষ্টী যজ্ঞে, অধীতমনেন অধীতী শাস্ত্রে, শ্রুতমনেন শ্রুতী বেদে, গৃহীতমনেন গৃহীতী উপদেশে, আম্নাতমনেন আম্নাতী ইতিহাসে, আসেবিতমনেন আসেবিতী গুরৌ, নিরাকৃতমনেন নিরাকৃতী শত্রৌ, উপকৃতমনেন উপকৃতী মিত্রে, অবকীর্ণমনেন অবকীর্ণী ব্রতে।

**১৯৪। অতিশায়নে তমবিষ্ঠনৌ।**

বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তমপ্ ও ইষ্ঠন্ হয়, তমপের প ইৎ, তম থাকে; ইষ্ঠনের ন ইৎ, ইষ্ঠ থাকে। যথা, অয়মেষামতিশয়েন পটুঃ পটুতমঃ, পটিষ্ঠঃ; অয়মেষাম্ অতিশয়েন লঘুঃ লঘুতমঃ, লঘিষ্ঠঃ; অয়মেষামতিশয়েন গুরুঃ গুরুতমঃ, গরিষ্ঠঃ; প্রিয়তমঃ, প্রেষ্ঠঃ; দীর্ঘতমঃ, দ্রাঘিষ্ঠঃ; দৃঢ়তমঃ, দ্রঢ়িষ্ঠঃ; মৃদুতমঃ, ম্রদিষ্ঠঃ; কৃশতমঃ, ক্রশিষ্ঠঃ।

১৯৫। **দ্বয়োস্তরবীয়সুনৌ।**

দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তরপ্ ও ঈয়সুন্ হয়, তরপের প ইৎ, তর থাকে, ঈয়সুনের উ ন্ ইৎ, ঈয়স্ থাকে। যথা, অয়মনয়োরতিশয়েন পটুঃ পটুতরঃ, পটীয়ান্; অয়মনয়োরতিশয়েন লঘুঃ লঘুতরঃ, লঘীয়ান্; গুরুতরঃ, গরীয়ান্; প্রিয়তরঃ, প্রেয়ান্; দীর্ঘতরঃ, দ্রাঘীয়ান্; দৃঢ়তরঃ, দ্রঢীয়ান্; মৃদুতরঃ, ম্রদীয়ান্; কৃশতরঃ, ক্রশীয়ান্।

১৯৬। **শ্র জ্যৌ প্রশস্যস্য।**

ইষ্ঠন্ ও ঈয়সুন্ প্রত্যয় হইলে, প্রশস্যশব্দের স্থানে শ্র ও জ্য হয়। যথা, অয়মেষামতিশয়েন প্রশস্যঃ শ্রেষ্ঠঃ, জ্যেষ্ঠঃ; অয়মনয়োঃ অতিশয়েন প্রশস্যঃ শ্রেয়ান্।

১৯৭। **আ জ্যাদীয়সুনঃ।**

জ্য, এই আদেশের পরবর্ত্তী ঈয়সুনের ঈস্থানে আ হয়। যথা, জ্যায়ান্।

১৯৮। **বর্ষ জ্যৌ বৃদ্ধস্য।**

ইষ্ঠন্ ও ঈয়সুন্ পরে থাকিলে, বৃদ্ধশব্দের স্থানে বর্ষ ও জ্য হয়। যথা, অয়মেষামনয়োর্বা অতিশয়েন বৃদ্ধঃ বর্ষিষ্ঠঃ, বর্ষীয়ান্; জ্যেষ্ঠঃ, জ্যায়ান্।

১৯৯। **অন্তিক বাঢ়য়োর্নেদ সাধৌ।**

অন্তিকশব্দের স্থানে নেদ ও বাঢ়শব্দের স্থানে সাধ হয়। যথা, নেদিষ্ঠঃ, নেদীয়ান্; সাধিষ্ঠঃ, সাধীয়ান্।

২০০। **অল্পস্য কন্ বিভাষা।**

অল্পশব্দের স্থানে বিকল্পে কন্ হয়। যথা, কনিষ্ঠঃ, কনীয়ান্; অল্পিষ্ঠঃ, অল্পীয়ান্।

২০১। যূনঃ কন্ যবৌ।

যুবন্‌শব্দের স্থানে কন্ ও যব্ হয়। যথা, কনিষ্ঠঃ, কনীয়ান্; যবিষ্ঠঃ, যবীয়ান্।

২০২। স্থূল দূরয়োঃ স্থব দবৌ।

স্থূলস্থানে স্থব ও দূরস্থানে দব হয়। যথা, স্থবিষ্ঠঃ, স্থবীয়ান্; দবিষ্ঠঃ, দবীয়ান্।

২০৩। উরু ক্ষুদ্রয়োর্বর ক্ষোদৌ।

উরুস্থানে বর ও ক্ষুদ্রস্থানে ক্ষোদ হয়। যথা, বরিষ্ঠঃ, বরীয়ান্; ক্ষোদিষ্ঠঃ, ক্ষোদীয়ান্।

২০৪। ক্ষিপ্র বহুলয়োঃ ক্ষেপ বংহৌ।

ক্ষিপ্রস্থানে ক্ষেপ ও বহুলস্থানে বংহ হয়। যথা, ক্ষেপিষ্ঠঃ, ক্ষেপী-য়ান্; বংহিষ্ঠঃ, বংহীয়ান্।

২০৫। স্থিরস্য স্থঃ।

স্থিরশব্দস্থানে স্থ হয়। যথা, স্থেষ্ঠঃ, স্থেয়ান্।

২০৬। বিন্মতুপোর্লুক্।

ইষ্ঠন্ ও ঈয়সুন্ পরে থাকিলে, বিন্ ও মতুপ্ প্রত্যয়ের লোপ হয়। যথা, অয়মেষামতিশয়েন মায়াবী মায়িষ্ঠঃ, মায়ীয়ান্; অয়মেষামতিশয়েন বলবান্ বলিষ্ঠঃ, বলীয়ান্।

২০৭। ভূয়োভূয়িষ্ঠৌ।

বহুশব্দের উত্তর ঈয়সুন্ হইলে ভূয়স্, ইষ্ঠন্ হইলে ভূয়িষ্ঠ, নিপাতনে সিদ্ধ হয়। যথা, অয়মনয়োরতিশয়েন বহুঃ ভূয়ান্, অয়মেষামতিশয়েন বহুঃ ভূয়িষ্ঠঃ।

২০৮। কিংযত্তদাং দ্বয়োরেকস্য নির্দ্ধারণে ডতরঃ।

দুয়ের মধ্যে একের নির্দ্ধারণ বুঝাইলে, কিম্, যদ্, তদ্, এই তিন প্রাতিপদিকের উত্তর ডতর হয়, ড ইৎ, অতর থাকে। যথা, अनयोः कतरो वैष्णवः, अनयोर्यतरो ब्राह्मणः ततर आगच्छतु।

২০৯। **बहूनां डतमः।**

বহুর মধ্যে একের নির্দ্ধারণ বুঝাইলে, ডতম হয়, ড ইৎ, অতম থাকে। যথা, एषां कतमः शैवः, एषां यतमः क्षत्रियः ततमः प्रयातु।

২১০। **एकान्याभ्याञ्च।**

এক, অন্য, এই দুই প্রাতিপদিকের উত্তর ডতর ও ডতম হয়। যথা, भवतोरेकतरः पठतु, भवतामेकतमः स्तौतु ; तयोरन्यतरो यातः, तेषामन्यतमो मृतः।

২১১। **किमेदव्ययेभ्योऽद्रव्ये चतराम् चतमामेकोत्कर्षे।**

দুই ও বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, কিম্, একারান্ত, ও অব্যয় শব্দের উত্তর, চতরাম্ ও চতমাম্ প্রত্যয় হয়, চ ইৎ, তরাম্ ও তমাম্ থাকে। যথা, किन्तराम्, किन्तमाम्, प्राह्णेतराम् प्राह्णेतमाम्, उच्चैस्तराम्, उच्चैस्तमाम्। দ্রব্য বুঝাইলে হয় না। যথা, उच्चैस्तरस्तरुः।

২১২। **प्रशंसायां रूपः।**

প্রশংসা বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর রূপ প্রত্যয় হয়। যথা, प्रशस्तो वैयाकरणः वैयाकरणरूपः, नैयायिकरूपः, आलङ्कारिकरूपः, मीमांसकरूपः।

২১৩। **ईषदूने कल्प देश्य देशीयाः।**

ঈষৎ ন্যূন এই অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর কল্প, দেশ্য, ও দেশীয় প্রত্যয় হয়। যথা, ईषदूनो विद्वान् विद्वत्कल्पः, विद्वद्देश्यः, विद्वद्देशीयः।

২১৪। तिङन्तात्।

পূর্ব্ব সূত্রত্রয়ে বিহিত প্রত্যয় সকল তিঙন্ত পদের উত্তর হয়। যথা, पठतितराम्, पठतितमाम्, पठतिरूपम्, पठतिकल्पम्, पठतिदेश्यम्, पठतिदेशीयम्।

২১৫। वा सुपो बहुः पुरस्तात्।

ঈষদূন অর্থে, সুবন্ত পদের উত্তর বিকল্পে বহু প্রত্যয় হয়; এই প্রত্যয় সুবন্ত পদের পূর্ব্বে যায়। যথা, ईषदूनः पटुः बहुपटुः, पटुकल्पः, पटुदेश्यः, पटुदेशीयः।

২১৬। तेन तुल्यः स्थान स्थानीयौ।

तेन तुल्यः, এই অর্থে, প্রাতিপদিকের উত্তর স্থান ও স্থানীয় প্রত্যয় হয়। যথা, पित्रा तुल्यः पितृस्थानः, पितृस्थानीयः; भ्रातृस्थानः, भ्रातृस्थानीयः; मातृस्थाना, मातृस्थानीया मातृष्वसा।

২১৭। जातौ जातीयः।

জাতি অর্থে, প্রাতিপদিকের উত্তর জাতীয় প্রত্যয় হয়। যথা, ब्राह्मणजातीयः, क्षत्रियजातीयः, पुरुषजातीयः, स्त्रीजातीयः, वणिग्जातीयः, रजकजातीयः, तार्किकजातीयः, वैयाकरण-जातीयः।

২১৮। संख्यायाः क्रियाभ्यावृत्तिगणने कृत्वसुच्।

ক্রিয়ার অভ্যাবৃত্তিগণন, অর্থাৎ কত বার সেই ক্রিয়া অনুষ্ঠিত হইল তাহার গণনা, বুঝাইলে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর কৃত্বসুচ্ হয়, উ চ ইৎ, কৃত্বস্ থাকে। যথা, पञ्च वारान् भुङ्क्ते, पञ्चकृत्वो भुङ्क्ते, सप्त वारान् स्वपिति, सप्तकृत्वः स्वपिति, शतं वारान् पठति शतकृत्वः पठति।

২১৯। द्वि त्रि चतुर्भ्यः सुच्।

ক্রিয়ার অভ্যাবৃত্তিগণন বুঝাইলে, দ্বি, ত্রি, চতুর্, এই তিন প্রাতিপদিকের উত্তর সুচ্ হয়, উ চ ইৎ, স থাকে। যথা, **দ্বৌ বারৌ ভুঙ্‌ক্তে দ্বির্ভুঙ্‌ক্তে, ত্রীন্ বারান্ ভুঙ্‌ক্তে ত্রির্ভুঙ্‌ক্তে।**

২২০। **লোপোঽন্ত্যস্য চতুরঃ।**

সুচ্ হইলে, চতুর্ এই প্রাতিপদিকের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, **চতুরো বারান্ ভুঙ্‌ক্তে চতুর্ভুঙ্‌ক্তে।**

২২১। **একস্য সকৃচ্চ।**

এক, এই প্রাতিপদিকের উত্তর সুচ্ হয় এবং তৎসহিত একস্থানে সকৃৎ হয়। যথা, **একং বারং ভুঙ্‌ক্তে সকৃদ্ভুঙ্‌ক্তে, সকৃদধীতে।** এস্থলে অভ্যাবৃত্তি সম্ভব নহে, গণনমাত্র বুঝাইতেছে।

২২২। **বিভাষা বহোর্ধাঽবিপ্রকৃষ্টকালে ধাচ্।**

ক্রিয়ার অভ্যাবৃত্তিগণন, এবং ক্রিয়ানুষ্ঠানকালের পরস্পর নৈকট্য বুঝাইলে, বহু এই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ধাচ্ হয়, চ ইৎ ধা থাকে; পক্ষে কৃত্বসুচ্। যথা, **বহুধা দিবসস্য ভুঙ্‌ক্তে, বহুকৃত্বো দিবসস্য ভুঙ্‌ক্তে।** নৈকট্য না বুঝাইলে হয় না। **বহুকৃত্বো মাসস্যাগচ্ছতি।**

২২৩। **বহ্বল্পার্থাচ্ছস্।**

বহ্বর্থ ও অল্পার্থ প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ হয়, চ ইৎ, শস্ থাকে। যথা, **বহু দদাতি বহুশো দদাতি, ভূরি দদাতি ভূরিশো দদাতি, অল্পং দদাতি অল্পশো দদাতি, স্তোকং দদাতি স্তোকশো দদাতি।** কারকের উত্তর হয়, অন্যত্র হয় না। যথা, **বহূনাং স্বামী,** এ স্থলে, **বহুশঃ স্বামী,** হইবেক না।

২২৪। **সংখ্যৈকবচনাচ্চ বীপ্সায়াম্।**

বীপ্সা বুঝাইলে, সংখ্যাবাচক ও একদেশবাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ হয়। যথা, সংখ্যাবাচক—**দ্বৌ দ্বৌ দদাতি**

द्विशो ददाति, पञ्च पञ्च ददाति पञ्चशो ददाति; একদেশ-বাচক—पादं पादं ददाति पादशो ददाति, अर्द्धमर्द्धं ददाति अर्द्धशो ददाति।

২২৫। **विकारे मयट्।**

বিকার অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়, ট ইৎ, ময় থাকে। যথা, **स्वर्णस्य** বিকারঃ **स्वर्णमयो घटः, स्वर्णमयी प्रतिमा; मृदो विकारः मृण्मयो घटः, मृण्मयी प्रतिमा।**

২২৬। **हिरण्मयः।**

হিরণ্ময় নিপাতনে সিদ্ধ হয়। যথা, **हिरण्यस्य विकारः हिरण्मयः।**

২২৭। **अवयवे।**

অবয়ব বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, **दारूण्यस्यावयवाः दारुमयमासनम्, दर्भाण्यस्यावयवाः दर्भमयो मञ्जूषाः, काष्ठान्यस्यावयवाः काष्ठमयो हस्ती, ऊर्णा अस्यावयवाः ऊर्णामयं वासः, अन्नान्यस्यावयवाः अन्नमयो यज्ञः, अपूपा अस्य अवयवाः अपूपमयं श्राद्धम्।**

২২৮। **व्याप्तौ।**

ব্যাপ্তি অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, **जलेन व्याप्तं जलमयं जगत् प्रलये, रोगेण व्याप्तं रोगमयं शरीरम्, धूमेन व्याप्तं धूममयं गृहम्।**

২২৯। **संसर्गे।**

সংসর্গ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা, **तिलेन संसृष्टं तिलमयं वर्षणम्, घृतेन संसृष्टं घृतमयं व्यञ्जनम्, पापेन संसृष्टं पापमयं शरीरम्।**

২৩০। **अपृथग्भावे च।**

অপৃথগ্‌ভাব বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্‌ হয়। যথা, **विष्णोरपृथग्भूतं विष्णुमयं जगत्, वाग्भ्योऽपृथग्भूतं वाङ्मयं शास्त्रम्, चितोऽपृथग्भूतः चिन्मयः पुरुषः।**

২৩১। **गोश्च पुरीषे।**

পুরীষ বুঝাইলে, গো, এই প্রাতিপদিকের উত্তর ময়ট্‌ হয়। যথা, **गोः पुरीषं गोमयम्।**

২৩২। **स्नेहे तैलन्।**

স্নেহ অর্থে, প্রাতিপদিকের উত্তর তৈলন্‌ হয়, ন ইৎ, তৈল থাকে। যথা, **तिलस्य स्नेहः तिलतैलम्, सर्षपस्य स्नेहः सर्षपतैलम्, एरण्डस्य स्नेहः एरण्डतैलम्।**

২৩৩। **धाच् संख्याया विधार्थे।**

বিধা অর্থে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ধাচ্‌ হয়, চ ইৎ, ধা থাকে। যথা, **एका विधा एकधा, द्वे विधे द्विधा, तिस्रो विधाः त्रिधा, चतस्रो विधाः चतुर्धा, पञ्च विधाः पञ्चधा, एकधा द्विधा त्रिधा वा भुङ्क्ते।**

২৩৪। **भावान्तरापादने च।**

ভাবান্তরাপাদন অর্থাৎ অন্যথাভাবসম্পাদন অর্থেও ধাচ্‌ হয়। যথা, **पञ्च राशीन् एकधा कुरु, एकं राशिं पञ्चधा कुरु।**

২৩৫। **ऐकध्यादयो वा।**

ঐকধ্য প্রভৃতি শব্দ বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। যথা, **एका विधा ऐकध्यम्, द्वे विधे द्वैधं द्वेधा, तिस्रो विधाः त्रैधं त्रेधा, षड् विधाः षोढा।** পক্ষে, **एकधा, द्विधा, त्रिधा, चतुर्धा** ইত্যাদি।

২৩৬। पाशः कुत्सिते।

কুৎসিত বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর পাশ প্রত্যয় হয়। যথা, कुत्सितो वैयाकरणः वैयाकरणपाशः, मीमांसकपाशः, भिषक्-पाशः, वैदिकपाशः, लेखकपाशः, पाचकपाशः।

২৩৭। भूतपूर्व्वे चरट्।

ভূতপূর্ব্ব অর্থে, প্রাতিপদিকের উত্তর চরট্ হয়, ট ইৎ, চর থাকে। যথা, आढ्यो भूतपूर्व्वः आढ्यचरः, दृष्टो भूतपूर्व्वः दृष्टचरः, अर्पितो भूतपूर्व्वः अर्पितचरः, अधीतो भूतपूर्व्वः अधीतचरः।

২৩৮। सम्बन्धे रूप्यश्च।

সম্বন্ধ বুঝাইলে, ভূতপূর্ব্ব অর্থে, চরট্ ও রূপ্য প্রত্যয় হয়। যথা, देवदत्तस्य भूतपूर्व्वं देवदत्तरूप्यम् देवदत्तचरं वा भवनम्।

২৩৯। एकादाकिनिरसहाये।

সহায়শূন্য বুঝাইলে, একশব্দের উত্তর আকিনি প্রত্যয় হয়, ই ইৎ আকিন্ থাকে। যথা, एक एव एकाकी।

২৪০। प्राक् टेरक् स्वार्थे।

স্বার্থ বুঝাইলে, প্রাতিপদিকের টির পূর্ব্বে অক্ হয়। যথা, कन्या एव कन्यका, तारा एव तारका।

২৪১। बालादेरिक्।

স্বার্থ বুঝাইলে, বালা প্রভৃতি প্রাতিপদিকের টির পূর্ব্বে ইক্ হয়। যথা, बाला एव बालिका, तरला एव तरलिका, निपुणा एव निपुणिका, चतुरा एव चतुरिका, चपला एव चपलिका, लता एव लतिका, गोधा एव गोधिका।

২৪২। अज्ञाते कन्।

অজ্ঞাত অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়, ন ইৎ, ক থাকে। যথা, অজ্ঞাতোঽশ্বঃ অশ্বকঃ, উষ্ট্রকঃ, মহিষকঃ, গর্দ্দভকঃ।

২৪৩। কুৎসিতে।

কুৎসিত অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, কুৎসিতোঽশ্বঃ অশ্বকঃ, কুৎসিতো মহিষঃ মহিষকঃ।

২৪৪। অল্পে।

অল্প অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, অল্পং তৈলং তৈলকম্, ক্ষীরকম্, সলিলকম্।

২৪৫। হ্রস্বে।

হ্রস্ব অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, হ্রস্বো বৃক্ষঃ বৃক্ষকঃ, হ্রস্বঃ পটঃ পটকঃ, হ্রস্বঃ স্তম্ভঃ স্তম্ভকঃ, হ্রস্বো দণ্ডঃ দণ্ডকঃ।

২৪৬। অনুকম্পায়াম্।

অনুকম্পা অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, অনুকম্পিতঃ পুত্রঃ পুত্রকঃ, বৎসক, দুর্ব্বলকঃ।

২১৭। সংজ্ঞায়াম্।

সংজ্ঞা অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা, করভকঃ, রোহিতকঃ, মুণ্ডিলকঃ।

২৪৮। স্ত্রিয়ামন্ত্যো হ্রস্বঃ।

স্ত্রীলিঙ্গ প্রাতিপদিকের উত্তর কন্ হইলে, অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা, মালবী মালবিকা, নাগরী নাগরিকা, লবঙ্গী লবঙ্গিকা, মাধবী মাধবিকা, চন্দ্রী চন্দ্রিকা, কুমুদ্বতী কুমুদ্বতিকা, শেফালী শেফালিকা, ময়ূরী ময়ূরিকা, যূথী যূথিকা, বদরী

বহরিকা, দূতী দূতিকা, কালী কালিকা, ঘাটী ঘাটিকা, সূচী সূচিকা।

## ২৪৯। হ্রস্বে কুটী শমী শুণ্ডাভ্যো রঃ।

হ্রস্ব অর্থে, কুটী, শমী, শুণ্ডা, এই তিন প্রাতিপদিকের উত্তর র হয়। যথা, হ্রস্বা কুটী কুটীরঃ, হ্রস্বা শমী শমীরঃ, হ্রস্বা শুণ্ডা শুণ্ডারঃ।

## ২৫০। অশ্বোক্ষ বৎসর্ষভেভ্যস্তরট্।

হ্রস্ব অর্থে, অশ্ব, উক্ষন্, বৎস, ঋষভ, এই চারি প্রাতিপদিকের উত্তর তরট্ হয়, ট ইৎ, তর থাকে। যথা, হ্রস্বোঽশ্বঃ অশ্বতরঃ, উক্ষতরঃ, বৎসতরঃ, ঋষভতরঃ।

## ২৫১। পঞ্চম্যাস্তসিল্ বা।

পঞ্চমীবিভক্তিস্থানে বিকল্পে তসিল্ হয়, ই ল্ ইৎ, তস্ থাকে। যথা, গৃহাৎ গৃহতঃ, গ্রামাৎ গ্রামতঃ, নগরাৎ নগরতঃ, সর্ব্বস্মাৎ সর্ব্বতঃ, বিশ্বস্মাৎ বিশ্বতঃ, উভয়স্মাৎ উভয়তঃ, ভবতঃ ভবত্তঃ, একস্মাৎ একতঃ, অন্যস্মাৎ অন্যতঃ, পূর্ব্বস্মাৎ পূর্ব্বতঃ, পরস্মাৎ পরতঃ, দক্ষিণস্মাৎ দক্ষিণতঃ, উত্তরস্মাৎ উত্তরতঃ, হস্তাৎ হস্ততঃ, বৃক্ষাৎ বৃক্ষতঃ, মেঘাৎ মেঘতঃ, জলাৎ জলতঃ।

## ২৫২। সপ্তম্যাশ্চ।

সপ্তমীস্থানে বিকল্পে তসিল্ হয়। যথা, পূর্ব্বস্মিন্ পূর্ব্বতঃ, দক্ষিণস্মিন্ দক্ষিণতঃ, উত্তরস্মিন্ উত্তরতঃ, প্রথমে প্রথমতঃ, পরস্মিন্ পরতঃ, অগ্রে অগ্রতঃ, আদৌ আদিতঃ, মধ্যে মধ্যতঃ, অন্তে অন্ততঃ, পৃষ্ঠে পৃষ্ঠতঃ, পার্শ্বয়োঃ পার্শ্বতঃ, সর্ব্বস্মিন্ সর্ব্বতঃ।

## ২৫৩। নিত্যং পর্য্যভিভ্যাম্।

পরি ও অভি উপসর্গের উত্তর নিত্য তসিল্ হয়। যথা, পরিতঃ, অভিতঃ।

২৫৪। ন হাকরুহোঃ।

হাক ও রুহ ধাতুর প্রয়োগে তসিল্ হয় না। যথা, স্বর্গাৎ হীয়তে, পর্ব্বতাদবরোহতি।

২৫৫। সপ্তম্যাস্ত্রল্ বা সর্ব্বনাম্নঃ।

সর্ব্বনাম (৩৪) শব্দের সপ্তমীস্থানে বিকল্পে ত্রল্ হয়, ল ইৎ, ত্র থাকে। যথা, সর্ব্বস্মিন্ সর্ব্বত্র, উভয়স্মিন্ উভয়ত্র, একস্মিন্ একত্র, অন্যস্মিন্ অন্যত্র, ইতরস্মিন্ ইতরত্র, পূর্ব্বস্মিন্ পূর্ব্বত্র, পরস্মিন্ পরত্র, অপরস্মিন্ অপরত্র।

২৫৬। অ য ত এতদ্ যদ্ তদাম্।

তসিল্ ও ত্রল্ হইলে, এতদ্স্থানে অ, যদ্স্থানে য, ও তদ্স্থানে ত হয়। যথা, এতস্মাৎ অতঃ, এতস্মিন্ অত্র; যস্মাৎ যতঃ, যস্মিন্ যত্র; তস্মাৎ ততঃ, তস্মিন্ তত্র।

২৫৭। কিমঃ কুঃ।

কিম্স্থানে কু হয়। যথা, কস্মাৎ কুতঃ, কস্মিন্ কুত্র।

২৫৮। ক কুহৌ।

ক ও কুহ নিপাতনে সিদ্ধ হয়। যথা, কস্মিন্ ক, কুহ।

২৫৯। ইরিদমঃ।

ইদম্স্থানে ই হয় (৩৫)। যথা, অস্মাৎ ইতঃ।

২৬০। সপ্তম্যাং হঃ।

সপ্তমী স্থানে হ হয়। যথা, অস্মিন্ ইহ।

(৩৪) দ্বি, অস্মদ্, যুষ্মদ্ ভিন্ন।

(৩৫) দানীম্ হইলেও হয়।

২৬১। ছন্দসি তরামামপি দৃশ্যন্তে।

পঞ্চমী, সপ্তমী ভিন্ন অন্যান্য বিভক্তিস্থানেও তসিল্ ও ত্রল্ প্রত্যয় দেখিতে পাওয়া যায়। যথা, স ভবান্, ততোভবান্, তত্রভবান্; তং ভবন্তম্, ততোভবন্তম্, তত্রভবন্তম্; তেন ভবতা, ততোভবতা, তত্রভবতা; তস্মৈ ভবতে, ততোভবতে, তত্রভবতে; তস্য ভবতঃ, ততোভবতঃ, তত্রভবতঃ।

২৬২। এক সর্ব্বয়োঃ কালে দা।

কাল বুঝাইলে, এক, সর্ব্ব, এই দুই সর্ব্বনামশব্দের সপ্তমীস্থানে দা হয়। যথা, একস্মিন্ কালে একদা।

২৬৩। সো বা সর্ব্বস্য।

দা হইলে, সর্ব্বশব্দস্থানে বিকল্পে স হয়। যথা, সর্ব্বস্মিন্ কালে সদা, সর্ব্বদা।

২৬৪। অন্য কিং যদাং র্হিল্ চ।

অন্য, কিম্, যদ্, এই তিন সর্ব্বনাম শব্দের সপ্তমীস্থানে, দা ও র্হিল্ হয়, ল ইৎ, র্হি থাকে। যথা, অন্যস্মিন্ কালে অন্যর্হি, অন্যদা।

২৬৫। কিং যদোঃ ক যৌ।

দা ও র্হিল্ হইলে, কিম্স্থানে ক, ও যদ্স্থানে য হয়। যথা, কস্মিন্ কালে কর্হি কদা, যস্মিন্ কালে যর্হি যদা।

২৬৬। তদো দানীং চ।

তদ্শব্দের সপ্তমীস্থানে দা, র্হিল্, ও দানীম্ হয়।

২৬৭। তস্তদঃ।

দা, র্হিল্, ও দানীম্ হইলে, তদ্ শব্দ স্থানে ত হয়। যথা, তস্মিন্ কালে তদা, তর্হি, তদানীম্।

২৬৮। **ইদমো দানীম্।**

ইদম্‌শব্দের সপ্তমীস্থানে দানীম্ হয়। যথা, **অস্মিন্ কালে ইদানীম্।**

২৬৯। **অধুনৈতর্হী।**

অধুনা, এতর্হি, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, **অস্মিন্ কালে অধুনা, অস্মিন্ এতস্মিন্** বা **কালে এতর্হি।**

২৭০। **এদ্যুস্ পূর্ব্বাদেরহনি।**

দিন বুঝাইলে, পূর্ব্ব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর এদ্যুস্ হয়। যথা, **পূর্ব্বস্মিন্নহনি পূর্ব্বেদ্যুঃ, অন্যস্মিন্নহনি অন্যেদ্যুঃ, অপরস্মিন্নহনি অপরেদ্যুঃ, ইতরেদ্যুঃ, অন্যতরেদ্যুঃ, অধরেদ্যুঃ, উত্তরেদ্যুঃ, উভয়েদ্যুঃ** (৩৬)।

২৭১। **হ্যঃ সদ্যোঽদ্য শ্বঃ পরেদ্যবিঃ।**

দিন বুঝাইলে, বিভক্তি সহিত পূর্ব্বস্থানে হ্যস্, সমানস্থানে সদ্যস্, ইদম্‌স্থানে অদ্য, এবং পরস্থানে শ্বস্ ও পরেদ্যবি হয়। যথা, **পূর্ব্বস্মিন্নহনি হ্যঃ, সমানেঽহনি সদ্যঃ, অস্মিন্নহনি অদ্য, পরস্মিন্নহনি শ্বঃ, পরেদ্যবি।**

২৭২। **ঐষমঃ পরুৎ পরার্য্যো বর্ষে।**

বৎসর বুঝাইলে, বিভক্তি সহিত ইদম্‌স্থানে ঐষমস্, পূর্ব্বস্থানে পরুৎ, এবং পূর্ব্বতরস্থানে পরারি হয়। যথা, **অস্মিন্ বর্ষে ঐষমঃ, পূর্ব্বস্মিন্ বর্ষে পরুৎ, পূর্ব্বতরে বর্ষে পরারি।**

২৭৩। **থাল্ প্রকারে তৃতীয়ায়াঃ।**

---

(৩৬) উভয়শব্দের উত্তর দ্যুস্‌ও হয়। যথা, **উভয়স্মিন্ অহনি উভয়দ্যুঃ।**

প্রকার অর্থে, তৃতীয়াস্থানে থাল্ হয়, ল ইৎ, থা থাকে। যথা, সর্ব্বৈঃ প্রকারৈঃ সর্ব্বথা, অন্যেন প্রকারেণ অন্যথা, ইতরেণ প্রকারেণ ইতরথা, উভয়েন প্রকারেণ উভয়থা, অপরেণ প্রকারেণ অপরথা।

২৭৪। য তৌ যত্তদোঃ।

থাল্ হইলে, যদ্‌শব্দ স্থানে য, ও তদ্‌শব্দ স্থানে ত হয়। যথা, যেন প্রকারেণ যথা, তেন প্রকারেণ তথা।

২৭৫। কথমিত্থমৌ।

কথম্ ও ইত্থম্, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, কেন প্রকারেণ কথম্, অনেন এতেন বা প্রকারেণ ইত্থম্।

২৭৬। পরাদেরস্তাত্ সপ্তমী পঞ্চমী প্রথমানাম্।

পর প্রভৃতি প্রাতিপদিকের সপ্তমী, পঞ্চমী, ও প্রথমার স্থানে অস্তাৎ হয়। যথা, পরস্মিন্ পরস্মাত্ পরো বা পরস্তাত্, পশ্চিমে পশ্চিমাত্ পশ্চিমো বা পশ্চিমস্তাত্।

২৭৭। পশ্চাত্।

অস্তাৎ সহিত অপরশব্দ স্থানে পশ্চাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা, অপরস্মিন্ অপরস্মাত্ অপরো বা পশ্চাত্।

২৭৮। উপর্য্যুপরিষ্টাত্।

অস্তাৎ সহিত ঊর্দ্ধশব্দ স্থানে উপরি ও উপরিষ্টাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা, ঊর্দ্ধে ঊর্দ্ধাত্ ঊর্দ্ধো বা উপরি, উপরিষ্টাত্।

২৭৯। পূর্ব্বাধরাবরাণামসিশ্চ।

পূর্ব্ব, অধর, অবর, এই তিন প্রাতিপদিকের সপ্তমী, পঞ্চমী, ও প্রথমার স্থানে অস্তাৎ ও অসি হয়, ই ইৎ, অস্ থাকে।

২৮০। পুরাধৌ পূর্ব্বাধরয়োঃ।

অস্তাৎ ও অসি হইলে, পূর্ব্বস্থানে পুর, ও অধরস্থানে অধ হয়।

যথা, পূর্ব্বস্মিন্ পূর্ব্বস্মাৎ পূর্ব্বো বা পুরস্তাৎ, পুরঃ; অধরস্মিন্ অধরস্মাৎ অধরো বা অধস্তাৎ, অধঃ।

২৮১। অবো বিভাষাবরস্য।

অস্তাৎ ও অসি হইলে, অবরস্থানে বিকল্পে অব হয়। যথা, অবরস্মিন্ অবরস্মাৎ অবরো বা অবস্তাৎ, অবরস্তাৎ, অবঃ, অবরঃ।

২৮২। দিগ্দেশয়োর্দক্ষিণোত্তরয়োরতস্ঃ।

দিগ্বাচক ও দেশবাচক দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী, পঞ্চমী, ও প্রথমার স্থানে অতস্ হয়, উ ইৎ, অতস্ থাকে। যথা, দক্ষিণস্মিন্ দক্ষিণস্মাৎ দক্ষিণো বা দক্ষিণতঃ, উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরতঃ।

২৮৩। উত্তরাধরদক্ষিণানামাতিঃ।

উত্তর, অধর, দক্ষিণ, ইহাদের সপ্তমী, পঞ্চমী, ও প্রথমার স্থানে আতি হয়, ই ইৎ, আৎ থাকে। যথা, উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরাৎ; অধরাৎ, দক্ষিণাৎ।

২৮৪। এনপ্ চাদূরেঽপঞ্চম্যাঃ।

অদূর অর্থে, এনপ্ও হয়, প ইৎ, এন থাকে। যথা, উত্তরস্মিন্ উত্তরো বা উত্তরেণ; অধরেণ, দক্ষিণেন। পঞ্চমীস্থানে হয় না।

২৮৫। দক্ষিণোত্তরয়োরাদাহী চ।

দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী ও প্রথমার স্থানে আৎ ও আহি হয়, ত ইৎ, আ থাকে। যথা, দক্ষিণা, দক্ষিণাহি; উত্তরা, উত্তরাহি।

২৮৬। ভবে কালাব্যয়েভ্যস্তনয্।

ভব অর্থে, কালবাচী অব্যয়শব্দের উত্তর তনয্ হয়, য ইৎ, তন থাকে। যথা, অদ্য ভবম্ অদ্যতনম্, প্রাতর্ভবং প্রাতস্তনম্, সায়ং

भवं सायन्तनम्, दोषातनम्, दिवातनम्, पुरातनम्, चिरन्तनम्, सदातनम्, अधुनातनम्, इदानीन्तनम्, तदानीन्तनम्।

২৮৭। प्राह्णे प्रगेभ्याञ्च।

প্রাহ্ণে, প্রগে, এই দুই সপ্তম্যন্তের উত্তরও হয়। যথা, प्राह्णेतनम्, प्रगेतनम्।

২৮৮। विभाषा पूर्व्वाह्णापराह्णाभ्यां सप्तम्याम्।

সপ্তমী বিভক্তিতে, পূর্ব্বাহ্ণ ও অপরাহ্ণ শব্দের উত্তর বিকল্পে তনষ্ হয়। যথা, पूर्व्वाह्णे भवं पूर्व्वाह्णेतनम्, पौर्व्वाह्णिकम्; अपराह्णे भवम् अपराह्णेतनम्, आपराह्णिकम्।

২৮৯। नित्यमूर्द्धादेः।

ঊর্দ্ধ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য তনষ্ হয়। যথা, ऊर्द्धं भवः ऊर्द्धतनः, उपरि भवः उपरितनः, अधः भवः अधस्तनः, प्राक् भवः प्राक्तनः, पूर्व्वं भवः पूर्व्वतनः।

২৯০। आदि मध्याभ्यां मन्।

সপ্তমী বিভক্তিতে, আদি, মধ্য, এই দুই প্রাতিপদিকের উত্তর মন্ হয়, ন ইৎ, ম থাকে। যথা, आदौ भवः आदिमः, मध्ये भवः मध्यमः।

২৯১। अग्रान्तपश्चाद्भ्यो डिमः।

অগ্র, অন্ত, পশ্চাৎ, এই তিন প্রাতিপদিকের উত্তর ডিম হয়, ড ইৎ, ইম থাকে। যথা, अग्रे भवः अग्रिमः, अन्ते भवः अन्तिमः, पश्चात् भवः पश्चिमः।

২৯২। चिर पत्रुत् परारिभ्यस् त्नः।

চির, পরুৎ, পরারি, এই তিনের উত্তর ত্ন হয়। যথা, चिरत्नः, परुत्नः, परारित्नः।

২৯৩। দক্ষিণা পশ্চাৎ পুরোভ্যস্ত্যণ্।

দক্ষিণা, পশ্চাৎ, পুরস্, এই তিনের উত্তর ত্যণ্ হয়, ণ ইৎ, ত্য থাকে। যথা, দাক্ষিণাত্যঃ, পাশ্চাত্যঃ, পৌরস্ত্যঃ।

২৯৪। অমেহ ক্ব তসিল্ ত্রল্ভ্যস্ত্যঃ।

অমা, ইহ, ক্ব, এবং তসিল্ ও ত্রল্ প্রত্যয়ান্ত, ইহাদের উত্তর ত্য হয়। যথা, অমাত্যঃ, ইহত্যঃ, ক্বত্যঃ; তসিল্প্রত্যয়ান্ত—ততস্ত্যঃ, অতস্ত্যঃ, কুতস্ত্যঃ; ত্রল্প্রত্যয়ান্ত—তত্রত্যঃ, অত্রত্যঃ, কুত্রত্যঃ।

২৯৫। কিমশ্চিচ্চনৌ বিভক্ত্যন্তাৎ।

বিভক্ত্যন্ত কিম্শব্দের উত্তর চিৎ ও চন হয়। যথা, কশ্চিৎ কাশ্চিৎ, কেনচিৎ, কস্মৈচিৎ, কস্মাচ্চিৎ, কস্যচিৎ, কস্মিংশ্চিৎ, কুতশ্চিৎ, ক্বচিৎ, কুত্রচিৎ; কশ্চন, কিঞ্চন, কঞ্চন, কুতশ্চন, ক্বচন, কুত্রচন।

২৯৬। কৃভ্বস্তিযোগেঽভূততদ্ভাবে চ্বিঃ।

কৃ, ভূ, অস্ ধাতুর যোগে, অভূততদ্ভাব (৩৭) অর্থে, প্রাতিপদিকের উত্তর চ্বি হয়, চ্বির সমুদয় ইৎ, কিছুই থাকে না।

২৯৭। দীর্ঘোঽন্ত্যঃ।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যথা, অলঘুং লঘুং করোতি লঘূকরোতি, অলঘুর্লঘুঃ ভবতি লঘূভবতি, অলঘুর্লঘুঃ স্যাৎ, লঘূস্যাৎ।

২৯৮। ঈরবর্ণস্য।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত অবর্ণ স্থানে ঈ হয়। যথা, অযুক্তং যুক্তং করোতি যুক্তীকরোতি, অযুক্তঃ যুক্তো ভবতি যুক্তীভবতি, অযুক্তঃ যুক্তঃ স্যাৎ যুক্তীস্যাৎ।

---

(৩৭) অভূতের তদ্ভাব, অর্থাৎ যে যেরূপ না থাকে, তাহার সেরূপ হওয়া; যেমন, যে বস্তু শুক্ল না থাকে, তাহার শুক্ল হওয়া।

২৯৯। ঋতো রীঃ।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত ঋকার স্থানে রী হয়। যথা, অশ্রোতারং শ্রোতারং করোতি শ্রোত্রীকরোতি, শ্রোত্রীভবতি, শ্রোত্রীস্যাৎ।

৩০০। লোপোঽরুর্মাদেরন্ত্যস্য।

অভূততদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, অরুস্, মনস্, চক্ষুস্, চেতস্, রহস্, রজস্, ইহাদের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, অরুকরোতি, অরুভবতি, অরুস্যাৎ; বিমনীকরোতি, বিমনীভবতি, বিমনীস্যাৎ; উচ্চক্ষুকরোতি, উচ্চক্ষূভবতি, উচ্চক্ষূস্যাৎ; সুচেতীকরোতি, সুচেতীভবতি, সুচেতীস্যাৎ; বিরহীকরোতি, বিরহীভবতি, বিরহীস্যাৎ; বিরজীকরোতি, বিরজীভবতি, বিরজীস্যাৎ।

৩০১। বিভাষা সাতিচ্ কার্ৎস্ন্যে।

কার্ৎস্ন্য (৩৮) বুঝাইলে, অভূততদ্ভাব অর্থে, কৃ, ভূ, অস্ ধাতুর যোগে, বিকল্পে সাতিচ্ হয়, ই চ ইৎ, সাৎ থাকে। যথা, কৃৎস্নং লবণং জলং করোতি জলসাৎ করোতি, কৃৎস্নং লবণং জলং ভবতি জলসাদ্ভবতি, কৃৎস্নং লবণং জলং স্যাৎ জলসাৎ স্যাৎ; ভস্মসাৎ করোতি, ভস্মসাদ্ভবতি, ভস্মসাৎ স্যাৎ। পক্ষে চ্বি। যথা, জলীকরোতি, জলীভবতি, জলীস্যাৎ; ভস্মীকরোতি, ভস্মীভবতি, ভস্মীস্যাৎ।

৩০২। অভিবিধৌ সম্পদা চ।

অভিবিধি(৩৯) বুঝাইলে, অভূততদ্ভাব অর্থে, কৃ, ভূ, অস্, ও সম্পূর্ব্বক পদ্ ধাতুর যোগে, বিকল্পে সাতিচ্ হয়। যথা, অগ্নিসাৎ

(৩৮) একস্যা ব্যক্তেঃ সর্ব্বাবয়বাবচ্ছেদেনান্যথাভাবঃ কার্ৎস্ন্যম্।

(৩৯) বহূনাং ব্যক্তীনাং কিঞ্চিদবয়বাবচ্ছেদেনান্যথাভাবঃ অভিবিধিঃ।

করোতি, অগ্নিসাদ্ভবতি, অগ্নিসাৎ স্যাৎ, অগ্নিসাৎ সম্পদ্যতে। পক্ষে চ্বি। যথা, অগ্নীকরোতি, অগ্নীভবতি, অগ্নীস্যাৎ, অগ্নীসম্পদ্যতে।

৩০৩। অধীনতায়াঞ্চ।

অধীনতা অর্থেও হয়। যথা, রাজ্ঞোঽধীনং করোতি রাজসাৎ করোতি, রাজ্ঞোঽধীনং ভবতি রাজসাদ্ভবতি, রাজ্ঞোঽধীনং স্যাৎ রাজসাৎ স্যাৎ, রাজ্ঞোঽধীনং সম্পদ্যতে রাজসাৎ সম্পদ্যতে। পক্ষে চ্বি। যথা, রাজীকরোতি, রাজীভবতি, রাজীস্যাৎ, রাজীসম্পদ্যতে।

৩০৪। দেয়ে ত্রাচ্ চ।

দেয় বুঝাইলে, কৃ, ভূ, অস্, ও সম্‌পূর্ব্বক পদ্ ধাতুর যোগে, সাতিচ্ ও ত্রাচ্ হয়, চ ইৎ, ত্রা থাকে। যথা, ব্রাহ্মণায় দেয়ং করোতি ব্রাহ্মণসাৎ করোতি, ব্রাহ্মণত্রা করোতি; ব্রাহ্মণসাদ্ভবতি, ব্রাহ্মণত্রা ভবতি; ব্রাহ্মণসাৎ স্যাৎ, ব্রাহ্মণত্রা স্যাৎ; ব্রাহ্মণসাৎ সম্পদ্যতে, ব্রাহ্মণত্রা সম্পদ্যতে।

৩০৫। কৃঞো দ্বিতীয়াদেঃ কর্ষে ডাচ্।

কৃধাতুর যোগে, দ্বিতীয়, তৃতীয়, শম্ব, বীজ, এই সকল প্রাতিপদিকের উত্তর, কর্ষণ অর্থে, ডাচ্ হয়, ড চ ইৎ, আ থাকে। যথা, দ্বিতীয়াকরোতি, তৃতীয়াকরোতি; দ্বিতীয়ং তৃতীয়ং কর্ষণং করোতি ইত্যর্থঃ; শম্বাকরোতি অনুলোমকৃষ্টং ক্ষেত্রং প্রতিলোমং কর্ষতীত্যর্থঃ; বীজাকরোতি, বীজেন সহ কর্ষতীত্যর্থঃ।

৩০৬। সংখ্যায়াশ্চ গুণান্তায়াঃ।

গুণশব্দ অন্তে থাকিলে, সংখ্যাবাচক শব্দের উত্তর, কৃধাতুযোগে, কর্ষণ অর্থে, ডাচ্ হয়। যথা, দ্বিগুণাকরোতি ত্রিগুণাকরোতি ক্ষেত্রম্, দ্বিগুণং ত্রিগুণং কর্ষতীত্যর্থঃ।

৩০৭। **সময়াচ্চ যাপনায়াম্।**

যাপন বুঝাইলে, সময় শব্দের উত্তর ডাচ্ হয়। যথা, **সময়াকরোতি, সময়ং যাপয়তীত্যর্থঃ।**

৩০৮। **সপত্র নিষ্পত্রাদ্ব্যথনে।**

ব্যথন অর্থে, সপত্র, নিষ্পত্র, এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, **সপত্রাকরোতি মৃগং ব্যাধঃ, সপত্রং শরম্ অস্য শরীরে প্রবেশয়ন্ ব্যথয়তীত্যর্থঃ; নিষ্পত্রাকরোতি, শরীরাৎ শরম্ অপরপার্শ্বে নিষ্কাময়ন্ ব্যথয়তীত্যর্থঃ।**

৩০৯। **নিষ্কুলান্নিষ্কোষণে।**

নিষ্কোষণ (৪০) অর্থে, নিষ্কুল, এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, **নিষ্কুলাকরোতি দাড়িমম্, দাড়িমস্য অন্তরবয়বান্ বহির্নিঃসারয়তীত্যর্থঃ।**

৩১০। **সুখ প্রিয়াভ্যামানুলোম্যে।**

আনুলোম্য অর্থে, সুখ, প্রিয়, এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, **সুখাকরোতি প্রিয়াকরোতি মিত্রম্, অনুকূলাচরণেন আনন্দয়তীত্যর্থঃ।**

৩১১। **দুঃখাৎ প্রাতিলোম্যে।**

প্রাতিলোম্য বুঝাইলে, দুঃখ, এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, **দুঃখাকরোতি ভৃত্যঃ, স্বামিনং পীড়য়তীত্যর্থঃ।**

৩১২। **শূলাৎ পাকে।**

পাক অর্থে, শূল, এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, **শূলাকরোতি মাংসম্, শূলেন পচতীত্যর্থঃ।**

(৪০) কোষ হইতে বহিষ্করণ।

৩১৩। **সত্যাদশপথে।**

শপথ ভিন্ন অর্থে, সত্য, এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা, সত্যাকরোতি ভাণ্ডং বণিক্, ক্রেতব্যমিতি প্রতিজানীতে ইত্যর্থঃ।

৩১৪। **মদ্রাৎ পরিবাপণে।**

মুণ্ডন অর্থে, মদ্রশব্দের উত্তর ডাচ্ হয়। যথা, **মদ্রাকরোতি, মাঙ্গল্যং মুণ্ডনং করোতীত্যর্থঃ।**

# স্ত্রীপ্রত্যয়

১। **স্ত্রিয়াম্।**

এই প্রকরণে যে সকল কার্য্য বিহিত হইতেছে, তাহা স্ত্রীলিঙ্গে বুঝিতে হইবেক।

২। **অদন্তাদাপ্।**

অকারান্ত প্রাতিপদিকের উত্তর আপ্ হয়, প ইৎ, আ থাকে। যথা, **কৃশ কৃশা, দীন দীনা, মলিন মলিনা, কৃপণ কৃপণা, ক্রূর ক্রূরা, সরল সরলা, প্রবল প্রবলা, অচল অচলা, নিপুণ নিপুণা, চতুর চতুরা, তরল তরলা, চপল চপলা, দক্ষিণ দক্ষিণা, উত্তর উত্তরা, পূর্ব্ব পূর্ব্বা, পশ্চিম পশ্চিমা, প্রথম প্রথমা, দ্বিতীয় দ্বিতীয়া, তৃতীয় তৃতীয়া, অনুকূল অনুকূলা, প্রতিকূল প্রতিকূলা, মনোহর মনোহরা।**

৩। **আপি প্রত্যয়কাৎ পূর্ব্বস্যাত ইৎ।**

আপ্ হইলে, প্রত্যয়ককারের পূর্ব্ববর্ত্তী অকারের স্থানে ইকার হয়। যথা, **নায়ক নায়িকা, পাচক পাচিকা, নাটক নাটিকা, পালক পালিকা, কারক কারিকা, বোধক বোধিকা, বাধক বাধিকা, বালক বালিকা।**

৪। নাষ্টকাদেঃ।

অষ্টকা প্রভৃতির ককারের পূর্ব্ববর্তী অকারের স্থানে ইকার হয় না। যথা, অষ্টকা, দৃষ্টকা, কন্যকা, কারকা, চটকা, তারকা, অধিত্যকা, উপত্যকা।

৫। ঙীপ্ গৌরাদিভ্যঃ।

গৌর প্রভৃতি অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঙীপ্ হয়, প ইৎ, ঈ থাকে।

৬। ঙীপি লোপোঽবর্ণস্য।

ঙীপ্ হইলে, প্রতিপদিকের অন্তস্থিত অবর্ণের লোপ হয়। যথা, গৌর গৌরী, কুমার কুমারী, কিশোর কিশোরী, সুন্দর সুন্দরী, তরুণ তরুণী, পিতামহ পিতামহী, মাতামহ মাতামহী, নর্ত্ত নর্ত্তী, তট তটী, নট নটী, পট পটী, কদল কদলী, স্থল স্থলী, কাল কালী, নাগ নাগী, মণ্ডল মণ্ডলী, সল্লক সল্লকী, বেতস বেতসী, অতস অতসী, আমলক আমলকী, তূণ তূণী, দ্রোণ দ্রোণী, বদর বদরী, কবর কবরী।

৭। জাতৌ জাতেরদন্তাদ্ঙীপ্।

জাতি বুঝাইলে, জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঙীপ্ হয়। যথা, সিংহ সিংহী, ব্যাঘ্র ব্যাঘ্রী, ভল্লুক ভল্লুকী, মৃগ মৃগী, হরিণ হরিণী, কুরঙ্গ কুরঙ্গী, গর্দ্দভ গর্দ্দভী, শূকর শূকরী, কুক্কুর কুক্কুরী, জম্বুক জম্বুকী, শৃগাল শৃগালী, বিড়াল বিড়ালী, ঘোটক ঘোটকী, মহিষ মহিষী, হংস হংসী, সারস সারসী, চক্রবাক চক্রবাকী, মানুষ মানুষী, ব্রাহ্মণ ব্রাহ্মণী, গোপ গোপী, চণ্ডাল চণ্ডালী, পিশাচ পিশাচী, রাক্ষস রাক্ষসী, নিশাচর নিশাচরী।

৮। নাজাদেঃ।

জাতিবাচীর মধ্যে, অজ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, অজ অজা, কোকিল কোকিলা, চটক চটকা, অশ্ব অশ্বা, মূষিক মূষিকা, পুত্রক পুত্রিকা, বাল বালা, বৎস বৎসা, জ্যেষ্ঠ জ্যেষ্ঠা, কনিষ্ঠ কনিষ্ঠা, শূদ্র শূদ্রা। মহৎশব্দ পূর্ব্বে থাকিলে হয়। যথা, মহাশূদ্রী।

৯। ন যোপধাদ্গবয়াদিবর্জ্জাৎ।

যে সকল জাতিবাচী প্রাতিপদিকের উপধাস্থলে য থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, বৈশ্য বৈশ্যা। গবয়, হয়, মুকয়, মৎস্য, মনুষ্য, ইহাদের উত্তর হয়। যথা, গবয়ী হয়ী মুকয়ী।

১০। লোপো মৎস্যমনুষ্যয়োর্যস্য।

ঈপ্ হইলে, মৎস্য ও মনুষ্য শব্দের যলোপ হয়। যথা, মৎসী মনুষী।

১১। ঋদন্তাদীপ্।

ঋকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, দাতৃ দাত্রী ধাতৃ ধাত্রী, কর্ত্তৃ কর্ত্রী, জনয়িতৃ জনয়িত্রী, প্রসবিতৃ প্রসবিত্রী।

১২। ন স্বস্রাদেঃ।

ঋকারান্তের মধ্যে, স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, স্বসা, মাতা, দুহিতা, যাতা, ননান্দা, তিস্রঃ, চতস্রঃ।

১৩। নান্তাদীপ্।

নকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, কামিন্ কামিনী, মানিন্ মানিনী, মায়াবিন্ মায়াবিনী, মেধাবিন্ মেধাবিনী, তপস্বিন্ তপস্বিনী, বিলাসিন্ বিলাসিনী, অধিকারিন্ অধিকারিণী, অনুগামিন্ অনুগামিনী, উপকারিন্ উপকারিণী, অনুরাগিন্ অনুরাগিণী, প্রিয়বাদিন্ প্রিয়বাদিনী, মনোহারিন্ মনোহারিণী।

**১৪। ঙপধায়া লোপোঽনঃ।**

ঈপ্ হইলে, অন্‌ভাগান্ত প্রাতিপদিকের উপধার লোপ হয়। যথা, রাজন্ রাজ্ঞী। উপধা মসংযুক্ত অথবা বসংযুক্ত বর্ণে মিলিত থাকিলে হয় না।

**১৫। ন সংখ্যায়াঃ।**

নকারান্তের মধ্যে, সংখ্যাবাচী প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, পঞ্চ, সপ্ত, অষ্ট, নব, দশ।

**১৬। ন মনন্তাৎ।**

নকারান্তের মধ্যে, মন্‌ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, সীমা, দামা, সুদামা, অতিমহিমা।

**১৭। নানন্তাদ্বহুব্রীহৌ।**

বহুব্রীহি সমাস হইলে, অন্‌ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, বহূনি মন্যস্যাং পর্ব্বাণি বহুপর্ব্বা বেণুযষ্টিঃ।

**১৮। বিভাষা ডাপ্।**

বহুব্রীহি সমাস হইলে, অন্‌ভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ডাপ্ হয়, ড প্ ইৎ, আ থাকে। যথা, বহুপর্ব্বা, বহুপর্ব্বে, বহু-পর্ব্বাঃ ; পক্ষে, বহুপর্ব্বা, বহুপর্ব্বাণৌ, বহুপর্ব্বাণঃ।

**১৯। ঈপ্ চোপধালোপিনো বা।**

যে সকল অনন্ত প্রাতিপদিকের উপধার লোপ হইতে পারে, বহুব্রীহি সমাস হইলে, তাহাদের উত্তর বিকল্পে ডাপ্ ও ঈপ্ হয়। যথা, বহবঃ সন্ত্যস্য রাজানঃ বহুরাজা, বহুরাজে, বহু-রাজাঃ, বহুরাজ্ঞী, বহুরাজ্ঞ্যৌ, বহুরাজ্ঞ্যঃ ; পক্ষে, বহুরাজা, বহুরাজানৌ, বহুরাজানঃ।

**২০। সুবন্ত্যাদয়ঃ।**

যুবতি প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, **যুবন্ যুবতিঃ, যুবতী, যূনী; শ্বন্ শুনী; মঘবন্ মঘোনী, মঘবতী।**

## ২১। **উগৃদিতামীপ্।**

উকারেৎ ও ঋকারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, উকারেৎ—**ভবত্ ভবতী, দ্বয়ত্ দ্বয়তী, কিয়ত্ কিয়তী, শ্রীমত্ শ্রীমতী, বুদ্ধিমত্ বুদ্ধিমতী, পুত্রবত্ পুত্রবতী, লজ্জাবত্ লজ্জাবতী, বলবত্ বলবতী, প্রভাবত্ প্রভাবতী, ক্রতবত্ ক্রতবতী, প্রেয়স্ প্রেয়সী, শ্রেয়স্ শ্রেয়সী, গরীয়স্ গরীয়সী, লঘীয়স্ লঘীয়সী, কনীয়স্ কনীয়সী।** ঋকারেৎ—**সত্ সতী, বদত্ বদতী, স্বপত্ স্বপতী, দ্বিষত্ দ্বিষতী, বিভ্রত্ বিভ্রতী, কুর্ব্বত্ কুর্ব্বতী, গচ্ছত্ গচ্ছতী, জানত্ জানতী।**

## ২২। **শতুর্নুন্ ভূ দিবাদিভ্যাম্।**

ঈপ্ হইলে, ভ্বাদি ও দিবাদি গণীয় ধাতুর উত্তর বিহিত শতৃ-প্রত্যয় স্থানে নুন্ হয়, উ ন ইৎ, ন থাকে, ন পূর্ব্ববর্ত্তী হইয়া তকারে মিলিত হয়। যথা, ভ্বাদিগণীয়—**ধাবত্ ধাবন্তী, গচ্ছত্ গচ্ছন্তী, পতত্ পতন্তী, তিষ্ঠত্ তিষ্ঠন্তী, চলত্ চলন্তী, পশ্যত্ পশ্যন্তী, কারয়ত্ কারয়ন্তী, স্মারয়ত্ স্মারয়ন্তী, স্থাপয়ত্ স্থাপয়ন্তী, পালয়ত্ পালয়ন্তী।** দিবাদিগণীয়—**দীব্যত্ দীব্যন্তী, নশ্যত্ নশ্যন্তী, নৃত্যত্ নৃত্যন্তী, জীর্য্যত্ জীর্য্যন্তী, মুহ্যত্ মুহ্যন্তী।**

## ২৩। **বা তুদাদেঃ।**

তুদাদিগণীয়ের উত্তর বিকল্পে। যথা, **তুদত্ তুদন্তী, তুদতী; ইচ্ছত্ ইচ্ছন্তী, ইচ্ছতী; পৃচ্ছত্ পৃচ্ছন্তী, পৃচ্ছতী; স্পৃশত্ স্পৃশন্তী, স্পৃশতী; বিশত্ বিশন্তী, বিশতী।**

## ২৪। **অদাদেরাদন্তাত্।**

অদাদিগণীয় আকারান্তের উত্তর বিকল্পে। যথা, যাত্ যান্তী, যাতী; মাত্ মান্তী, মাতী; ভাত্ ভান্তী, ভাতী; স্নাত্ স্নান্তী, স্নাতী।

২৫। বিভাষা স্যতুঃ।

ঈপ্ হইলে, স্যতৃপ্রত্যয়স্থানে বিকল্পে নুন্ হয়। যথা, ভবিষ্যত্ ভবিষ্যন্তী, ভবিষ্যতী; করিষ্যত্ করিষ্যন্তী, করিষ্যতী; দাস্যত্ দাস্যন্তী, দাস্যতী; যাস্যত্ যাস্যন্তী, যাস্যতী।

২৬। টিত্ ষিদ্ভ্যামীপ্।

টকারেৎ ও ষকারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, টকারেৎপ্রত্যয়নিষ্পন্ন—গায়ন গায়নী, কর্ম্মকর কর্ম্মকরী, অর্থকর অর্থকরী, যশস্কর যশস্করী, নিশাচর নিশাচরী, ভয়ঙ্কর ভয়ঙ্করী, চতুর্থ চতুর্থী, পঞ্চম পঞ্চমী, ষষ্ঠ ষষ্ঠী, সপ্তম সপ্তমী, অষ্টম অষ্টমী, নবম নবমী, দশম দশমী, একাদশ একাদশী, দ্বাদশ দ্বাদশী, ত্রয়োদশ ত্রয়োদশী, চতুর্দ্দশ চতুর্দ্দশী, ষোড়শ ষোড়শী, দ্বয় দ্বয়ী, ত্রয় ত্রয়ী, চতুষ্টয় চতুষ্টয়ী, দয়াময় দয়াময়ী, স্বর্ণময় স্বর্ণময়ী, মৃন্ময় মৃন্ময়ী, হিরণ্ময় হিরণ্ময়ী। ষকারেৎপ্রত্যয়নিষ্পন্ন—নর্ত্তক নর্ত্তকী, রজক রজকী, মানব মানবী, বৈষ্ণব বৈষ্ণবী, দ্রৌপদ দ্রৌপদী, পাঞ্চাল পাঞ্চালী, মাগধ মাগধী, মৈথিল মৈথিলী, পার্ব্বত পার্ব্বতী, চাতুর চাতুরী, মাধুর মাধুরী, ভাগিনেয় ভাগিনেয়ী, পৌত্র পৌত্রী, দৌহিত্র দৌহিত্রী, ঈদৃশ ঈদৃশী, তাদৃশ তাদৃশী, যাদৃশ যাদৃশী, কীদৃশ কীদৃশী, সদৃশ সদৃশী, এতাদৃশ এতাদৃশী, অন্যাদৃশ অন্যাদৃশী।

২৭। ঈপি লোপঃ ষ্যণো হলঃ।

ঈপ্ হইলে, হলবর্ণের পরবর্ত্তী ষ্যণ্ প্রত্যয়ের লোপ হয়। যথা,

গার্গ্য গার্গী, বাৎস্য বাৎসী, আগস্ত্য আগস্তী, বাভ্রব্য বাভ্রবী, মাণ্ডব্য মাণ্ডবী, মৌদ্গল্য মৌদ্গলী, কৌণ্ডিন্য কৌণ্ডিনী।

২৮। প্রাগাদেরীপ্

প্রাচ্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, প্রাচ্ প্রাচী, অবাচ্ অবাচী।

২৯। প্রতীচ্যাদয়ঃ।

প্রতীচী প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, প্রত্যচ্ প্রতীচী, প্রত্যঞ্চী; উদচ্ উদীচী, উদঞ্চী; তির্য্যচ্ তিরশ্চী, তির্য্যঞ্চী।

৩০। জাতেরদন্তাজ্জায়ায়াম্।

জায়া অর্থে, জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, ব্রাহ্মণস্য জায়া ব্রাহ্মণী, শূদ্রস্য জায়া শূদ্রী, গোপস্য জায়া গোপী, গণকস্য জায়া গণকী, নাপিতস্য জায়া নাপিতী, নিষাদস্য জায়া নিষাদী।

৩১। ন পালকান্তাৎ।

পালক অন্তে থাকে, এরূপ জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, গোপালকস্য জায়া গোপালিকা, পশুপালকস্য জায়া পশুপালিকা।

৩২। ভবাদেরানীপৌ।

জায়া অর্থে, ভব প্রভৃতি (৪১) প্রাতিপদিকের উত্তর আন্ ও ঈপ্ হয়। যথা, ভবস্য জায়া ভবানী, সর্ব্বস্য জায়া সর্ব্বাণী, রুদ্রস্য জায়া রুদ্রাণী, মৃডস্য জায়া মৃডানী, ইন্দ্রস্য জায়া ইন্দ্রাণী, বরুণস্য জায়া বরুণানী।

(৪১) ভব, সর্ব্ব, রুদ্র, মৃড়, ইন্দ্র, বরুণ, ব্রহ্মন্, মাতুল, ক্ষত্রিয়, অর্য্য, উপাধ্যায়, আচার্য্য।

৩৩। **নলোপো ব্রহ্মণঃ।**

আন্ হইলে, ব্রহ্মন্‌শব্দের নকারের লোপ হয়। যথা, **ব্রহ্মণো জায়া ব্রহ্মাণী।**

৩৪। **মাতুলাদ্বান্ বিভাষা।**

মাতুলশব্দের উত্তর বিকল্পে আন্ হয়। যথা, **মাতুলস্য জায়া মাতুলানী মাতুলী।**

৩৫। **বা ক্ষত্রিয়াদেরানীপৌ।**

ক্ষত্রিয় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে আন্ ও ঈপ্ হয়। যথা, **ক্ষত্রিয়স্য জায়া ক্ষত্রিয়াণী ক্ষত্রিয়া, অর্য্যস্য জায়া অর্য্যাণী অর্য্যা,** উপাধ্যায়স্য জায়া উপাধ্যায়ানী উপাধ্যায়া, **আচার্য্যস্য জায়া আচার্য্যানী (৪২) আচার্য্যা।**

৩৬। **অর্থবিশেষে হিমাদেঃ।**

অর্থবিশেষে, হিম, অরণ্য, যব, যবন, এই চারি প্রাতিপদিকের উত্তর নিত্য আন্ ও ঈপ্ হয়। যথা, **মহৎ হিমম্** হিমানী, **মহৎ অরণ্যম্ অরণ্যানী, দুষ্টো যবঃ যবানী, যবনানাং লিপিঃ যবনানী।**

৩৭। **বা শোণাদেরীপ্।**

শোণ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, **শোণী শোণা, চণ্ডী চণ্ডা, অরালী অরালা, কৃপণী কৃপণা, কল্যাণী কল্যাণা, পুরাণী পুরাণা, উদারী উদারা, বিকটী বিকটা, বিশালী বিশালা, বিশঙ্কটী বিশঙ্কটা।**

৩৮। **অবয়বাদ্বহুব্রীহৌ।**

বহুব্রীহি সমাস হইলে, অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে

(৪২) ন মূর্দ্ধন্য হয় না।

ঈপ্ হয়। যথা, চন্দ্রমুখী চন্দ্রমুখা, সুকেশী সুকেশা, তাম্র-নখী তাম্রনখা।

৩৯। ন সংজ্ঞায়াং নখ মুখাভ্যাম্।

সংজ্ঞা বুঝাইলে, নখ, মুখ, এই দুই অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, শূর্পনখা, গৌরমুখা।

৪০। ন ক্রোড়াদেঃ।

ক্রোড় প্রভৃতি অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, সুক্রোড়া, তীক্ষ্ণখুরা, চারুঘোণা, দীর্ঘশফা।

৪১। ন সংযুক্তোপধাদঙ্গাদিবর্জ্জাৎ।

যে সকল অবয়ববাচক প্রাতিপদিকের উপধাস্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, মৃগনেত্রা, চারুগুল্ফা, লোলজিহ্বা। অঙ্গ প্রভৃতির উত্তর হয়। যথা, কৃশাঙ্গী কৃশাঙ্গা, মৃদুগাত্রী মৃদুগাত্রা, বিম্বোষ্ঠী বিম্বোষ্ঠা, কোকিলকণ্ঠী কোকিল-কণ্ঠা, কুন্দদন্তী কুন্দদন্তা, চারুকর্ণী চারুকর্ণা, দীর্ঘজঙ্ঘী দীর্ঘজঙ্ঘা, সমুচ্চী সমুচ্চা, তীক্ষ্ণশৃঙ্গী তীক্ষ্ণশৃঙ্গা।

৪২। ন হ্যধিকস্বরান্নাসিকোদরবর্জ্জাৎ।

যে সকল অবয়ববাচক প্রাতিপদিকে দুয়ের অধিক স্বরবর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, মৃগনয়না, চন্দ্রবদনা, চারু-চরণা, পৃথুজঘনা, লোলরসনা। নাসিকা ও উদরের উত্তর হয়। যথা, তুঙ্গনাসিকী তুঙ্গনাসিকা, কৃশোদরী কৃশোদরা।

৪৩। ন সহ নঞ্ বিদ্যমানপূর্ব্বাৎ।

সহ, নঞ্, বিদ্যমান পূর্ব্বে থাকিলে, অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, সকেশা, অকেশা, বিদ্যমানকেশা।

৪৪। নিত্যমূধসষ্টেঁচ নঃ।

বহুব্রীহি সমাস হইলে, ঊধস্‌শব্দের উত্তর নিত্য ঈপ্ ও টিস্থানে

ন হয়। যথা, পীনমস্যা ঊধঃ পীনোঘ্নী, ঘটবদস্যা ঊধঃ ঘটোঘ্নী, দ্বিবিধমস্যা ঊধঃ দ্বিবিধোঘ্নী, অতি অস্যা ঊধঃ অত্যূঘ্নী।

৪৫। দামহায়নান্তাচ্চ সংখ্যায়াঃ।

বহুব্রীহি সমাস হইলে, সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী দামন্, হায়ন্, এই দুই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, দ্বে অস্যা দাম্নী দ্বিদাম্নী, ত্রীণ্যস্যা দামানি ত্রিদাম্নী, দ্বাবস্যা হায়নৌ দ্বিহায়নী, ত্রিহায়ণী, চতুর্হায়ণী গৌঃ। হায়নশব্দ বয়োবাচক না হইলে, ঈপ্ ও ণত্ব হয় না। যথা, দ্বিহায়না, ত্রিহায়না, চতুর্হায়না শালা।

৪৬। ইদন্তাদ্বিভাষা।

ইকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা, শ্রেণী শ্রেণিঃ, রাজী রাজিঃ, আলী আলিঃ, কটী কটিঃ, রাত্রী রাত্রিঃ, রজনী রজনিঃ, শারী শারিঃ, যষ্টী যষ্টিঃ, অহী অহিঃ, কষী কষিঃ, ধুনী ধুনিঃ, শকটী শকটিঃ।

৪৭। নিত্যং সখ্যুঃ।

সখিশব্দের নিত্য। যথা, সখী।

৪৮। ন ক্তেঃ।

ক্তিপ্রত্যয়নিষ্পন্ন ইকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, গতিঃ, স্থিতিঃ, কৃতিঃ, মতিঃ, ভক্তিঃ, মুক্তিঃ, যুক্তিঃ, বুদ্ধিঃ।

৪৯। বা শক্তি পদ্ধতিভ্যাম্।

শক্তি ও পদ্ধতি শব্দের উত্তর বিকল্পে। যথা, শক্তী শক্তিঃ (৪৩), পদ্ধতী পদ্ধতিঃ।

৫০। পত্যুর্নো যজ্ঞসংযোগে।

---

(৪৩) অস্ত্র অর্থে।

যজ্ঞসংযোগ অর্থাৎ যজ্ঞের ফলভাগিত্ব বুঝাইলে, পতি এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ ও ইকারস্থানে ন হয়। যথা, বশিষ্ঠস্য পত্নী, বশিষ্ঠানুষ্ঠিতযজ্ঞফলভোক্ত্রীত্যর্থঃ। গ্রামস্য পতিরিয়ম্, এ স্থলে পতিশব্দের অর্থ অধিকারিণী, যজ্ঞফলভোক্ত্রী নহে, এজন্য ঈপ্ ও ন হইল না।

৫১। সপত্নীপ্রভৃতয়ঃ।

সপত্নী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, সমানঃ পতিরস্যাঃ সপত্নী, একঃ পতিরস্যাঃ একপত্নী সাধ্বী, বীরঃ পতিরস্যাঃ বীরপত্নী, বৃদ্ধঃ পতিরস্যাঃ বৃদ্ধপত্নী, ভদ্রঃ পতিরস্যাঃ ভদ্রপত্নী, পঞ্চ পতয়োঽস্যাঃ পঞ্চপত্নী দ্রৌপদী, পতিরস্ত্যস্যাঃ পতিবত্নী জীবভর্তৃকা, অন্তরস্ত্যস্যাঃ অন্তর্বত্নী গর্ভিণী।

৫২। পদো বহুব্রীহৌ।

বহুব্রীহি সমাস হইলে, পদ্ এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, দ্বাবস্যাঃ পদৌ দ্বিপদী, ত্রয়োঽস্যাঃ পদঃ ত্রিপদী, চতুষ্পদী, বহুপদী, শতপদী।

৫৩। দতশ্চ।

বহুব্রীহি সমাস হইলে, দৎ এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, সুদতী, চারুদতী, শুভ্রদতী, কুন্দদতী।

৫৪। পাণিগৃহীতাৎ পত্ন্যাম্।

পত্নী অর্থ বুঝাইলে, পাণিগৃহীত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা, পাণিগৃহীতোঽস্যাঃ পাণিগৃহীতী পত্নী; অন্যত্র, পাণিগৃহীতা নারী।

৫৫। বা গুণবাচকাদুদন্তাৎ।

গুণবাচক উকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,

**মৃদ্বী মৃদুঃ, সাধ্বী সাধুঃ, পট্বী পটুঃ, গুর্ব্বী গুরুঃ, লঘ্বী লঘুঃ, অণ্বী অণুঃ স্বাদ্বী স্বাদুঃ, বহ্বী বহুঃ।** খরুশব্দের হয় না।

**৫৬। ন সংযুক্তোপধাৎ।**

যে সকল গুণবাচক উকারান্ত প্রাতিপদিকের উপধাস্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা, **পাণ্ডুঃ।**

**৫৭। নিত্যমশিশ্বনডুহ্ভ্যাম্।**

অশিশু ও অনডুহ্ শব্দের উত্তর নিত্য ঈপ্ হয়। যথা, **অশিশ্বী, নাস্ত্যস্যাঃ শিশুরিত্যর্থঃ; অনডুহী।**

**৫৮। অনড্বাহী।**

নিপাতনে সিদ্ধ।

**৫৯। উদন্তাদূপ্।**

উকারান্ত প্রাতিপদিকের উত্তর ঊপ্ হয়, প ইৎ, ঊ থাকে। যথা, **কুরূঃ, কদ্রূঃ, অলাবূঃ, কর্কন্ধূঃ, ব্রহ্মবন্ধূঃ।**

**৬০। ন রজ্জ্বাদেঃ।**

রজ্জু প্রভৃতি উকারান্ত প্রাতিপদিকের উত্তর ঊপ্ হয় না। যথা, **রজ্জুঃ, ধেনুঃ, আখুঃ, হনুঃ, কমণ্ডলুঃ, রুকণাকুঃ, হস্তপাদুঃ, অধ্বর্য্যুঃ।**

**৬১। বিভাষা তন্বাদেঃ।**

তনু প্রভৃতি উকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঊপ্ হয়। যথা, **তনূঃ তনুঃ, চঞ্চূঃ চঞ্চুঃ।**

**৬২। শ্বশ্রূঃ শ্বশুরস্য।**

শ্বশুরশব্দস্থানে নিপাতনে শ্বশ্রূ হয়। যথা, **শ্বশুরস্য জায়া শ্বশ্রূঃ।**

**৬৩। জরোরৌপম্যে।**

উপমা বুঝাইলে, উক্ত এই প্রাতিপদিকের উত্তর উপ্ হয়। যথা, রম্ভে ইবাস্যা ঊরূ রম্ভোরূঃ, করভাবিবাস্যা ঊরূ করভোরূঃ, করিকরাবিবাস্যা ঊরূ করিকরোরূঃ।

৬৪। **বামাদিপূর্ব্বাচ্চ।**

বাম প্রভৃতি শব্দের পরবর্ত্তী উক্ত এই প্রাতিপদিকের উত্তর উপ্ হয়। যথা, বামোরূঃ, সহিতোরূঃ, সহোরূঃ, সংহিতোরূঃ, লক্ষণোরূঃ, শফোরূঃ।

# সমাস।

১। **একপদীভাবঃ সমাসঃ।**

দুই বা বহু পদের যে একপদীভাব, অর্থাৎ এক পদ হইয়া যাওয়া, তাহাকে সমাস বলে।

২। **লুক্ বিভক্তেঃ।**

সমাসের অন্তর্গত পদ সমুদয়ের বিভক্তির লোপ হয়।

৩। **নস্য লোপঃ পূর্ব্বস্য।**

সমাস হইলে, পূর্ব্ব পদের অন্তস্থিত নকারের লোপ হয়।

৪। **পরস্য স্বরে।**

স্বরবর্ণ পরে থাকিলে, পর পদের অন্তস্থিত নকারের লোপ হয় (৪৪)।

৫। **লোপোঽবর্ম্মবর্ম্মযোঃ।**

(৪৪) কপ্ প্রত্যয় পরে থাকিলেও, পর পদের অন্তস্থিত নকারের লোপ হইয়া থাকে।

স্বরবর্ণ পরে থাকিলে, অবর্ণ ও ইবর্ণের লোপ হয়।

**৬। অকারো নঞো হলি।**

হল্‌বর্ণ পরে থাকিলে, নঞের নঞের স্থানে অন্‌ হয়।

**৭। অন্‌ স্বরে।**

স্বরবর্ণ পরে থাকিলে, নঞের স্থানে অন্‌ হয়।

**৮। টের্লোপো ডিতি।**

ডকারেৎ প্রত্যয় পরে থাকিলে, টির লোপ হয়।

**৯। তের্বিংশতেঃ।**

বিংশতিশব্দের তি এই ভাগের লোপ হয়।

**১০। হ্রস্বাবন্তে গোস্ত্রিয়াবন্যার্থে।**

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, তথায় অন্তস্থিত গোশব্দ ও স্ত্রীপ্রত্যয় হ্রস্ব হয়।

**১১। স্ত্রী নেয়সুনঃ।**

ঈয়সুনের পরবর্ত্তী স্ত্রীপ্রত্যয় হ্রস্ব হয় না।

**১২। সমাসাঃ প্রাতিপদিকানি।**

সমাস হইলে, সমস্ত ভাগ প্রাতিপদিক হয়, অর্থাৎ পুনরায় তাহাদের উত্তর নূতন বিভক্তি হয়।

**১৩। বিশেষ্যলিঙ্গমন্যার্থে।**

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, তথায় সমস্ত ভাগ বিশেষ্যলিঙ্গ হয়।

**১৪। নপুংসকৈকবচনে সমাহারে।**

সমাহার সমাস হইলে, সমস্ত ভাগ নপুংসকলিঙ্গ ও একবচনান্ত হয়।

**১৫। পুংবদ্ভাবঃ সর্ব্বনাম্নঃ।**

সমাসে স্ত্রীলিঙ্গ সর্ব্বনামের পুংবদ্ভাব অর্থাৎ পুংলিঙ্গের ন্যায় আকার হয়।

১৬। महतो महा विशेष्ये।

বিশেষ্য শব্দ পরে থাকিলে, মহৎশব্দস্থানে মহা হয়।

## অব্যয়ীভাব সমাস।

১। अव्ययीभावः।

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম অব্যয়ীভাব।

২। नपुंसकमव्ययीभावे।

অব্যয়ীভাব সমাস হইলে, সমস্ত ভাগ নপুংসকলিঙ্গ হয়।

৩। अदन्ताद्विभक्तेरपञ्चम्या मः।

অকারান্ত অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তির স্থানে ম হয়, পঞ্চমীর স্থানে হয় না।

৪। विभाषा तृतीयासप्तम्योः।

তৃতীয়া ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে।

৫। लुक् परात्।

অকারান্ত ভিন্ন অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তির লোপ হয়।

৬। सुपाव्ययं समीपादौ।

সমীপ প্রভৃতি (৪৫) অর্থে, সুবন্ত পদের সহিত অব্যয়ের সমাস হয়। যথা, সমীপ—कृष्णस्य समीपम् উপকৃষ্ণম্, गङ्गायाः समीपम् উপগঙ্গম্; অভাব—বিঘ্নস্যাভাবঃ নির্ব্বিঘ্নম্, মক্ষিকাণাম্

(৪৫) समीप, অভাব, अत्यय, असम्प्रति, पश्चात्, योग्य, वीप्सा, अनतिवृत्ति, आनुपूर्व्य, विभक्ति, सादृश्य, यौगपद्य, साकल्य, समृद्धि, पर्य्यन्त इत्यादि।

অভাব: নির্মক্ষিকম্; অত্যয়—হিমস্যাত্যয়: অতিহিমম্, বাধায়া অত্যয়: অতিবাধম্; অসম্প্রতি—নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে অতিনিদ্রম্, শীতং সম্প্রতি ন যুজ্যতে অতিশীতম্; পশ্চাৎ—রথস্য পশ্চাৎ অনুরথম্, গেহস্য পশ্চাৎ অনুগেহম্; যোগ্য—রূপস্য যোগ্যম্ অনুরূপম্, কুলস্য যোগ্যম্ অনুকূলম্; বীপ্সা—দিনং দিনং প্রতি প্রতিদিনম্, গেহং গেহং প্রতি প্রতিগেহম্; অনতিবৃত্তি—শক্তিমনতিক্রম্য যথাশক্তি, স্থানমনতিক্রম্য যথা-স্থানম্; আনুপূর্ব্ব্য—জ্যেষ্ঠস্যানুপূর্ব্ব্যেণ অনুজ্যেষ্ঠম্, বর্ণানাম্ আনুপূর্ব্ব্যেণ অনুবর্ণম্; বিভক্ত্যর্থ—হরৌ অধিহরি, গেহে অধিগেহম্।

৭। সহ: সোঽকালে।

অব্যয়ীভাব সমাসে, সহশব্দস্থানে স হয়। যথা, সাদৃশ্য—হরে: সদৃশং সহরি; যৌগপদ্য—চক্রেণ যুগপৎ সচক্রম্; সাকল্য—তৃণমপ্যপরিত্যজ্য সতৃণম্; সমৃদ্ধি—মদ্রাণাং সমৃদ্ধি: সমদ্রম্; পর্য্যন্ত—অগ্নিগ্রন্থপর্য্যন্তমধীতে সাগ্নি। কাল বুঝাইলে হয় না। যথা, সহপূর্ব্বাহ্নম্, সহাপরাহ্নম্।

৮। যাবদবধারণে।

অবধারণ বুঝাইলে, সুবন্তের সহিত যাবৎ এই শব্দের সমাস হয়। যথা, যাবদমত্রং ব্রাহ্মণানামন্ত্রয়স্ব, যাবন্ত্যমত্রাণি সন্তি পঞ্চ ষড্ বা, তাবত্ আমন্ত্রয়স্বেত্যর্থ:।

৯। বিভাষা বহিরাদি: পঞ্চম্যা।

পঞ্চম্যন্ত পদের সহিত বহিস্ প্রভৃতি (৪৬) শব্দের বিকল্পে সমাস হয়। যথা, বহির্গ্রামং গ্রামাদ্বহি:, প্রাগুপবনং উপবনাত্ প্রাক্।

(৪৬) বহিস্, প্রাচ্, অবাচ্, প্রত্যচ্, অপ্, পরি ইত্যাদি।

১০। **আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ।**

মর্য্যাদা ও অভিবিধি (৪৭) বুঝাইলে, সুবন্ত পদের সহিত আঙ্ এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, **আপাটলিপুত্রম্, আ পাটলিপুত্রাৎ, বৃষ্টো দেবঃ; আকুমারম্, আকুমারেভ্যঃ, যশঃ কালিদাসস্য।**

১১। **লক্ষণেনাভি প্রতী আভিমুখ্যে।**

আভিমুখ্য বুঝাইলে, লক্ষ্যবাচক সুবন্ত পদের সহিত অভি, প্রতি, এই দুই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, **অভ্যগ্নি, অগ্নিম্ অভি, শলভাঃ পতন্তি; প্রত্যগ্নি, অগ্নিং প্রতি।**

১২। **যস্য চায়ামস্তেনানুঃ।**

যাহার দৈর্ঘ্য বুঝায়, তাহার সহিত অনু এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, **অনুগঙ্গম্, গঙ্গায়া অনু, বারাণসী; গঙ্গাদৈর্ঘ্যসদৃশদৈর্ঘ্যোপলক্ষিতা ইত্যর্থঃ।**

১৩। **পারেমধ্যে ষষ্ঠ্যা।**

ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা, **সমুদ্রস্য পারং পারেসমুদ্রম্; গঙ্গায়া মধ্যং মধ্যেগঙ্গম্।** নিপাতনে একারাগম হয়। পক্ষে ষষ্ঠীসমাস।

১৪। **সংখ্যা নদীভিঃ সমাহারে।**

সমাহার বুঝাইলে, নদীবাচক সুবন্ত পদের সহিত সংখ্যাবাচকের অব্যয়ীভাব সমাস হয়। যথা, **তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ ত্রিগঙ্গম্, পঞ্চনদম্, সপ্তগোদাবরম্।**

১৫। **অন্যপদার্থে চ সংজ্ঞায়াম্।**

(৪৭) **তেন বিনা মর্য্যাদা, তৎসহিতোঽভিবিধিঃ।**

সংজ্ঞা বুঝাইলে, ও অন্য পদার্থ প্রতীয়মান হইলে, নদীবাচকের সহিত সুবন্ত পদের অব্যয়ীভাব সমাস হয়। যথা, उन्मत्ता गङ्गा यस्मिन् उन्मत्तगङ्गम्, लोहितगङ्गम्, तूष्णींगङ्गम्, शनैर्गङ्गम्। इमानि देशविशेषनामानि।

১৬। तिष्ठद्गुप्रभृतीनि।

অব্যয়ীভাব সমাসে, তিষ্ঠদ্গু প্রভৃতি (৪৮) শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, तिष्ठन्ति गावो यस्मिन् काले दोहाय तिष्ठद्गु, आयन्ति यस्मिन् काले गावो गोष्ठम् आयतीगवम्।

১৭। शरदादेरन्।

অব্যয়ীভাব সমাস হইলে, শরদ্ প্রভৃতি (৪৯) শব্দের উত্তর অন্ হয়, ন ইৎ, অ থাকে। যথা, उपशरदम्, प्रतिदिशम्, आहिमवतम्, अनुदृशम्।

১৮। जराया जरस्।

অন্ হইলে, জরাশব্দ স্থানে জরস্ হয়। যথা, उपजरसम्।

১৯। सरजसोपशुने।

---

(৪৮) तिष्ठद्गु, वहद्गु, आयतीगवम्, खलेयवम्, खलेबुसम्, लूनयवम्, लूयमानयवम्, पूतयवम्, पूयमानयवम्, संहृतयवम्, संह्रियमाणयवम्, संहृतबुसम्, संह्रियमाणबुसम्, समभूमि, समपदाति, सुषमम्, विषमम्, दुःषमम्, निःषमम्, अपसमम्, आयतीसमम्, प्रोढम्, पापसमम्, पुण्यसमम्, प्राह्णम्, प्ररथम्, प्रमृगम्, प्रदक्षिणम्, अपरदक्षिणम्, सम्प्रति, असम्प्रति।

(৪৯) शरद्, विपाश्, अनस्, मनस्, उपानह्, दिव्, हिमवत्, हिरुक्, विद्, सद्, दिश्, दृश्, विश्, चतुर्, त्यद्, तद्, यद्, कियत्, जरा।

সরজস ও উপশুন নিপাতনে সিদ্ধ হয়। যথা, রজোঽপগতিমত্ত্ব সরজসম্, শুনঃ সমীপম্ উপশুনম্।

২০। প্রতি পরঃ সমনুভ্যোঽক্ষ্ণঃ।

প্রতি, পরস্, সম্, অনু, ইহাদের পরবর্ত্তী অক্ষিশব্দের উত্তর অন্ হয়। যথা, প্রত্যক্ষম্, পরোক্ষম্, সমক্ষম্, অন্বক্ষম্।

২১। অনন্তাৎ।

অন্‌ভাগান্ত শব্দের উত্তর অন্ হয়। যথা, উপরাজম্, অধ্যাত্মম্, প্রত্যঘ্নম্।

২২। বা নপুংসকাৎ।

নপুংসক অন্‌ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে। যথা, উপচর্ম্মম্ উপচর্ম্ম।

২৩। গিরি নদী পৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ।

গিরি, নদী, পৌর্ণমাসী, ও আগ্রহায়ণীর উত্তর বিকল্পে অন্ হয়। যথা, উপগিরম্, উপগিরি; উপনদম্, উপনদি; উপপৌর্ণমাসম্, উপপৌর্ণমাসি; উপাগ্রহায়ণম্, উপাগ্রহায়ণি।

২৪। ঝয়ান্তাচ্চাপঞ্চমাৎ।

পঞ্চম ভিন্ন স্পর্শবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে অন্ হয়। যথা, উপদৃষদম্ উপদৃষৎ, অনুসমিধম্ অনুসমিৎ।

২৫। প্রতেরুরসঃ সপ্তমীস্থাৎ।

প্রতিশব্দের পরবর্ত্তী সপ্তম্যর্থে বর্ত্তমান উরস্‌শব্দের উত্তর অন্ হয়। যথা, উরসি প্রত্যুরসম্।

২৬। অনুগবমায়ামে।

দৈর্ঘ্য বুঝাইলে, অনুগবম্, এই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, গোঃ পশ্চাৎ অনুগবম্।

## তৎপুরুষ সমাস।

১। **তৎপুরুষঃ।**

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম তৎপুরুষ।

২। **পরবল্লিঙ্গং তৎপুরুষে।**

তৎপুরুষ সমাস হইলে, সমস্ত ভাগ পর পদের লিঙ্গ প্রাপ্ত হয়।

৩। **রাত্রাহ্নাহাঃ পুংসঃ।**

তৎপুরুষ সমাস হইলে, সমস্ত ভাগের অন্তস্থিত রাত্র, অহ্ন, ও অহ, পুংলিঙ্গ হয়।

৪। **রাত্রং নপুংসকং সংখ্যাপূর্ব্বম্।**

সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে থাকিলে, রাত্র নপুংসক হয়।

৫। **পুণ্যাদহঃ।**

পুণ্যশব্দের পরবর্ত্তী অহ নপুংসক হয়।

৬। **দ্বিতীয়া শ্রিতাদিভিঃ।**

শ্রিত প্রভৃতি সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত পদের সমাস হয়। যথা, **কষ্টং শ্রিতঃ কষ্টশ্রিতঃ, দুঃখমতীতঃ দুঃখাতীতঃ, কূপং পতিতঃ কূপপতিতঃ, স্বর্গং গতঃ স্বর্গগতঃ, তুহিনমত্যস্তঃ তুহিনাত্যস্তঃ, সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, সুখমাপন্নঃ সুখাপন্নঃ, গ্রামং গামী গ্রামগামী, অন্নং বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বেদং বিদ্বান্ বেদবিদ্বান্।**

৭। **খট্বা ক্ষেপে কৃত্যায়াম্।**

নিন্দা বুঝাইলে, ক্তপ্রত্যয়নিষ্পন্ন সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত খট্বাশব্দের সমাস হয়। যথা, **খট্বাম্ আরূঢ়ঃ খট্বারূঢ়ঃ, ভগ্নব্রতস্থিত দুর্বৃত্তঃ।** নিত্য সমাস।

৮। **কালা অত্যন্তসংযোগে।**

অত্যন্ত সংযোগ বুঝাইলে, সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত কালবাচক সুবন্ত পদের সমাস হয়। যথা, মুহূর্ত্তং সুখম্ মুহূর্ত্তসুখম্, মাসং গম্যঃ মাসগম্যঃ, বর্ষং ভোগ্যঃ বর্ষভোগ্যঃ; মুহূর্ত্তং মাসং বর্ষং ব্যাপ্য ইত্যর্থঃ।

## ৯। তৃতীয়া পূর্ব্বাদিভিঃ।

পূর্ব্ব প্রভৃতি সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, মাসেন পূর্ব্বঃ মাসপূর্ব্বঃ, বর্ষেণ অবরঃ বর্ষাবরঃ, বাচা কলহঃ বাক্কলহঃ, গুড়েন মিশ্রঃ গুড়মিশ্রঃ, আচারেণ নিপুণঃ আচার-নিপুণঃ, ধনেন অর্থঃ ধনার্থঃ, মাত্রা সদৃশী মাতৃসদৃশী, পিত্রা সমঃ পিতৃসমঃ।

## ১০। ঊনার্থৈশ্চ।

ঊনার্থ সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, একেন ঊনঃ একোনঃ, বিদ্যয়া হীনঃ বিদ্যাহীনঃ, শ্রমেণ রহিতঃ শ্রমরহিতঃ, গর্ব্বেণ শূন্যঃ গর্ব্বশূন্যঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ।

## ১১। কৃতা কর্ত্তৃকরণয়োঃ।

কৃৎপ্রত্যয়নিষ্পন্ন সুবন্ত পদের সহিত, কর্ত্তায় ও করণে বিহিত তৃতীয়াবিভক্ত্যন্ত পদের সমাস হয়। যথা, কর্ত্তায়—ব্যাঘ্রেণ হতঃ ব্যাঘ্রহতঃ, অহিনা দষ্টঃ অহিদষ্টঃ, ব্যাসেন রচিতঃ ব্যাস-রচিতঃ, পাণিনিনা প্রণীতং পাণিনিপ্রণীতম্, নারদেন প্রোক্তং নারদপ্রোক্তম্, দ্বিজেন ভক্ষ্যং দ্বিজভক্ষ্যম্, পুত্রেণ দেয়ং পুত্রদেয়ম্। করণে—নখৈর্ভিন্নঃ নখভিন্নঃ, অসিনা ছিন্নম্ অসিচ্ছিন্নম্, অগ্নিনা দগ্ধঃ অগ্নিদগ্ধঃ, জলেন সিক্তঃ জলসিক্তঃ, অঞ্জলিনা পেয়ম্ অঞ্জলিপেয়ম্, শিরসা ধার্য্যং শিরোধার্য্যম্।

## ১২। চতুর্থী বলি হিত সুখৈঃ।

সুবন্ত বলি, হিত, ও সুখ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা, ভূতায় বলিঃ ভূতবলিঃ, পুত্রায় হিতম্ পুত্রহিতম্, ভ্রাত্রে সুখম্ ভ্রাতৃসুখম্।

১৩। **অর্থেন চ।**

অর্থশব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। সমস্ত ভাগ বিশেষ্যের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা, **দ্বিজার্থঃ সূপঃ, দ্বিজার্থা যবাগূঃ, দ্বিজার্থং পয়ঃ।** নিত্য সমাস।

১৪। **বিকৃতিঃ প্রকৃত্যা তাদর্থ্যে।**

তাদর্থ্য বুঝাইলে, প্রকৃতিস্থলীয় সুবন্ত পদের সহিত বিকৃতিস্থলীয় চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা, **কুণ্ডলায় হিরণ্যং কুণ্ডল-হিরণ্যম্, যূপায় দারু যূপদারু।**

১৫। **পঞ্চমী ভয়াদিভিঃ।**

ভয় প্রভৃতি সুবন্ত পদের সহিত পঞ্চম্যন্ত পদের সমাস হয়। যথা, **ব্যাঘ্রাৎ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, ব্যাঘ্রাৎ ভীতঃ ব্যাঘ্রভীতঃ, ব্যাঘ্রাৎ ভীঃ ব্যাঘ্রভীঃ, ব্যাঘ্রাৎ ভীতিঃ ব্যাঘ্রভীতিঃ, গেহাৎ নির্গতঃ গেহনির্গতঃ, অধর্ম্মাৎ জুগুপ্সুঃ অধর্ম্মজুগুপ্সুঃ, সুখাৎ অপেতঃ সুখাপেতঃ, বন্ধনাৎ মুক্তঃ বন্ধনমুক্তঃ, রথাৎ পতিতঃ রথপতিতঃ, তরঙ্গাৎ অপত্রস্তঃ তরঙ্গাপত্রস্তঃ, বিদেশাৎ আগতঃ বিদেশাগতঃ।**

১৬। **ষষ্ঠী সমর্থেন।**

সমর্থ সুবন্ত পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয়। যথা, **গঙ্গায়াঃ জলম্ গঙ্গাজলম্, তরোঃ ছায়া তরুচ্ছায়া, অগ্নেঃ শিখা অগ্নি-শিখা, বায়োঃ বেগঃ বায়ুবেগঃ, জলস্য প্রবাহঃ জলপ্রবাহঃ, সুখস্য ভোগঃ সুখভোগঃ, পয়সঃ পানং পয়ঃপানম্, কন্যায়াঃ দানং কন্যা-দানম্, গবাং দোহঃ গোদোহঃ, আজ্ঞায়াঃ ভঙ্গঃ আজ্ঞাভঙ্গঃ, দয়ায়াঃ**

অন্তঃ দৃষ্টান্তঃ, সূর্য্যস্য উদয়ঃ সূর্য্যোদয়ঃ, দৃষ্টেঃ পাতঃ দৃষ্টিপাতঃ, শিরসঃ ছেদঃ শিরশ্ছেদঃ, গবাং বধঃ গোবধঃ, পিতুঃ গৃহং পিতৃ-গৃহম্, রাজ্ঞঃ ভবনং রাজভবনম্, মনোঃ বচনং মনুবচনম্, অর্থস্য নাশঃ অর্থনাশঃ, কূপস্য উদকং কূপোদকম্।

১৭। **ন নির্দ্ধারণে।**

নির্দ্ধারণ অর্থে বিহিত ষষ্ঠীর সমাস হয় না। যথা, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ, গবাং কৃষ্ণা বহুক্ষীরা।

১৮। **ন পূরণার্থৈঃ।**

পূরণার্থ পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, রাজ্ঞাং প্রথমঃ, পুত্রয়োঃ দ্বিতীয়ঃ, ভ্রাতৄণাং তৃতীয়ঃ, শিষ্যাণাং চতুর্থঃ, ছাত্রাণাং পঞ্চমঃ।

১৯। **ন গুণবাচিভিঃ।**

গুণবাচক পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, পটস্য শৌক্ল্যম্, কোকনদস্য লৌহিত্যম্, আকাশস্য নীলিমা, দ্রাক্ষায়াঃ মাধুর্য্যম্। কোনও কোনও স্থলে হয়। যথা, অর্থস্য গৌরবম্ অর্থ-গৌরবম্, বুদ্ধেঃ মান্দ্যম্ বুদ্ধিমান্দ্যম্, অর্থস্য কার্শ্যম্ অর্থকার্শ্যম্।

২০। **ন তৃপ্ত্যর্থৈঃ।**

তৃপ্ত্যর্থ পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, অপাং তৃপ্তঃ, ফলানাং সুহিতঃ, অন্নস্য আশিতঃ।

২১। **ন তৃজকাভ্যাং যাজকাদিবর্জ্জম্।**

তৃচ্ ও অক প্রত্যয়ের যোগে নিষ্পন্ন শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, তৃচ্-জগতঃ স্রষ্টা, ধনস্য দাতা, দুঃখস্য হর্ত্তা; অক-প্রজানাং পালকঃ, বৃক্ষাণাং ছেদকঃ, শত্রূণাং ঘাতকঃ। যাজকাদির হয়। যথা, শূদ্রযাজকঃ, দেবপূজকঃ, রাজ-

পরিচারকঃ, বেদাধ্যাপকঃ, সর্বৌদনাহ্বকঃ, দেবস্নাতকঃ, জল-পরিষেচকঃ, ভুবনভর্ত্তা, হবির্হর্ত্তা, গুণগ্রহীতা, গুণগ্রাহকঃ।

২২। সপ্তমী শৌণ্ডাদিভিঃ।

শৌণ্ড প্রভৃতি (৫০) শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, দানে শৌণ্ডঃ দানশৌণ্ডঃ, শাস্ত্রে প্রবীণঃ শাস্ত্রপ্রবীণঃ, রণে পণ্ডিতঃ রণপণ্ডিতঃ, ক্রীড়ায়াং কুশলঃ ক্রীড়াকুশলঃ, কর্ম্মসু নিপুণঃ কর্ম্মনিপুণঃ, আতপে শুষ্কঃ আতপশুষ্কঃ, স্থাল্যাং পক্বঃ স্থালীপক্বঃ।

২৩। কৃত্যৈর্ঋণে।

ঋণ বুঝাইলে, কৃত্যপ্রত্যয়নিষ্পন্ন শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, মাসে দেয়ং মাসদেয়ম্ ঋণম্, বর্ষে পরিশোধ্যং বর্ষপরিশোধ্যম্ ঋণম্।

২৪। ক্তেনাহোরাত্রাবয়বাঃ।

ক্তপ্রত্যয়নিষ্পন্ন শব্দের সহিত দিন ও রাত্রির অবয়ববোধক সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, পূর্ব্বাহ্ণে কৃতং পূর্ব্বাহ্ণকৃতম্, অপরাহ্ণে কৃতম্ অপরাহ্ণকৃতম্, পূর্ব্বরাত্রে কৃতং পূর্ব্বরাত্রকৃতম্, অপররাত্রে কৃতম্ অপররাত্রকৃতম্।

২৫। কুৎসায়াং কাকবাচিনা।

নিন্দা বুঝাইলে, কাকবাচক সুবন্ত শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, তীর্থে কাক ইব তীর্থকাকঃ, তীর্থবায়সঃ, তীর্থধ্বাঙ্ক্ষঃ, অনবস্থিত ইত্যর্থঃ।

২৬। পূর্ব্বাদিরেকদেশিনৈকবচনে।

---

(৫০) শৌণ্ড, ধূর্ত্ত, কিতব, প্রবীণ, সংবীত, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ, সিদ্ধ, শুষ্ক, পক্ব ইত্যাদি।

একবচনান্ত অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর, উত্তর, ইহাদের সমাস হয়। যথা, পূর্ব্বং কায়স্য পূর্ব্বকায়ঃ, অপরকায়ঃ, অধর-কায়ঃ, উত্তরকায়ঃ। একবচন না হইলে হয় না। যথা, পূর্ব্বং ছাত্রাণাম্ আমন্ত্রয়স্ব।

২৭। **অর্দ্ধং নপুংসকম্।**

একবচনান্ত অবয়বীর সহিত ক্লীবলিঙ্গ অর্দ্ধ শব্দের সমাস হয়। যথা, অর্দ্ধং পিপ্পল্যাঃ অর্দ্ধপিপ্পলী। অন্য লিঙ্গে হয় না। যথা, গ্রামস্য অর্দ্ধঃ। একবচন না হইলে হয় না। যথা, অর্দ্ধং পিপ্পলীনাম্।

২৮। **কালাঃ পরিমাণিনা।**

পরিচ্ছেদবাচক পদের সহিত কালবাচক পদের সমাস হয়। যথা, মাসো জাতস্য মাসজাতঃ, বর্ষো মৃতস্য বর্ষমৃতঃ।

২৯। **একদেশবাচিনা চ।**

একদেশবাচক পদের সহিত কালবাচক পদের সমাস হয়।

৩০। **অহ্নোঽহ্ন একদেশাৎ।**

একদেশবাচক পদের পরবর্ত্তী অহন্‌শব্দস্থানে অহ্ন হয়। যথা, পূর্ব্বম্ অহ্নঃ পূর্ব্বাহ্নঃ, মধ্যম্ অহ্নঃ মধ্যাহ্নঃ, অপরম্ অহ্নঃ অপরাহ্নঃ, সায়ম্ অহ্নঃ সায়াহ্নঃ।

৩১। **রাত্রেরন্।**

একদেশবাচক শব্দের পরবর্ত্তী রাত্রিশব্দের উত্তর অন্ হয়, ন ইৎ, অ থাকে। যথা, পূর্ব্বং রাত্রেঃ পূর্ব্বরাত্রঃ, মধ্যং রাত্রেঃ মধ্য-রাত্রঃ, অপরং রাত্রেঃ অপররাত্রঃ।

৩২। **বিভাষা দ্বিতীয় তৃতীয় চতুর্থ তুর্য্যাণি।**

ষষ্ঠ্যন্ত অবয়বীর সহিত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, তুর্য্য, ইহাদের বিকল্পে সমাস হয়। যথা, द्वितीयं भिक्षायाः द्वितीयभिक्षा, तृतीयं भिक्षायाः तृतीयभिक्षा, चतुर्थं भिक्षायाः चतुर्थभिक्षा, तुर्य्यं भिक्षायाः तुर्य्यभिक्षा। পক্ষে ষষ্ঠীসমাস। যথা, भिक्षायाः द्वितीयम् भिक्षाद्वितीयम्, भिक्षातृतीयम्, भिक्षाचतुर्थम्, भिक्षातुर्य्यम्।

৩৩। अलं चतुर्थ्यां पुंवच्च।

চতুর্থ্যন্ত পদের সহিত, अलम्, এই অব্যয়ের সমাস ও চতুর্থ্যন্ত স্ত্রীলিঙ্গ পদের পুংবদ্ভাব হয়। যথা, अलं जीविकायै अलञ्-जीविकः।

৩৪। अत्यादयः क्रान्ताद्यै द्वितीयया।

ক্রান্ত প্রভৃতি অর্থে, দ্বিতীয়ান্ত পদের সহিত অতি প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ দ্বিতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, अतिक्रान्तः खट्वाम् अतिखट्वः, उत्क्रान्तो वेलाम् उद्वेलः।

৩৫। अवादयः क्रुष्टाद्यै तृतीयया।

ক্রুষ্ট প্রভৃতি অর্থে, তৃতীয়ান্ত পদের সহিত অব প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ তৃতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, अवक्रुष्टः कोकिलया अवकोकिलः।

৩৬। पर्य्यादयो ग्लानाद्यै चतुर्थ्या।

গ্লান প্রভৃতি অর্থে, চতুর্থ্যন্ত পদের সহিত পরি প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ চতুর্থ্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, परिग्लानः अध्ययनाय पर्य्यध्ययनः, परिग्लानः सेवायै परिसेवः।

৩৭। निरादयः क्रान्ताद्यै पञ्चम्या।

ক্রান্ত প্রভৃতি অর্থে, পঞ্চম্যন্ত পদের সহিত নির্ প্রভৃতির সমাস

ও স্ত্রীলিঙ্গ পঞ্চম্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ, উত্থিতো নিদ্রায়াঃ উন্নিদ্রঃ।

৩৮। সামিস্বয়মৌ ক্তেন।

ক্তপ্রত্যয়নিষ্পন্ন সুবন্ত পদের সহিত সামি ও স্বয়ম্, এই দুই অব্যয়ের সমাস হয়। যথা, সামিকৃতম্, সামিঘটিতম্; স্বয়ঙ্কৃতম্, স্বয়ন্দত্তম্।

৩৯। নঞ্ সুপা।

সুবন্ত পদের সহিত নঞের সমাস হয়। যথা, ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ, ন মোঘঃ অমোঘঃ, ন প্রিয়ঃ অপ্রিয়ঃ, ন বিকৃতঃ অবিকৃতঃ, ন বিদ্বঃ অবিদ্বঃ, ন সুখম্ অসুখম্, ন দর্শনম্, অদর্শনম্, ন উপলম্ভঃ অনুপলম্ভঃ।

৪০। ঈষদকৃতা।

কৃদন্ত ভিন্ন সুবন্ত পদের সহিত ঈষৎ এই অব্যয়ের সমাস হয়। যথা, ঈষৎকড়ারঃ, ঈষৎপিঙ্গলঃ, ঈষদ্বিকচঃ, ঈষন্মুকুলিতঃ।

৪১। আঙীষদর্থে।

ঈষদর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত আঙ্ এই অব্যয়ের সমাস হয়। যথা, আমধুরঃ, আপিঙ্গলঃ, আপাণ্ডুরঃ, আলোহিতঃ।

৪২। স্বতী পূজায়াম্।

প্রশংসা অর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত সু, অতি, এই দুই অব্যয়ের সমাস হয়। যথা, সুপুরুষঃ, সুব্রাহ্মণঃ; অতিমৃদুঃ, অতিদয়ালুঃ।

৪৩। দুর্নিন্দায়াম্।

নিন্দা অর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত দুর্ এই অব্যয়ের সমাস হয়। যথা, দুষ্কুলম্, দুর্নীতিঃ, দুশ্চরিতম্, দুষ্পুরুষঃ।

৪৪। কু: পাপার্থে

কুৎসিত অর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত কু এই অব্যয়ের সমাস হয়। যথা, কুব্রাহ্মণাः, কুপুরুষः, কুসংস্কারः।

৪৫। ধাতুভিরুপপদানি।

ধাতুর সহিত উপপদের (৫১) সমাস হয়। যথা, কুম্ভকারः, প্রভাকরः, নিশাকরः, হিতকরः, প্রীতিকরः, অগ্রসরः, জলচরः, পার্শ্বচরः, গিরিশয়ः, সরসিজম্, পঙ্কজম্, অণ্ডজঃ, জলজঃ, পতগঃ, ভুজগঃ।

৪৬। উপসর্গাশ্চ।

ধাতুর সহিত উপসর্গের সমাস হয়। যথা, সম্-সংস্করোতি, সংস্কারः, সংস্কৃত্য; বি-বিজয়তে, বিজয়ঃ, বিজিত্য; অভি-অভিষিঞ্চতি, অভিষেকঃ, অভিষিচ্য; আ-আরভতে, আরম্ভঃ, আরভ্য।

৪৭। ঊর্য্যাদি চ্বি ডাচশ্চ।

ধাতুর সহিত ঊরী (৫২) প্রভৃতি শব্দের, এবং চ্বি ও ডাচ্ প্রত্যয়ের, সমাস হয়। যথা, ঊরী-ঊরীকরোতি, ঊরীকরণম্, ঊরীকৃত্য; আবিস্-আবিষ্করোতি, আবিষ্ক্রিয়া, আবিষ্কৃত্য; প্রাদুস্-প্রাদুর্ভবতি, প্রাদুর্ভাবঃ, প্রাদুর্ভূয়। চ্বি—

(৫১) যে সকল সুবন্ত পদ প্রভৃতির পরবর্ত্তী ধাতুর উত্তর কৃৎপ্রত্যয় বিহিত হয়, উহাদিগকে উপপদ বলে। কুম্ভকারः, এ স্থলে, কুম্ভম্, এই উপপদের সহিত কৃ ধাতুর সমাস হইয়া, কুম্ভকৃ এইরূপ হইলে, অণ্ হয়। এইরূপ সর্ব্বত্র।

(৫২) ঊরী, উররী, আবিস্, প্রাদুস্, স্বধা, স্বাহা, বষট্, বৌষট্ ইত্যাদি।

খীকরোতি, খীকারঃ, খীকৃত্য; ভস্মীভবতি, ভস্মীভাবঃ, ভস্মীভূয়; ডাচ্—সময়াকরোতি, সময়াকরণম্, সময়াকৃত্য; দুঃখাকরোতি, দুঃখাক্রিয়া, দুঃখাকৃত্য।

৪৮। অনুকরণঞ্চানিতিপরম্।

ধাতুর সহিত অনুকরণশব্দের সমাস হয়। যথা, খাৎকরোতি, খাৎকরণম্, খাৎকৃত্য; দ্রাঙ্করোতি, দ্রাঙ্ক্রিয়া, দ্রাঙ্কৃত্য। ইতিশব্দ পরে থাকিলে হয় না। যথা, খাদিতি কৃত্বা নিষ্ঠীবতি, দ্রামিতি কৃত্বা পততি।

৪৯। আদরানাদরয়োঃ সদসতী।

যথাক্রমে, আদর ও অনাদর অর্থে, ধাতুর সহিত সৎ ও অসৎ শব্দের সমাস হয়। যথা, সৎকরোতি, সৎকারঃ, সৎকৃত্য; অসৎকরোতি, অসৎক্রিয়া, অসৎকৃত্য।

৫০। অলম্ ভূষণে।

ভূষণ অর্থ বুঝাইলে, ধাতুর সহিত অলম্ শব্দের সমাস হয়। যথা, অলঙ্করোতি, অলঙ্করণম্, অলঙ্কৃত্য।

৫১। অন্তরপরিগ্রহে।

ধাতুর সহিত অন্তর্ শব্দের সমাস হয়। যথা, অন্তর্ভবতি, অন্তর্ভাবঃ, অন্তর্ভূয়। পরিগ্রহ অর্থে হয় না। যথা, অন্তর্হত্বা গতঃ, হতং পরিগৃহ্য গত ইত্যর্থঃ।

৫২। পুরোঽব্যয়ম্।

ধাতুর সহিত পুরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, পুরস্করোতি, পুরস্কারঃ, পুরস্কৃত্য।

৫৩। অস্তম্ চ।

ধাতুর সহিত অলম্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, অলঙ্কুরুতে, অলঙ্কৃতঃ, অলঙ্কৃত্য।

৫৪। অচ্ছ চ বদ্গত্যর্থঃ।

বদধাতু ও গত্যর্থ ধাতুর সহিত অচ্ছ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, অচ্ছবদতি, অচ্ছোদ্য; অচ্ছগচ্ছতি, অচ্ছগত্য; অভিমুখমিত্যর্থঃ।

৫৫। অন্তর্দ্ধৌ তিরঃ।

ব্যবধান বুঝাইলে, ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, তিরোভবতি, তিরোভাবঃ, তিরোভূয়।

৫৬। বিভাষা কৃঞি।

কৃধাতুর সহিত বিকল্পে। যথা, তিরস্কৃত্য, তিরঃ কৃত্বা।

৫৭। সাক্ষাৎপ্রভৃতীনি চ।

কৃধাতুর সহিত সাক্ষাৎ (৫৩) প্রভৃতি শব্দের বিকল্পে সমাস হয়। যথা, সাক্ষাৎকৃত্য, সাক্ষাৎ কৃত্বা; নমস্কৃত্য, নমঃ কৃত্বা; বশেকৃত্য, বশে কৃত্বা; মিথ্যাকৃত্য, মিথ্যা কৃত্বা।

৫৮। অনুপশ্লেষ উরসি মনসী।

কৃধাতুর সহিত উরসি, মনসি, এই দুই সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা, উরসিকৃত্য, উরসি কৃত্বা, স্বীকৃত্যেত্যর্থঃ। মনসিকৃত্য, মনসি কৃত্বা, নিশ্চিত্যেত্যর্থঃ। উপশ্লেষ অর্থে হয় না। যথা, উরসি ধৃত্বা।

৫৯। মধ্যে পদে নিবচনে চ।

(৫৩) সাক্ষাৎ, মিথ্যা, নমস্, প্রাদুস্, অর্থে, বশে, অমা, অদ্ধা, উষ্ণম্, শীতম্, আর্দ্রম্, বিকসনে, প্রহসনে ইত্যাদি।

কৃধাতুর সহিত মধ্যে, পদে, নিবচনে, এই তিন সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়।০ যথা, মধ্যেকৃত্য, মধ্যে কৃত্বা ; পদেকৃত্য, পদে কৃত্বা ; নিবচনেকৃত্য, নিবচনে কৃত্বা। উপশ্লেষ অর্থে হয় না। যথা, মধ্যে শয়িত্বা, পদে হৃত্বা।

৬০। নিত্যং হস্তে পাণাবুপযমনে।

বিবাহ অর্থ বুঝাইলে, কৃধাতুর সহিত হস্তে, পাণৌ, এই দুই সপ্তম্যন্ত পদের নিত্য সমাস হয়। যথা, হস্তেকৃত্য, পাণৌকৃত্য, দারকর্ম্ম কৃত্বেত্যর্থঃ।

৬১। তৎপুরুষঃ সমানাধিকরণপদঃ কর্ম্মধারয়ঃ।

যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদ সকল সমানাধিকরণ, অর্থাৎ বিশেষ্যবিশেষণভাবাপন্ন, অথবা অভেদ সম্বন্ধে একার্থপ্রতিপাদক, হয়, উহাকে কর্ম্মধারয় বলে।

৬২। বিশেষণং বিশেষ্যেণ।

বিশেষ্য পদের সহিত বিশেষণপদের সমাস হয়। যথা, নীলম্ উৎপলম্ নীলোৎপলম্, শীতঃ পবনঃ শীতপবনঃ, উষ্ণম্ উদকম্ উষ্ণোদকম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, মধুরং বচনং মধুরবচনম্, নবম্ অন্নম্ নবান্নম্, সর্ব্বে লোকাঃ সর্ব্বলোকাঃ, বিশ্বে দেবাঃ বিশ্বদেবাঃ, দৃঢ়ো বন্ধঃ দৃঢ়বন্ধঃ, সুরভি চন্দনং সুরভিচন্দনম্, নবঃ জলধরঃ নবজলধরঃ, সন্ পুরুষঃ সৎপুরুষঃ, মহান্ দেবঃ মহাদেবঃ, মহান্ বীরঃ মহাবীরঃ, পরমঃ পুরুষঃ পরমপুরুষঃ, কেবলঃ বৈয়াকরণঃ কেবলবৈয়াকরণঃ, জরন্ নৈয়ায়িকঃ জরন্নৈয়ায়িকঃ, সপ্ত ঋষয়ঃ সপ্তর্ষয়ঃ, অষ্টৌ বসবঃ অষ্টবসবঃ, নব গ্রহাঃ নবগ্রহাঃ।

৬৩। পুংবৎ পূর্ব্বং ভাষিতপুংস্কং কর্ম্মধারয়ে।

কর্ম্মধারয় সমাস হইলে, ভাষিতপুংস্ক (৫৪) স্ত্রীলিঙ্গ পূর্ব্ব পদের পুংবদ্ভাব হয়। যথা, সুন্দরী মহিলা সুন্দরমহিলা, জ্যোৎস্না চতুর্দ্দশী জ্যোৎস্নাচতুর্দ্দশী, পাচিকা স্ত্রী পাচকস্ত্রী, পঞ্চমী কন্যা পঞ্চমকন্যা, দ্বিতীয়া ভার্য্যা দ্বিতীয়ভার্য্যা, ব্রাহ্মণী ভার্য্যা ব্রাহ্মণভার্য্যা। উপ্ প্রত্যয়ান্তের হয় না। যথা, বামোরুঃ ভার্য্যা বামোরুভার্য্যা।

## ৬৪। ক্তেন নঞ্‌বিশিষ্টেনানঞ্।

নঞ্‌বিশিষ্ট ক্তপ্রত্যয়ান্ত পদের সহিত নঞ্‌শূন্য ক্তপ্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা, কৃতঞ্চ তৎ অকৃতঞ্চ কৃতাকৃতম্, ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ ভুক্তাভুক্তম্, পীতঞ্চ তৎ অপীতঞ্চ পীতাপীতম্, ক্লিষ্টঞ্চ তৎ অক্লিষ্টঞ্চ ক্লিষ্টাক্লিষ্টম্, পক্বঞ্চ তৎ অপক্বঞ্চ পক্বাপক্বম্। সমান প্রকৃতি স্থলেই হয়, বিদ্ধঞ্চ অভুক্তঞ্চ, এরূপ স্থলে সমাস হইবেক না।

## ৬৫। বর্ণো বর্ণেন।

বর্ণবাচক পদের সহিত বর্ণবাচক পদের সমাস হয়। যথা, নীলশ্চ স লোহিতশ্চ নীললোহিতঃ, লোহিতশ্চ স ধবলশ্চ লোহিতধবলঃ, পীতশ্চ স ধবলশ্চ পীতধবলঃ।

## ৬৬। পূর্ব্বোত্তরকালয়োঃ ক্তঃ।

পূর্ব্বকাল ও উত্তরকাল বুঝাইলে, ক্তপ্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা, পূর্ব্বং স্নাতঃ পশ্চাদনুলিপ্তঃ স্নাতানুলিপ্তঃ, যাতায়াতঃ, ধাবিতোত্থিতঃ, দগ্ধাপহৃতম্, ভুক্তোদ্গীর্ণম্।

---

(৫৪) যে সকল শব্দ স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ উভয়ই হয়, তাহাদিগকে ভাষিতপুংস্ক বলে; যেমন, সুন্দরশব্দ স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ উভয় হয়। যে সকল শব্দ নিত্যস্ত্রীলিঙ্গ, উহাদিগকে ভাষিতপুংস্ক বলা যায় না। যেমন শ্রী, লক্ষ্মী প্রভৃতি।

৬৭। উপমানানি সাধর্ম্ম্যবচনৈঃ।

উপমান ও উপমেয়ের সমানধর্ম্মবোধক পদের সহিত উপমান-বাচক পদের সমাস হয়। যথা, ঘন ইব শ্যামঃ ঘনশ্যামঃ, অর্ণব ইব গম্ভীরঃ অর্ণবগম্ভীরঃ, শৈল ইব উন্নতঃ শৈলোন্নতঃ, অনল ইব উজ্জ্বলঃ অনলোজ্জ্বলঃ, নবনীতমিব কোমলং নবনীতকোমলম্।

৬৮। উপমেয়ানি ব্যাঘ্রাদিভিঃ সাধর্ম্ম্যাপ্রয়োগে।

ব্যাঘ্র প্রভৃতি (৫৫) উপমানবাচক পদের সহিত উপমেয় পদের সমাস হয়। যথা, পুরুষো ব্যাঘ্র ইব পুরুষব্যাঘ্রঃ, পুরুষঃ সিংহ ইব পুরুষসিংহঃ, রাজা চন্দ্র ইব রাজচন্দ্রঃ, মুখং কমলম্ ইব মুখকমলম্, করঃ কিসলয়মিব করকিসলয়ম্, অধরঃ পল্লব ইব অধরপল্লবঃ, বদনং সুধাকর ইব বদনসুধাকরঃ। উপমান ও উপমেয়ের সামান্য ধর্ম্মের প্রয়োগ থাকিলে হয় না। যথা, পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ, মুখং কমলমিব সুন্দরম্।

৬৯। শ্রেণ্যাদয়ঃ কৃতাদিভিরভূততদ্ভাবে।

অভূততদ্ভাব অর্থ বুঝাইলে, কৃত প্রভৃতি (৫৬) শব্দের সহিত শ্রেণি প্রভৃতি (৫৭) শব্দের সমাস হয়। যথা, অশ্রেণয়ঃ শ্রেণয়ঃ

---

(৫৫) ব্যাঘ্র, সিংহ, ঋক্ষ, ঋষভ, বৃক, বৃষ, বরাহ, কুঞ্জর, চন্দ্র, কমল, কিসলয় ইত্যাদি।

(৫৬) কৃত, মিত, মত, ভূত, উক্ত, যুক্ত, সমাম্নাত, সমাখ্যাত, সমাখ্যাত, সম্ভাবিত, সংসেবিত, অবধারিত, অবকল্পিত, নিরাকৃত, উপকৃত, উপাকৃত, দৃষ্ট, কলিত, দলিত, উদাহৃত, বিশ্রুত, উদিত।

(৫৭) শ্রেণি, পূগ, মুকুন্দ, রাশি, নিচয়, বিশেষ, বিধান, পর, ইন্দ্র, দেব, মুণ্ড, ভূত, শ্রবণ, বদান্য, অধ্যাপক, অভি-

কৃতাঃ শ্রেণিকৃতাঃ, অপূগাঃ পূগাঃ কৃতাঃ পূগকৃতাঃ, অরাশয়ঃ রাশয়ঃ কৃতাঃ রাশিকৃতাঃ, অশ্রেণয়ঃ শ্রেণয়ো ভূতাঃ শ্রেণিভূতাঃ, অনিপুণা নিপুণা ভূতাঃ নিপুণভূতাঃ, অকুশলাঃ কুশলা ভূতাঃ কুশলভূতাঃ (৫৮)।

৭০। সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ।

যে কর্ম্মধারয়ে পূর্ব্বপদস্থলে সংখ্যাবাচক শব্দ থাকে, উহাকে দ্বিগু বলে।

৭১। তদ্ধিতার্থোত্তরপদ সমাহারেষু।

তদ্ধিতার্থে, উত্তরপদ পরে, ও সমাহার বুঝাইলে, দ্বিগু সমাস হয়। যথা, তদ্ধিতার্থে—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ; উত্তরপদ পরে—পঞ্চ হস্তাঃ প্রমাণমস্য পঞ্চহস্তপ্রমাণঃ। প্রমাণশব্দ উত্তর পদ পরে, পঞ্চ ও হস্তাঃ, এই দুই পদের দ্বিগু সমাস হইল।

৭২। অদন্তাদীপ্ সমাহারে।

সমাহার দ্বিগু হইলে, অকারান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, চতুর্ণাং পটানাং সমাহারঃ চতুষ্পটী, পঞ্চানাং নলানাং সমাহারঃ পঞ্চনলী, সপ্তানাং শতানাং সমাহারঃ সপ্তশতী।

৭৩। ন ভুবনাদেঃ।

ভুবন প্রভৃতির উত্তর ঈপ্ হয় না। যথা, ত্রয়াণাং ভুবনানাং সমা-

রূপক, রাজ্যগ্রা, ক্ষত্রিয়, বিশিষ্ট, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ, কৃপণ।

(৫৮) চ্বিপ্রত্যয় হইলে তন্নিবন্ধন কার্য্য সমুদয়ও হয়। যথা, শ্রেণীকৃতঃ, পূগীকৃতঃ, রাশীকৃতঃ, শ্রেণীভূতঃ, নিপুণীভূতঃ, রাশীভূতঃ, কুশলীভূতঃ ইত্যাদি।

হারঃ ত্রিভুবনম্, চতুর্ণাং যুগানাং সমাহারঃ চতুর্যুগম্, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ পঞ্চপাত্রম্।

৭৪। **ময়ূরব্যংসকাদয়ঃ।**

ময়ূরব্যংসক প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, **ময়ূরো ব্যংসকঃ ময়ূরব্যংসকঃ, উদক্ চ অবাক্ চ উচ্চাবচম্, নাস্তি কিঞ্চন যস্য অকিঞ্চনঃ, নাস্তি কুতোঽপি ভয়ং যস্য অকুতোভয়ঃ, অন্যোঽর্থঃ অর্থান্তরম্, অন্যো দেশঃ দেশান্তরম্।**

৭৫। **আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে।**

সতত ক্রিয়ার অনুষ্ঠান বুঝাইলে, আখ্যাত পদের সহিত আখ্যাতের সমাস হয়। পদ নিপাতনে সিদ্ধ। যথা, **অশ্নীত পিবত ইত্যেবং সততমভিধীয়তে যস্যাং ক্রিয়ায়াং সা অশ্নীতপিবতা, পচতভুঞ্জতা, খাদতমোদতা, খাদতাচমতা।**

৭৬। **সর্ব্ব পুণ্য সংখ্যাব্যয়েভ্যো রাত্রেরন্।**

সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক, ও অব্যয় শব্দের পরবর্ত্তী রাত্রিশব্দের উত্তর **অন্** হয়। যথা, **সর্ব্বা রাত্রিঃ সর্ব্বরাত্রঃ, পুণ্যা রাত্রিঃ পুণ্যরাত্রঃ, দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্, পঞ্চরাত্রম্, দশরাত্রম্, অতিরাত্রঃ।**

৭৭। **অহ্নোঽহ্নশ্চ।**

সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক, ও অব্যয়ের পরবর্ত্তী **অহন্** শব্দের উত্তর **অন্** ও অহন্স্থানে **অহ্ন্** হয়। যথা, **সর্ব্বমহ্নঃ সর্ব্বাহ্নঃ, দ্বয়োরহ্নোঃ ভবঃ দ্ব্যহ্নঃ, পঞ্চসু অহঃসু ভবঃ পঞ্চাহ্নঃ।**

৭৮। **ন সংখ্যায়াঃ সমাহারে।**

সমাহার হইলে, সংখ্যাবাচকের পরবর্ত্তী **অহন্** শব্দ স্থানে **অহ্ন** হয় না। যথা, **দ্বয়োরহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, ত্র্যহঃ, দশাহঃ।**

৭৯। **ন পুণ্যৈকাভ্যাম্।**

পুণ্য ও এক শব্দের পরবর্ত্তী অহন্ স্থানে অহ্ন হয় না। যথা, পুণ্যাহম্, একাহঃ।

৮০। **সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেঃ।**

সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী অঙ্গুলি শব্দের উত্তর অন্ হয়। যথা, দ্বে অঙ্গুলী প্রমাণমস্য দ্ব্যঙ্গুলম্, ত্র্যঙ্গুলম্, নিরঙ্গুলম্।

৮১। **রাজাহঃসখিভ্যষ্টঃ।**

রাজন্, অহন্, ও সখি শব্দের উত্তর ট হয়, ট ইৎ, অ থাকে। যথা, অঙ্গানাং রাজা অঙ্গরাজঃ, মহান্ রাজা মহারাজঃ, পরমমহঃ পরমাহঃ, উত্তমমহঃ উত্তমাহঃ; রাজ্ঞঃ সখা রাজসখঃ, প্রিয়ঃ সখা প্রিয়সখঃ।

৮২। **গোরতদ্ধিতার্থে।**

গো শব্দের উত্তর ট হয়। যথা, রাজ্ঞো গৌঃ রাজগবঃ, পরমো গৌঃ পরমগবঃ, দ্বয় গাবৌ ধনমস্য দ্বয়গবধনঃ, পঞ্চানাং গবাং সমাহারঃ পঞ্চগবম্। তদ্ধিতার্থে হয় না। যথা, পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ।

৮৩। **মুখ্যার্থাদুরসঃ।**

মুখ্য এই অর্থের বাচক উরস্ শব্দের উত্তর ট হয়। যথা, অশ্বানাম্ উরঃ ইব অশ্বোরসম্, মুখ্যোঽশ্ব ইত্যর্থঃ।

৮৪। **অনোঽশ্মায়ঃ সরসাং জাতি সংজ্ঞয়োঃ।**

জাতি ও সংজ্ঞা বুঝাইলে, অনস্, অশ্মন্, অয়স্, ও সরস্ শব্দের উত্তর ট হয়। যথা, জাতি—উপানসম্, অমৃতাশ্মঃ, কালায়সম্,

মণ্ডূকসরসম্ ; সংজ্ঞা—মহানসম্, পিণ্ডাশ্মঃ, লোহিতায়সম্, জলসরসম্।

৮৫। গ্রাম কৌটাভ্যাং তক্ষ্ণঃ।

গ্রাম ও কৌট শব্দের পরবর্তী তক্ষন্ শব্দের উত্তর ট হয়। যথা, গ্রামতক্ষঃ, সাধারণ ইত্যর্থঃ ; কৌটতক্ষঃ, স্বতন্ত্র ইত্যর্থঃ। অন্যত্র, রাজতক্ষা।

৮৬। অতেঃ শুনঃ।

অতি শব্দের পরবর্তী শ্বন্ শব্দের উত্তর ট হয়। যথা, অতিক্রান্তঃ শ্বানম্ অতিশ্বো বরাহঃ, অতিশ্বী সেবা।

৮৭। উপমানাদপ্রাণিষু।

উপমানবাচক শ্বন্ শব্দের উত্তর ট হয়। যথা, আকর্ষঃ শ্বেব আকর্ষশ্বঃ। প্রাণী বুঝাইলে হয় না। যথা, বানরঃ শ্বেব বানরশ্বা।

৮৮। উত্তর মৃগ পূর্ব্বোপমানেভ্যঃ সক্থ্নঃ।

উত্তর, মৃগ, পূর্ব্ব, ও উপমানবাচকের পরবর্তী সক্থি শব্দের উত্তর ট হয়। যথা, উত্তরসক্থম্, মৃগসক্থম্, পূর্ব্বসক্থম্ ; উপমান—ফলকমিব সক্থি ফলকসক্থম্।

৮৯। নাবো দ্বিগোরতদ্ধিতার্থে।

দ্বিগুসমাসস্থিত নৌ শব্দের উত্তর ট হয়। যথা, দ্বয়োর্নাবোঃ সমাহারঃ দ্বিনাবম্, পঞ্চ নাবো ধনমস্য পঞ্চনাবধনঃ। তদ্ধিতার্থে হয় না। যথা, পঞ্চভির্নৌভিঃ ক্রীতঃ পঞ্চনৌঃ। দ্বিগু ভিন্ন স্থলে, রাজ্ঞো নৌঃ রাজনৌঃ, নবীনা নৌঃ নবীননৌঃ।

৯০। অর্দ্ধাচ্চ।

অর্দ্ধশব্দের পরবর্ত্তী নৌ শব্দের উত্তর ট হয়। যথা, অর্দ্ধং নাবঃ অর্দ্ধনাবম্। পরলিঙ্গ হইল না।

৯১। খার্য্যাঃ বিভাষা।

দ্বিগু সমাস হইলে, অথবা অর্দ্ধ শব্দ পূর্ব্বে থাকিলে, খারী শব্দের উত্তর বিকল্পে ট হয়। যথা, দ্বে খার্য্যৌ সমাহৃতে দ্বিখারম্, দ্বিখারি; অর্দ্ধং খার্য্যাঃ অর্দ্ধখারম্, অর্দ্ধখারী।

৯২। দ্বিত্রিভ্যামঞ্জলেঃ।

দ্বিগু সমাস হইলে, দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে ট হয়। যথা দ্বে অঞ্জলী সমাহৃতে দ্ব্যঞ্জলম্, দ্ব্যঞ্জলি; ত্র্যঞ্জলম্ ত্র্যঞ্জলি। অন্যত্র, দ্বয়োরঞ্জলিঃ দ্ব্যঞ্জলিঃ।

৯৩। জনপদাদ্ব্রহ্মণঃ।

জনপদবাচক শব্দের পরবর্ত্তী ব্রহ্মন্ শব্দের উত্তর ট হয়। যথা, সুরাষ্ট্রস্য ব্রহ্মা সুরাষ্ট্রব্রহ্মঃ, অবন্তিব্রহ্মঃ, কলিঙ্গব্রহ্মঃ। অন্যত্র, দেবব্রহ্মা নারদঃ।

৯৪। বিভাষা কু মহদ্ভ্যাম্।

কু ও মহৎ শব্দের পরবর্ত্তী হইলে বিকল্পে। যথা, কুৎসিতো ব্রহ্মা কুব্রহ্মঃ, কুব্রহ্মা; মহাব্রহ্মঃ, মহাব্রহ্মা।

৯৫। অক্ষ্ণোঽচক্ষুষি।

অক্ষি শব্দের উত্তর ট হয়। যথা, গবামক্ষীব গবাক্ষঃ। চক্ষু বুঝাইলে হয় না। যথা, বালকস্য অক্ষি বালকাক্ষি।

৯৬। বৃদ্ধ মহজ্জাতেভ্য উক্ষ্ণঃ।

বৃদ্ধ, মহৎ, ও জাত শব্দের পরবর্ত্তী উক্ষন্ শব্দের উত্তর ট হয়। যথা, বৃদ্ধঃ উক্ষা বৃদ্ধোক্ষঃ, মহান্ উক্ষা মহোক্ষঃ, জাতঃ উক্ষা জাতোক্ষঃ।

৯৭। **নিঃশ্রেয়স পুরুষায়ুষে।**

নিঃশ্রেয়স ও পুরুষায়ুষ নিপাতনে সিদ্ধ হয়। যথা, **নিশ্চিতং শ্রেয়ঃ নিঃশ্রেয়সম্, পুরুষস্যায়ুঃ পুরুষায়ুষম্।**

৯৮। **বিভাষা ছায়াদি নপুংসকম্।**

ছায়া (৫৯) প্রভৃতি শব্দ বিকল্পে নপুংসক হয়। যথা, **তরুচ্ছায়ম্ তরুচ্ছায়া, গোশালম্ গোশালা।**

৯৯। **নিত্যং ছায়া বাহুল্যে।**

পূর্ব্ব পদার্থের বাহুল্য বুঝাইলে, ছায়া শব্দ নিত্য নপুংসক হয়। যথা, **ইক্ষূণাং ছায়া ইক্ষুচ্ছায়ম্, শরাণাং ছায়া শরচ্ছায়ম্।**

১০০। **সভা প্রভুপর্য্যায়পূর্ব্বা।**

প্রভুপর্য্যায় শব্দ পূর্ব্বে থাকিলে, সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, প্রভুসভম্, ঈশ্বরসভম্। রাজসভা প্রভৃতিস্থলে হয় না।

১০১। **রক্ষঃপিশাচাদিপূর্ব্বা চ।**

রক্ষস্, পিশাচ প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে, সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, **রক্ষঃসভম্, পিশাচসভম্।** অন্যত্র, **মনুষ্যসভা, দেবদত্তসভা।**

১০২। **অশালা চ।**

শালাভিন্নার্থবাচক সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, **স্ত্রীসভম্, স্ত্রীণাং সমূহঃ ইত্যর্থঃ; শিশুসভম্, শিশূনাং সমবায় ইত্যর্থঃ।**

১০৩। **পুংবৎ কুক্কুটীপ্রভৃতীনামণ্ডাদৌ।**

---

(৫৯) ছায়া, শালা, সেনা, সুরা, নিশা।

अण्ड প্রভৃতি শব্দ পরে থাকিলে कुक्कुटी প্রভৃতির পুংবদ্ভাব হয়। যথা, कुक्कुट्या अण्डं कुक्कुटाण्डम्, हंस्या अण्डं हंसाण्डम्, कुक्कुट्याः शावः कुक्कुटशावः, हंस्याः शावः हंसशावः, मृग्याः पदं मृगपदम्, मृग्याः क्षीरं मृगक्षीरम्।

## বহুব্রীহি।

### ১। बहुव्रीहिः।

এই প্রকরণে যে সমাসের বিধান হইতেছে, তাহার নাম बहुव्रीहि।

### ২। अनेकमन्यपदार्थे।

একাধিক প্রথমান্ত পদ অন্য পদার্থে বিদ্যমান হইলে, बहुव्रीहि সমাস হয়। যথা, आरूढो वानरो यम् आरूढवानरो वृक्षः, कृतं कर्म्म येन कृतकर्म्मा पुरुषः, दत्तं धनं यस्मै दत्तधनो दरिद्रः, उद्धृतम् उदकं यस्मात् उद्धृतोदकः कूपः, दीर्घौ बाहू यस्य दीर्घबाहुः पुरुषः, प्रफुल्लानि कमलानि यस्मिन् प्रफुल्लकमलं सरः।

### ৩। संख्याभिरव्ययासन्नादूराधिकसंख्याः।

সংখ্যাবাচক শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক, ও সংখ্যাবাচকের বহুব্রীহি সমাস হয়।

### ৪। संख्याया अबहोर्डः।

সংখ্যাবাচক শব্দের উত্তর ড হয়। যথা, दशानां समीपे ये ते उपदशाः, त्रिंशतेरासन्नाः आसन्नत्रिंशाः, त्रिंशतोऽदूरे अदूरत्रिंशाः, चत्वारिंशतोऽधिका अधिकचत्वारिंशाः, द्वौ वा त्रयो वा द्वित्राः, पञ्च वा षड् वा पञ्चषाः। বহুশব্দের উত্তর হয় না। যথা, बहूनां समीपे उपबहवः।

৫। দিঙ্নামান্যন্তরালে।

অন্তরাল বুঝাইলে, দিগ্বাচক পূর্ব্ব প্রভৃতি শব্দের বহুব্রীহি সমাস হয়। যথা, পূর্ব্বস্যা উত্তরস্যাশ্চ দিশোরন্তরালং পূর্ব্বোত্তরা, দক্ষিণস্যাঃ পূর্ব্বস্যাশ্চ দিশোরন্তরালং দক্ষিণপূর্ব্বা, উত্তরস্যাঃ পশ্চিমায়াশ্চ দিশোরন্তরালম্ উত্তরপশ্চিমা।

৬। সহস্তৃতীয়য়া।

তৃতীয়ান্ত পদের সহিত সহ শব্দের বহুব্রীহি সমাস হয়।

৭। সহঃ সো বিভাষা।

বহুব্রীহি সমাসে, সহশব্দস্থানে বিকল্পে স হয়। যথা, পুত্রেণ সহ সপুত্রঃ, সহপুত্রঃ; অনুজেন সহ সানুজঃ, সহানুজঃ; বান্ধবেন সহ সবান্ধবঃ, সহবান্ধবঃ; ভৃত্যেন সহ সভৃত্যঃ, সহভৃত্যঃ।

৮। ব্যতিহারে তৃতীয়াসপ্তম্যোঃ সরূপয়োঃ।

পরস্পর যুদ্ধ বুঝাইলে, সমানরূপ তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের বহুব্রীহি সমাস হয়।

৯। দীর্ঘোঽন্ত্যঃ পূর্ব্বস্য।

রণব্যতিহারে সমাস হইলে, পূর্ব্ব পদের অন্ত্য স্বর দীর্ঘ হয়।

১০। ইচ্ পরাত্।

রণব্যতিহারে সমাস হইলে, পর পদের উত্তর ইচ্ হয়, চ ইৎ অব্যয় হয়; ইচ্ পরে অন্ত্য উবর্ণের গুণ হয়। যথা, কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তং কেশাকেশি, দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তং দণ্ডাদণ্ডি, মুষ্টীমুষ্টি, বাহুবাহবি (৬০), অস্যসি।

---

(৬০) বোপদেবমতে, পূর্ব্ব পদের অন্ত্যস্বরস্থানে বিকল্পে আ হয়। যথা, মুষ্টামুষ্টি, মুষ্টীমুষ্টি, বাহাবাহবি বাহুবাহবি। স্বরবর্ণ পরে থাকিলে হয় না। যথা, অস্যসি।

১১। **স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কায়াঃ স্ত্রিয়াম্।**

বহুব্রীহি সমাসে, স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকিলে, ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, **স্থিরা বুদ্ধিরস্য স্থিরবুদ্ধিঃ, মহতী মতিরস্য মহামতিঃ, চিত্রা গতিরস্য চিত্রগতিঃ, দৃঢ়া ভক্তিঃ অস্য দৃঢ়ভক্তিঃ, প্রিয়া ভার্য্যাস্য প্রিয়ভার্য্যঃ, পীতা গৌরস্য পীতগুঃ।**

১২। **নোঙন্তস্য।**

বহুব্রীহি সমাসে, ঊঙ্প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয় না। যথা, **বামোরূঃ ভার্য্যাস্য বামোরূভার্য্যঃ।**

১৩। **ন কোপধস্য।**

যে স্ত্রীলিঙ্গ শব্দের উপধাস্থলে তদ্ধিতের কিংবা অকপ্রত্যয়ের ক থাকে, তাহার পুংবদ্ভাব হয় না। যথা, তদ্ধিত—**রসিকা ভার্য্যাস্য রসিকাভার্য্যঃ**; অকপ্রত্যয়—**পাচিকা ভার্য্যাস্য পাচিকাভার্য্যঃ।** অন্যত্র হয়। যথা, **একা ভার্য্যাস্য একভার্য্যঃ।**

১৪। **ন সংজ্ঞা পূরণ্যোঃ।**

সংজ্ঞাবাচক ও পূরণবাচক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয় না। যথা, সংজ্ঞাবাচক—**দত্তা ভার্য্যাস্য দত্তাভার্য্যঃ, গঙ্গা ভার্য্যাস্য গঙ্গাভার্য্যঃ, রোহিণী ভার্য্যাস্য রোহিণীভার্য্যঃ, রেবতী ভার্য্যাস্য রেবতীভার্য্যঃ**; পূরণবাচক—**দ্বিতীয়া ভার্য্যাস্য দ্বিতীয়াভার্য্যঃ, পঞ্চমী ভার্য্যাস্য পঞ্চমীভার্য্যঃ।**

১৫। **ন জাতি স্বাঙ্গয়োঃ।**

জাতিবাচক ও স্বাঙ্গবাচক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, জাতিবাচক—**ব্রাহ্মণী ভার্য্যাস্য ব্রাহ্মণীভার্য্যঃ, ক্ষত্রিয়া ভার্য্যাস্য ক্ষত্রিয়াভার্য্যঃ**; স্বাঙ্গবাচক—**সুকেশী ভার্য্যাস্য সুকেশীভার্য্যঃ, কৃশাঙ্গী ভার্য্যাস্য কৃশাঙ্গীভার্য্যঃ।**

## ১৬। ন প্রিয়াদি পূরণ্যোঃ।

বহুব্রীহি সমাসে, প্রিয়া (৬১) প্রভৃতি ও পূরণবাচক শব্দ পরে থাকিলে, পূর্ব্ববর্ত্তী স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, শোভনা প্রিয়াস্য শোভনাপ্রিয়ঃ, সুলোচনা কান্তাস্য সুলোচনাকান্তঃ।

## ১৭। অপ্ পূরণী প্রমাণীভ্যাম্।

পূরণবাচক ও প্রমাণী শব্দের উত্তর অপ্ হয়; প ইৎ, অ থাকে। যথা, কল্যাণী পঞ্চমী যাসাং রাত্রীণাং তাঃ কল্যাণীপঞ্চমা রাত্রয়ঃ (৬২), স্ত্রী প্রমাণী যেষাং তে স্ত্রীপ্রমাণাঃ কুটুম্বিনঃ।

## ১৮। নঞ্ সু বি ভ্যঃ পিভ্যস্ত্বতুরঃ।

(৬১) প্রিয়া, মনোজ্ঞা, কল্যাণী, সুভগা, দুর্ভগা, সচিবা, স্বা, কান্তা, ক্ষান্তা, সমা, চপলা, বামনা। ভক্তি, তনয়া, দুহিতা, এই তিন শব্দও প্রিয়াদিগণে পঠিত হইয়া থাকে, কিন্তু সর্ব্বত্রই বিপরীত প্রয়োগ দেখিতে পাওয়া যায়; এজন্য, গণমধ্যে নিবেশিত হইল না।

(৬২) মুখ্য পূরণীর উত্তর অপ্ হয়, গৌণের উত্তর হয় না। কল্যাণী রাত্রির্যস্মিন্ পঞ্চে স কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ। এ স্থলে, পূরণবাচক শব্দ গৌণ; এজন্য, উহার উত্তর অপ্ হইল না। অসমস্ত দশায় যেঅর্থের বাচক, সমস্ত দশাতেও সেই অর্থের বাচক হইলেই, মুখ্য; আর, অসমস্ত দশায় যে অর্থের বাচক, সমস্ত দশায় তদ্ভিন্নার্থবাচক হইলে, গৌণ বলে। কল্যাণপঞ্চমা রাত্রয়ঃ, এ স্থলে, পূরণবাচক শব্দ অসমস্ত ও সমস্ত উভয় দশাতেই রাত্রিবাচক; এজন্য মুখ্য; আর, কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ, এ স্থলে, পূরণবাচক শব্দ অসমস্ত দশায় রাত্রিবাচক, কিন্তু সমস্ত দশায়, তদ্বাচক না হইয়া, তদ্ভিন্নার্থপক্ষবাচক হইতেছে, এজন্য উহা গৌণ।

নঞ্, সু, বি, ত্রি, উপ, এই সকলের পরবর্ত্তী চতুর্ শব্দের উত্তর অপ্ হয়। যথা, অবিদ্যমানানি চত্বার্যস্য অচতুরঃ, সুচতুরঃ, বিচতুরঃ, ত্রিচতুরঃ, উপচতুরঃ।

১৯। নেতুর্নক্ষত্রাৎ।

নক্ষত্রবাচক শব্দের পরবর্ত্তী নেতৃ শব্দের উত্তর অপ্ হয়। যথা, মৃগনেত্রাঃ, পুষ্যনেত্রাঃ রাত্রয়ঃ।

২০। নাভেঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে, নাভি শব্দের উত্তর অপ্ হয়। যথা, ভদ্রনাভঃ, পদ্মনাভঃ।

২১। অন্তর্বহির্ভ্যাং লোম্নঃ।

অন্তর্ ও বহিস্ শব্দের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অপ্ হয়। যথা, অন্তর্লোমানি যস্য অন্তর্লোমঃ, বহির্লোমানি যস্য বহির্-লোমঃ।

২২। নঞ্ দুঃ সুভ্যঃ সক্থ্নো বা।

নঞ্, দুর্, সু, এই তিনের পরবর্ত্তী সক্থি শব্দের উত্তর বিকল্পে অপ্ হয়। যথা, অসক্থঃ, অসক্থিঃ; দুঃসক্থঃ, দুঃসক্থিঃ; সুসক্থঃ, সুসক্থিঃ।

২৩। সক্থ্যক্ষিভ্যাং ষঃ স্বাঙ্গে।

স্বাঙ্গ বুঝাইলে, সক্থি ও অক্ষি শব্দের উত্তর ষ হয়, ষ ইৎ, অ থাকে। যথা, দীর্ঘে সক্থিনী অস্য দীর্ঘসক্থঃ পুরুষঃ, হ্রস্বে সক্থিনী অস্যাঃ হ্রস্বসক্থী নারী, দীর্ঘে অক্ষিণী অস্মিন্ দীর্ঘাক্ষং বদনম্, বিশালে অক্ষিণী অস্যাঃ বিশালাক্ষী দেবী। স্বাঙ্গ না বুঝাইলে হয় না। যথা, দীর্ঘসক্থি শকটম্, স্থূলাক্ষিঃ ইক্ষুদণ্ডঃ।

২৪। **অঙ্গুলের্দারুণি।**

দারু বুঝাইলে, অঙ্গুলি শব্দের উত্তর ষ হয়। যথা, **পঞ্চাঙ্গুলং দারু।** দারুভিন্ন স্থলে, পঞ্চাঙ্গুলির্হস্তঃ।

২৫। **দ্বিত্রিভ্যাং মূর্দ্ধ্নঃ।**

দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর ষ হয়। যথা, **দ্বৌ মূর্দ্ধানাবস্য দ্বিমূর্দ্ধঃ, ত্রয়ো মূর্দ্ধানোঽস্য ত্রিমূর্দ্ধঃ।** অন্যত্র হয় না। যথা, **পঞ্চ মূর্দ্ধানোঽস্য পঞ্চমূর্দ্ধা।**

২৬। **অস্ নঞ্ দুঃ সুভ্যঃ প্রজায়াঃ।**

নঞ্, দুর্, সু, এই তিনের পরবর্ত্তী প্রজা শব্দের উত্তর অস্ হয়। যথা, **অপ্রজাঃ, দুষ্প্রজাঃ, সুপ্রজাঃ।**

২৭। **মন্দাল্পাভ্যাঞ্চ মেধায়াঃ।**

নঞ্, দুর্, সু, মন্দ, অল্প, এই সকলের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ হয়। যথা, **অমেধাঃ, দুর্মেধাঃ, সুমেধাঃ, মন্দমেধাঃ, অল্পমেধাঃ।**

২৮। **ধর্ম্মাদন্ কেবলাৎ।**

ধর্ম্ম শব্দের উত্তর অন্ হয়। যথা, **সুধর্ম্মা, শুভধর্ম্মা, অর্জ্জিতধর্ম্মা।** ধর্ম্মশব্দ অন্য শব্দের সহিত মিলিত থাকিলে হয় না। যথা, **পরমস্বধর্ম্মঃ।**

২৯। **দক্ষিণাদীর্ম্মাল্লুব্ধযোগে।**

ব্যাধসম্বন্ধ বুঝাইলে, দক্ষিণ শব্দের পরবর্ত্তী ঈর্ম্ম শব্দের উত্তর অন্ হয়। যথা, **দক্ষিণে ঈর্ম্মং ব্রণং যস্য দক্ষিণের্ম্মা মৃগঃ, ব্যাধেন দক্ষিণে পার্শ্বে কৃতব্রণ ইত্যর্থঃ।**

৩০। **প্র সম্ভ্যাং জানুনো জ্ঞুঃ।**

প্র, সম্, এই দুই অব্যয়ের পরবর্ত্তী জানু শব্দের স্থানে জ্ঞু হয়। যথা, **প্রজ্ঞুঃ, সংজ্ঞুঃ।**

৩১। ঊৰ্দ্ধ্বাদ্বিভাষা।

ঊৰ্দ্ধ শব্দের পরবর্ত্তীর বিকল্পে। যথা, ঊৰ্দ্ধ্বজ্ঞুঃ, ঊৰ্দ্ধজানুঃ।

৩২। নসো নাসিকায়াঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে, নাসিকা শব্দস্থানে নস হয়। যথা, দ্রুরিব নাসিকা অস্য দ্রুণসঃ, বাৰ্দ্ধ্রীব নাসিকাস্য বাৰ্দ্ধ্রীণসঃ, গৌরিব নাসিকাস্য গোনসঃ। স্থূলশব্দের উত্তর হয় না। যথা, স্থূলা নাসিকাস্য স্থূলনাসিকঃ। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা, তুঙ্গা নাসিকা অস্য তুঙ্গনাসিকঃ পুরুষঃ।

৩৩। উপসর্গাচ্চ।

উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস হয়। যথা, প্রণসঃ, উন্নসঃ, অপনসঃ।

৩৪। খর খুরাভ্যাং নস্ চ।

খর ও খুর শব্দের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস ও নস্ হয়। যথা, খরণসঃ, খরণাঃ; খুরণসঃ, খুরণাঃ।

৩৫। বিগ্রাদয়ঃ।

বি উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে বিগ্র, বিখ্য, বিখ্যু, বিখ্র, নিপাতনে সিদ্ধ হয়।

৩৬। জানির্জায়ায়াঃ।

জায়া শব্দের স্থানে জানি হয়। যথা, যুবতির্জায়াস্য যুবজানিঃ, প্রিয়া জায়াস্য প্রিয়জানিঃ, সুন্দরী জায়াস্য সুন্দরজানিঃ।

৩৭। গন্ধস্যেদুৎ সু পূতি সুরভিভ্যঃ।

উৎ, সু, পূতি, সুরভি, ইহাদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, উদ্গন্ধিঃ, সুগন্ধিঃ, পূতিগন্ধিঃ, সুরভিগন্ধিঃ। ব্যাহ্মরের গন্ধসম্বন্ধে হয় না। যথা, সুগন্ধঃ পবনঃ।

৩৮। অল্পসংযোগে।

অল্পসংযোগ বুঝাইলে, গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, ঘৃতগন্ধি, দধিগন্ধি, সূপগন্ধি ভোজনম্।

৩৯। উপমানাচ্চ।

উপমানবাচক পদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, পদ্মস্যেব গন্ধোঽস্য পদ্মগন্ধিঃ, করীষগন্ধিঃ (৬৩)।

৪০। পাদস্য পাদুপমানাদ্‌হস্ত্যাদেঃ।

উপমানবাচক পদের পরবর্ত্তী পাদ শব্দস্থানে পাদ্ হয়। যথা, ব্যাঘ্রস্যেব পাদাবস্য ব্যাঘ্রপাত্। হস্তিন্ (৬৪) প্রভৃতির পরবর্ত্তীর হয় না। যথা, হস্তিন ইব পাদাবস্য হস্তিপাদঃ।

৪১। সংখ্যা সু পূর্ব্বস্য চ।

সংখ্যাবাচক ও সু পূর্ব্বে থাকিলে, পাদ শব্দ স্থানে পাদ্ হয়। যথা, দ্বিপাত্, ত্রিপাত্, চতুষ্পাত্, সুপাত্।

৪২। স্ত্রিয়াং কুম্ভাদেঃ পদ্।

স্ত্রীলিঙ্গে, কুম্ভ (৬৫) প্রভৃতির পরবর্ত্তী পাদ শব্দস্থানে পদ্ হয়। যথা, কুম্ভপদী, একপদী, দ্বিপদী, ত্রিপদী, শতপদী, বিষ্ণুপদী, আর্দ্রপদী।

৪৩। সুহৃদ্ দুর্হৃদৌ মিত্রামিত্রয়োঃ।

মিত্র, অমিত্র, এই দুই অর্থে, যথাক্রমে, সুহৃদ্, দুর্হৃদ্, এই দুই

---

(৬৩) বোপদেবমতে বিকল্পে।

(৬৪) হস্তিন্, কুদ্দাল, অশ্ব, অজ, কপোত, জাল, গণ্ড, গণ্ডোল, কুসূল ইত্যাদি।

(৬৫) কুম্ভ, এক, দ্বি, ত্রি, শত, সূল, জাল, মুনি, সূত্র, স্থল, গোধা, দস্য, বিষ্ণু, আর্দ্র, কৃষ্ণ, শুচি, সূপ্য ইত্যাদি।

শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, শোভনং হৃদয়মস্য সুহৃৎ মিত্রম্, দুষ্টং হৃদয়মস্য দুর্হৃৎ অমিত্রঃ।

৪৪। উরঃ প্রভৃতিভ্যঃ কপ্।

উরস্ (৬৬) প্রভৃতি শব্দের উত্তর কপ্ হয়, প ইৎ, ক থাকে। যথা, ব্যূঢ়মুরোঽস্য ব্যূঢ়োরস্কঃ, উপানদ্ভ্যাং সহ সোপানৎকঃ, ভাষিতঃ পুমাননেন ভাষিতপুংস্কঃ, ন বিদ্যতে অর্থোঽস্মিন্ নিরর্থকম্, অনর্থকম্।

৪৫। ইনন্তাৎ স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে, ইন্‌ভাগান্ত শব্দের উত্তর কপ্ হয়। যথা, বহবোঽস্যাং ধনিনঃ বহুধনিকা নগরী, বহবোঽস্যাং বাগ্মিনঃ বহুবাগ্মিকা সভা।

৪৬। ঋদন্ত নদীভ্যাঞ্চ।

ঋকারান্ত ও নদীসংজ্ঞক শব্দের উত্তর কপ্ হয়। যথা, ঋদন্ত— একপিতৃকঃ, সমাতৃকঃ, মৃতভর্তৃকা; নদীসংজ্ঞক—মৃতপত্নীকঃ, বহুকুমারীকঃ।

৪৭। শেষাদ্বিভাষা।

পূর্ব্বোক্ত ভিন্নের উত্তর বিকল্পে কপ্ হয়। যথা, ধৃতধনুষ্কঃ, ধৃতধনুঃ; লব্ধযশস্কঃ, লব্ধযশাঃ; মুণ্ডিতশিরস্কঃ, মুণ্ডিতশিরাঃ; অর্জ্জিতধনকঃ, অর্জ্জিতধনঃ।

৪৮। নেয়সুনঃ।

ঈয়সুন্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর কপ্ হয় না। যথা, বহুপ্রেয়ান্, বহুপ্রেয়সী।

৪৯। ন প্রশংসায়াং ভ্রাতুঃ।

(৬৬) উরস্, উপানহ্, পুমস্, পয়স্, দধি, মধু, শালি, সর্পিস্, অনডুহ্, নৌ, নির্ ও নঞ্‌পূর্ব্বক অর্থ।

প্রশংসা বুঝাইলে, ভ্রাতৃ শব্দের উত্তর কপ্ হয় না। যথা, সুভ্রাতা, পণ্ডিতভ্রাতা, সাধুভ্রাতা। অন্যত্র, মূর্খভ্রাতৃকঃ, বহুভ্রাতৃকঃ।

৫০। ন নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে।

স্বাঙ্গ বুঝাইলে, নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর কপ্ হয় না। যথা, বহুনাড়িঃ কায়ঃ, বহুতন্ত্রীর্গ্রীবা। স্বাঙ্গ না বুঝাইলে, বহুনাড়ীকঃ স্তম্ভঃ, বহুতন্ত্রীকা বীণা।

৫১। সুপ্রাতাদয়ঃ।

বহুব্রীহি সমাসে, সুপ্রাত প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, শোভনং প্রাতরস্য সুপ্রাতঃ, শোভনং দিবাস্য সুদিবঃ, চতস্রোঽশ্রয়ঃ অস্য চতুরশ্রঃ।

## দ্বন্দ্ব।

১। দ্বন্দ্বঃ।

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম দ্বন্দ্ব।

২। পরলিঙ্গং দ্বন্দ্বে।

দ্বন্দ্ব সমাস হইলে, সমস্ত ভাগ পর পদের লিঙ্গ প্রাপ্ত হয়।

৩। চার্থে দ্বন্দ্বঃ। ইতরেতরযোগে।

পরস্পর যোগ বুঝাইলে, দ্বন্দ্ব সমাস হয়। যথা, হরিশ্চ হরশ্চ হরিহরৌ, রামশ্চ লক্ষ্মণশ্চ রামলক্ষ্মণৌ, ভীমশ্চ অর্জ্জুনশ্চ ভীমার্জ্জুনৌ, ধবশ্চ খদিরশ্চ পলাশশ্চ ধবখদিরপলাশাঃ, কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ কন্দমূলফলানি, শব্দশ্চ স্পর্শশ্চ রূপঞ্চ রসশ্চ গন্ধশ্চ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। হরিহরৌ, এ স্থলে হরিপদার্থ ও হরপদার্থের পরস্পর যোগ বুঝাইতেছে; ধবখদিরপলাশাঃ, এস্থলে ধবপদার্থ, খদিরপদার্থ, ও পলাশপদার্থের পরস্পর যোগ বুঝাইতেছে।

৪। **समाहारे च।**

দুই বা বহু পদার্থের সমাহার বুঝাইলে, **द्वन्द्व** সমাস হয়।

৫। **प्राणि तूर्य्य सेनाङ्गानाम्।**

দ্বন্দ্বসমাসে প্রাণ্যঙ্গ, তূর্য্যাঙ্গ, ও সেনাঙ্গ বাচক পদের **समाहार** হয়। যথা, প্রাণ্যঙ্গ—**पाणिश्च पादश्च पाणिपादम्, करश्च चरणश्च करचरणम्, दन्तश्च ओष्ठश्च दन्तौष्ठम्, कर्णश्च नासिका च कर्ण-नासिकम्, भ्रुवौ च ललाटौ च भ्रूललाटम्, पृष्ठञ्च उदरञ्च पृष्ठो-दरम्**; তূর্য্যাঙ্গ—**पणवश्च मृदङ्गश्च पणवमृदङ्गम्, शङ्खश्च दुन्दु-भिश्च शङ्खदुन्दुभि, भेरी च पटहश्च भेरीपटहम्, ऋषभश्च गान्धा-रश्च ऋषभगान्धारम्, धैवतश्च पञ्चमश्च धैवतपञ्चमम्, षड्जश्च मध्यमश्च षड्जमध्यमम्**; সেনাঙ্গ—**रथिकाश्च अश्वारोहाश्च रथि-काश्वारोहम्, शाक्तीकाश्च याष्टीकाश्च शाक्तीकयाष्टीकम्, पर-शवश्च करवालाश्च परशुकरवालम्, धनूंषि च शराश्च धनुःशरम्, शराश्च तूणीराश्च शरतूणीरम्** (৬৭)।

৬। **नदीवाचिनां लिङ्गभेदे।**

লিঙ্গের ভেদ থাকিলে, নদীবাচক পদের **समाहार** হয়। যথা, **गङ्गा च शोणश्च गङ्गाशोणम्, उद्ध्यश्च इरावती च उद्ध्येरावति, ब्रह्मपुत्रश्च चन्द्रभागा च ब्रह्मपुत्रचन्द्रभागम्।** লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা, **गङ्गा च यमुना च गङ्गायमुने, सरस्वती च दृषद्वती च सरस्वतीदृषद्वत्यौ।**

৭। **देशवाचिनाञ्च।**

লিঙ্গভেদ থাকিলে, দেশবাচক পদের **समाहार** হয়। যথা, **कुरवश्च**

(৬৭) সেনাঙ্গবাচক পদের কেবল বহুবচনে সমাহার হয়, অন্য বচনে হয় না। যথা, **शरश्च तूणीरश्च शरतूणीरौ, शक्तिश्च परशुश्च करवालश्च शक्तिपरशुकरवालाः।**

कुरुक्षेत्रञ्च कुरुकुरुक्षेत्रम्, कुरवश्च जाङ्गलञ्च कुरुजाङ्गलम्, मथुरा च पाटलिपुत्रञ्च मथुरापाटलिपुत्रम्। লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা, मद्राश्च केकयाश्च मद्रकेकयाः, विदेहाश्च कलिङ्गाश्च विदेहकलिङ्गाः। গ্রামবাচক পদের সমাহার হয় না। যথা, जाम्बवञ्च शालूकिनी च जाम्बवशालूकिन्यौ।

**৮। वा पशु शकुनि क्षुद्रजन्तुवाचिनां बहुवचने।**

বহুবচনে, পশুবাচক, শকুনিবাচক, ও ক্ষুদ্রজন্তুবাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, পশুবাচক—गावश्च महिषाश्च गोमहिषम्, गोमहिषाः; वृकाश्च कुरङ्गाश्च वृककुरङ्गम्, वृककुरङ्गाः; गोमायवश्च गर्द्दभाश्च गोमायुगर्द्दभम्, गोमायुगर्द्दभाः; শকুনিবাচক—हंसाश्च सारसाश्च हंससारसम्, हंससारसाः; बकाश्च चक्रवाकाश्च बकचक्रवाकम्, बकचक्रवाकाः; कोकिलाश्च मयूराश्च कोकिलमयूरम्, कोकिलमयूराः; ক্ষুদ্রজন্তুবাচক—दंशाश्च मशकाश्च दंशमशकम्, दंशमशकाः; यूकाश्च मक्षिकाश्च यूकमक्षिकम्, यूकमक्षिकाः; मत्कुणाश्च पिपीलिकाश्च मत्कुणपिपीलिकम्, मत्कुणपिपीलिकाः।

**৯। फल तृण तरुवाचकानाञ्च।**

বহুবচনে, ফলবাচক, তৃণবাচক, ও তরুবাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, ফলবাচক—बदराणि च आमलकानि च बदरामलकम्, बदरामलकानि; खर्ज्जुराणि च नारिकेलानि च खर्ज्जुरनारिकेलम्, खर्ज्जुरनारिकेलानि; व्रीहयश्च यवाश्च व्रीहियवम्, व्रीहियवाः; मुद्गाश्च माषाश्च मुद्गमाषम्, मुद्गमाषाः; তৃণবাচক—कुशाश्च काशाश्च कुशकाशम्, कुशकाशाः; তরুবাচক—अश्वत्थाश्च न्यग्रोधाश्च अश्वत्थन्यग्रोधम्, अश्वत्थन्यग्रोधाः।

**১০। नित्यं नित्यविरोधिनाम्।**

যে সকল জন্তু পরস্পর নিত্যবিরোধী, বহুবচনে, তদ্বাচক পদের

নিত্য সমাহার হয়। যথা, অহয়শ্চ নকুলাশ্চ অহিনকুলম্, কাকাশ্চ উলূকাশ্চ কাকোলূকম্, মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ মার্জ্জারমূষিকম্।

১১। গবাশ্বপ্রভৃতীনাঞ্চ।

গবাশ্ব (৬৮) প্রভৃতির নিত্য সমাহার হয়। যথা, গাবশ্চ অশ্বাশ্চ গবাশ্বম্, অজাশ্চ অবিকাশ্চ অজাবিকম্, পুত্রাশ্চ পৌত্রাশ্চ পুত্রপৌত্রম্।

১২। বিভাষা পূর্ব্বাপরাদীনাম্।

পূর্ব্বাপর প্রভৃতির বিকল্পে সমাহার হয়। যথা, পূর্ব্বঞ্চ অপরঞ্চ পূর্ব্বাপরম্, পূর্ব্বাপরে; অধরং চ উত্তরং চ অধরোত্তরম্, অধরোত্তরে; দধি চ ঘৃতং চ দধিঘৃতম্, দধিঘৃতে।

১৩। বিরুদ্ধানামবিশেষণানাঞ্চ।

পরস্পরবিরুদ্ধ পদার্থের বিকল্পে সমাহার হয়। যথা, শীতঞ্চ উষ্ণঞ্চ শীতোষ্ণম্, শীতোষ্ণে; সুখঞ্চ দুঃখঞ্চ সুখদুঃখম্, সুখদুঃখে; আলোকশ্চ অন্ধকারশ্চ আলোকান্ধকারম্, আলোকান্ধকারে। বিশেষণ হইলে হয় না। যথা, শীতোষ্ণে পয়সী।

১৪। শূদ্রাণামনিরবসিতানাং নিত্যম্।

শূদ্রবাচী পদের নিত্য সমাহার হয়। যথা, গোপাশ্চ নাপিতাশ্চ

(৬৮) গবাশ্বম্, গবাবিকম্, গবৈডকম্, অজাবিকম্, অজৈডকম্, কুব্জবামনম্, কুব্জকিরাতম্, পুত্রপৌত্রম্, শ্বচণ্ডালম্, স্ত্রীকুমারম্, দাসীমাণবকম্, শাটীপটীরম্, শাটীপ্রচ্ছাদকম্, শাটীপট্টিকম্, উষ্ট্রখরম্, উষ্ট্রশশম্, মূত্রশকৃৎ, মূত্রপুরীষম্, যকৃন্মেদম্, মাংসশোণিতম্, দর্ভশরম্, দর্ভপূতীকম্, অর্জ্জুনশিরীষম্, অর্জ্জুনপুরুষম্, তৃণোপলম্, দাসীদাসম্, কুটীকুটম্, ভাগবতীভাগবতম্।

গোপনাপিতম্, কর্ম্মারাশ্চ কুম্ভকারাশ্চ কর্ম্মারকুম্ভকারম্, তাম্বূলিকাশ্চ তন্তুবায়াশ্চ তাম্বূলিকতন্তুবায়ম্। নিরবসিত (৬৯) শূদ্রের হয় না। যথা, চণ্ডালাশ্চ মৃতপাশ্চ চণ্ডালমৃতপাঃ।

১৫। ন দধিপয়ঃপ্রভৃতীনাম্।

দধিপয়স্ (৭০) প্রভৃতির সমাহার হয় না। যথা, দধিপয়সী, সর্পির্মধুনী, শুক্লকৃষ্ণৌ, দীক্ষাতপসী, উলূখলমুষলে।

১৬। চবর্গ দষহান্তাৎ সমাহারে।

সমাহারদ্বন্দ্বে, চবর্গান্ত, দকারান্ত, ষকারান্ত, ও হান্ত শব্দের উত্তর অ হয়। যথা, বাক্ত্বচম্, স্রীত্বজম্, সমিদ্দৃষদম্, সম্পদ্বিপদম্, বাক্ত্বিষম্, বাগ্বিপ্রুষম্, ছত্রোপানহম্, ধেনুগোদুহম্। সমাহার না হইলে হয় না। যথা, স্রীত্বজৌ, প্রাবৃট্শরদৌ।

১৭। ঋদন্তাদৃদন্তে ডা বিদ্যাগোত্রসম্বন্ধে।

বিদ্যাসম্বন্ধ ও গোত্রসম্বন্ধ থাকিলে, এবং ঋকারান্ত শব্দ পরবর্ত্তী হইলে, ঋকারান্ত শব্দের উত্তর ডা হয়, ড ইৎ, আ থাকে। যথা, বিদ্যাসম্বন্ধে—হোতা চ পোতা চ হোতাপোতারৌ, নেষ্টা চ উদ্গাতা চ নেষ্টোদ্গাতারৌ; গোত্রসম্বন্ধে—মাতা চ পিতা চ মাতাপিতরৌ, যাতা চ ননান্দা চ যাতাননান্দারৌ।

১৮। পুত্রে চ।

(৬৯) যৈর্ভুক্তে পাত্রং সংস্কারেণাপি ন শুদ্ধ্যতি তে নিরবসিতাঃ।

(৭০) দধিপয়স্, সর্পির্মধু, মধুসর্পিস্, ব্রহ্মপ্রজাপতি, শিববৈশ্রবণ, স্কন্দবিশাখ, পরিব্রাট্কৌশিক, প্রবর্গ্যোপসদ, শুক্লকৃষ্ণ, ইধ্মবর্হিস্, দীক্ষাতপস্, শ্রদ্ধাতপস্, মেধাতপস্, অধ্যয়নতপস্, উলূখলমুষল, আদ্যবসান, শ্রদ্ধামেধা।

পুত্রশব্দ পরে থাকিলে, ঋদন্ত শব্দের উত্তর আ হয়। যথা, পিতা চ পুত্রশ্চ পিতাপুত্রৌ, মাতা চ পুত্রশ্চ মাতাপুত্রৌ।

১৯। দেবতাবাচিনাং পূর্ব্বাৎ।

দেবতাবাচী পদের দ্বন্দ্ব হইলে, পূর্ব্ব পদের উত্তর আ হয়। যথা, ইন্দ্রশ্চ বরুণশ্চ ইন্দ্রাবরুণৌ, মিত্রশ্চ বরুণশ্চ মিত্রাবরুণৌ, সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ।

২০। ন ব্রহ্মপ্রজাপত্যাদেঃ।

ব্রহ্মপ্রজাপতি প্রভৃতির উত্তর আ হয় না। যথা, ব্রহ্মা চ প্রজাপতিশ্চ ব্রহ্মপ্রজাপতী, অগ্নিশ্চ বায়ুশ্চ অগ্নিবায়ূ, বায়ুশ্চ অগ্নিশ্চ বায়্বগ্নী।

২১। ঈদগ্নেঃ সোমবরুণয়োঃ।

সোম ও বরুণ শব্দ পরে থাকিলে, অগ্নি শব্দের উত্তর ঈৎ হয় ন ঈৎ। যথা, অগ্নিশ্চ সোমশ্চ অগ্নীষোমৌ, অগ্নিশ্চ বরুণশ্চ অগ্নীবরুণৌ।

২২। দিবো দ্যাবা।

পূর্ব্ববর্ত্তী দিব্ স্থানে দ্যাবা হয়। যথা, দ্যৌশ্চ ভূমিশ্চ দ্যাবাভূমী, দ্যৌশ্চ ক্ষমা চ দ্যাবাক্ষমে।

২৩। দিবস্ চ পৃথিব্যাম্।

পৃথিবীশব্দ পরে থাকিলে, দিব্ স্থানে দ্যাবা ও দিবস্ হয়। যথা, দ্যৌশ্চ পৃথিবী চ দ্যাবাপৃথিব্যৌ দিবস্পৃথিব্যৌ।

২৪। মাতরপিতরৌ।

নিপাতনে সিদ্ধ হয়। যথা, মাতা চ পিতা চ মাতরপিতরৌ।

২৫। দম্পতী জম্পতী বা।

জায়া ও পতি শব্দে সমাস হইলে, বিকল্পে দম্পতী ও জম্পতী হয়। যথা, জায়া চ পতিশ্চ জায়াপতী, দম্পতী, জম্পতী।

২৬। নিত্যং স্ত্রীপুংসাদয়ঃ।

দ্বন্দ্বসমাস হইলে, স্ত্রীপুংসৌ (৭১) প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা; স্ত্রী চ পুমাংশ্চ স্ত্রীপুংসৌ, বাক্ চ মনশ্চ বাঙ্মনসে, নক্তঞ্চ দিবা চ নক্তন্দিবম্, রাত্রৌ চ দিবা চ রাত্রিন্দিবম্, অহনি চ দিবা চ অহর্দিবম্, অহশ্চ রাত্রিশ্চ অহোরাত্রঃ।

২৭। সরূপাণামেকশেষ একবিভক্তৌ।

একবিভক্তি হইলে, সমানাকার অনেক পদের একমাত্র অবশিষ্ট থাকে। দ্বি পদের একশেষ হইলে, অবশিষ্ট পদ দ্বিবচনান্ত, বহু পদের একশেষ হইলে, অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা; তরুশ্চ তরুশ্চ তরূ, তরুশ্চ তরুশ্চ তরুশ্চ তরবঃ, ফলঞ্চ ফলঞ্চ ফলে, ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ ফলানি।

২৮। পুমান্ স্ত্রিয়া।

সমানাকার স্ত্রীবাচক পদের সহিত সমাস হইলে, পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে। যথা, ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ ব্রাহ্মণৌ, কুক্কুটশ্চ কুক্কুটী চ কুক্কুটৌ। স্ত্রীলিঙ্গনিমিত্তক আপ্ ঈপ্ প্রভৃতি বিশেষ ব্যতিরিক্ত অন্যান্য অংশে সমানাকার হওয়া আবশ্যক, শব্দের স্বরূপগত বৈলক্ষণ্য থাকিলে হয় না। যথা, হংসশ্চ বারটী চ হংসবারট্যৌ।

২৯। ন ব্যক্তিসংজ্ঞানাম্।

ব্যক্তিবিশেষের সংজ্ঞাবাচক পদের একশেষ হয় না। যথা, ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ ইন্দ্রেন্দ্রাণ্যৌ, ভবশ্চ ভবানী চ ভবভবান্যৌ।

---

(৭১) স্ত্রীপুংসৌ, ধেন্বনডুহম্, ঋক্সামে, বাঙ্মনসে, অক্ষিভ্রুবম্, দারগবম্, ঊর্বষ্ঠীবম্, পদষ্ঠীবম্, নক্তন্দিবম্, রাত্রিন্দিবম্, অহর্দিবম্, ঋগ্যজুষম্, অহোরাত্রঃ।

৩০। ভ্রাতৃপুত্রৌ স্বসৃদুহিতৃভ্যাম্।

স্বসৃর সহিত ভ্রাতৃর ও দুহিতৃর সহিত পুত্রের সমাস হইলে, ভ্রাতৃ ও পুত্র অবশিষ্ট থাকে। যথা, ভ্রাতা চ স্বসা চ ভ্রাতরৌ, পুত্রশ্চ দুহিতা চ পুত্রৌ।

৩১। বিভাষা পিতা মাত্রা।

মাতৃশব্দের সহিত সমাস হইলে, পিতৃশব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, মাতা চ পিতা চ পিতরৌ, মাতাপিতরৌ।

৩২। শ্বশুরঃ শ্বশ্র্বা।

শ্বশ্রূশব্দের সহিত সমাস হইলে, শ্বশুরশব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ শ্বশুরৌ, শ্বশ্রূশ্বশুরৌ।

৩৩। নপুংসকমনপুংসকেনৈকবচ্চাস্যান্যতরস্যাম্ — নপুংসকমনপুংসকেনৈকবচনং বা।

নপুংসক ভিন্নের সহিত নপুংসকের সমাস হইলে, নপুংসকশব্দ অবশিষ্ট থাকে, এবং তদুপলক্ষে বিকল্পে একবচন হয়। যথা, শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ শুক্লম্, শুক্লানি। নপুংসকের সহিত হইলে, একবচন হয় না। যথা, শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লানি।

## সর্ব্বসমাসসাধারণ বিধি।

১। পথো ডঃ সমাসে।

সমাস হইলে, সমস্তের অন্তস্থিত পথিন্ শব্দের উত্তর ড হয়, ড ইৎ, অ থাকে। যথা, পথঃ সমীপম্ উপপথম্, জলে পন্থাঃ জলপথঃ, দক্ষিণস্যাং দিশি পন্থাঃ দক্ষিণাপথঃ, মহান্ পন্থাঃ মহাপথঃ, ত্রয়াণাং পথাং সমাহারঃ ত্রিপথম্, চতুর্ণাং পথাং সমাহারঃ চতুষ্পথম্, রম্যঃ পন্থাঃ অস্মিন্ রম্যপথং নগরম্, চোরস্য পন্থাশ্চ চোরপথৌ। অব্যয়ের পরবর্ত্তী হইলে নপুংসক হয়। যথা, বিরুদ্ধঃ পন্থাঃ বিপথম্, গর্হিতঃ পন্থাঃ উৎপথম্, অপকৃষ্টঃ পন্থাঃ অপপথম্।

২। অনপঃ।

সমাস হইলে, সমস্তের অন্তস্থিত অপ্ শব্দের উত্তর অন্ হয়, ন ইৎ, অ থাকে। যথা, বিমলা আপোঽস্মিন্ বিমলাপং সরঃ, উদ্ধৃতা আপোঽস্মাৎ উদ্ধৃতাপঃ কূপঃ, কূপস্যাপঃ কূপাপাঃ, নির্ম্মলা আপঃ নির্ম্মলাপাঃ।

৩। দ্ব্যন্তরুপসর্গেভ্যোঽপ ঈৎ।

দ্বি, অন্তর্, ও উপসর্গের পরবর্ত্তী অপ্ শব্দের অকার স্থানে ঈ হয়। যথা, দ্বয়োর্দ্দিশোঃ আপোঽস্য দ্বীপম্, অন্তরীপম্, নীপম্, সমীপম্, প্রতীপম্, অন্বীপম্।

৪। অবর্ণাদ্বিভাষা।

অবর্ণান্ত উপসর্গের পরবর্ত্তী হইলে, বিকল্পে। যথা, প্রেপম্, প্রাপম্; পরেপম্, পরাপম্; অপাং সমীপম্ উপেপম্, উপাপম্।

৫। সমাপানূপৌ।

সমাপ ও অনূপ নিপাতনে সিদ্ধ হয়। যথা, সমাপং দেবযজনম্, অনূপো দেশঃ।

৬। ধুরোঽনক্ষে।

সমাস হইলে, সমস্তের অন্তস্থিত ধুর্ শব্দের উত্তর অন্ হয়, ন ইৎ, অ থাকে। যথা, রাজ্ঞো ধূঃ রাজধুরা, মহতী ধূঃ মহাধুরা, হৃতা ধূরনেন হৃতধুরঃ। অক্ষ শব্দের সম্বন্ধ থাকিলে হয় না। যথা, অক্ষস্য ধূঃ অক্ষধূঃ, দৃঢা ধূরস্মিন্ দৃঢধূঃ অক্ষঃ।

৭। ঋচশ্চ।

সমস্তের অন্তস্থিত ঋচ্ শব্দের উত্তর অন্ হয়। যথা, অর্দ্ধম্ ঋচঃ অর্দ্ধর্চ্চঃ (৭২), অধিগতা ঋক্ অনেন অধিগতর্চ্চঃ।

---

(৭২) পুংলিঙ্গ হয়।

৮। नञो माणवके।

माणवक বুঝাইলে, নঞের পরবর্ত্তী ऋच् শব্দের উত্তর अन् হয়। যথা, अनृचो माणवकः। অন্যত্র, अनृक् साम।

৯। बहोश्चरणे।

चरण বুঝাইলে, বহুর পরবর্ত্তী ऋच् শব্দের উত্তর अन् হয়। যথা, बह्वृचश्चरणः। অন্যত্র, बह्वृक् सूक्तम्।

১০। प्रत्यन्ववेभ्यो लोम्नः।

प्रति, अनु, अव, এই তিনের পরবর্ত্তী लोमन् শব্দের উত্তর अन् হয়। যথা, प्रतिलोमम्, अनुलोमम्, अवलोमम्।

১১। साम्नश्च।

प्रति, अनु, अव, এই তিনের পরবর্ত্তী सामन् শব্দের উত্তর अन् হয়। যথা, प्रतिसामम्, अनुसामम्, अवसामम्।

১২। कृष्णोदक पाण्डुसंख्याभ्यो भूमेः।

कृष्ण, उदक, पाण्डु, ও সংখ্যাবাচকের পরবর্ত্তী भूमि শব্দের উত্তর अन् হয়। যথা, कृष्णभूमः, उदकभूमः, पाण्डुभूमः, द्विभूमः, चतुर्भूमः।

১৩। ब्रह्म हस्ति पल्य राजभ्यो वर्च्चसः।

ब्रह्मन्, हस्तिन्, पल्य, राजन्, ইহাদের পরবর্ত্তী वर्च्चस् শব্দের উত্তর अन् হয়। যথা, ब्रह्मवर्च्चसम्, हस्तिवर्च्चसम्, पल्यवर्च्चसम्, राजवर्च्चसम्।

১৪। अव समन्धेभ्यस्तमसः।

अव, सम्, अन्ध, ইহাদের পরবর্ত্তী तमस् শব্দের উত্তর अन् হয়। যথা, अवतमसम्, सन्तमसम्, अन्धतमसम्।

১৫। অন্ববতপ্তেভ্যো রহস:।

অনু, অব, তপ্ত, ইহাদের পরবর্ত্তী রহস্ শব্দের উত্তর অন্ হয়। যথা, অনুরহসম্, অবরহসম্, তপ্তরহসম্।

১৬। উপসর্গাদধ্বন:।

উপসর্গের পরবর্ত্তী অধ্বন্ শব্দের উত্তর অন্ হয়। যথা, প্রগতঃ অধ্বানম্ প্রাধ্বো রথঃ, অধ্বনোঽভাবঃ নিরধ্বম্, অধ্বানং প্রতি প্রত্যধ্বম্। অন্যত্র, উত্তমোঽধ্বা উত্তমাধ্বা।

১৭। শ্বসোঽবসীয়:শ্রেয়োভ্যাম্।

শ্বস্ শব্দের পরবর্ত্তী অবসীয়স্ ও শ্রেয়স্ শব্দের উত্তর অন্ হয়। যথা, শ্বোবসীয়সম্, শ্বঃশ্রেয়সম্।

১৮। ন প্রশংসায়াং স্বতিভ্যাম্।

প্রশংসাবাচী সু ও অতি শব্দ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত বিধি হয় না। যথা, শোভনো রাজা সুরাজা, শোভনো রাজা অস্মিন্, সুরাজা দেশঃ, অতিশয়েন রাজা অতিরাজা, সুসখা, অতিসখা, সুগৌঃ, অতিগৌঃ, সুপন্থাঃ, স্বধ্বা।

১৯। ন কিমঃ কুৎসায়াম্।

কুৎসাবাচী কিম্ শব্দ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত বিধি হয় না। যথা, কুৎসিতো রাজা, কিংরাজা, কুৎসিতঃ সখা কিংসখা, কুৎসিতঃ পন্থাঃ অস্মিন্ কিম্পন্থাঃ দেশঃ।

২০। ন নঞস্তৎপুরুষে।

তৎপুরুষ সমাসে, নঞ্ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত বিধি হয় না, যথা, অরাজা, অসখা, অগৌঃ।

২১। পথো বিভাষা।

পথিন্ শব্দের উত্তর বিকল্পে। সমাসান্ত পক্ষে নপুংসক লিঙ্গ হয়। যথা, অপথম্, অপন্থাঃ।

## ২২। সঃ সমানস্য গোত্রাদৌ।

সমাসে গোত্র প্রভৃতি শব্দ পরে থাকিলে, সমান শব্দস্থানে স হয়। যথা, সমানং গোত্রমস্য সগোত্রঃ, সরূপঃ, সবর্ণঃ, সপক্ষঃ, সনাভিঃ, সপিণ্ডঃ, সনামা, সবয়াঃ, সতীর্থঃ, সস্থানঃ, সবন্ধুঃ, সবচনঃ, সরাত্রিঃ, সজ্যোতিঃ, সজনপদঃ, সব্রহ্মচারী।

## ২৩। বিভাষা ধর্ম্মোদর্য্য জাতীয়েষু।

ধর্ম্ম, উদর্য্য, ও জাতীয় শব্দ পরে থাকিলে, বিকল্পে। যথা, সধর্ম্মা, সমানধর্ম্মা; সোদর্য্যঃ, সমানোদর্য্যঃ; সজাতীয়ঃ, সমানজাতীয়ঃ।

## ২৪। দুরন্যাদাশীরাদিষু।

আশিস্ প্রভৃতি শব্দ পরে থাকিলে, অন্য শব্দের উত্তর দু হয়, উ ইৎ, দ থাকে। যথা, অন্যা আশীঃ অন্যদাশীঃ, অন্যস্মিন্ আশা অন্যদাশা, অন্যস্মিন্ আস্থা অন্যদাস্থা, অন্যস্মিন্ আস্থিতঃ অন্যদাস্থিতঃ, অন্যস্মিন্ উৎসুকঃ অন্যদুৎসুকঃ, অন্যস্মিন্ রাগঃ অন্যদ্রাগঃ, অন্যঃ কারকঃ অন্যৎকারকঃ।

## ২৫। ন তৃতীয়া ষষ্ঠ্যোঃ।

তৃতীয়ান্ত ও ষষ্ঠ্যন্তের হয় না। যথা, অন্যেন আশীঃ অন্যাশীঃ, অন্যস্যাশীঃ অন্যাশীঃ।

## ২৬। অর্থে বিভাষা।

অর্থশব্দ পরে থাকিলে বিকল্পে। যথা, অন্যস্যার্থঃ অন্যদর্থঃ, অন্যার্থঃ।

২৭। কোঃ কৎ স্বরে তৎপুরুষে।

তৎপুরুষ সমাসে, স্বরবর্ণ পরে থাকিলে, কু শব্দস্থানে কৎ হয়। যথা, কুৎসিতোঽশ্বঃ কদশ্বঃ, কুৎসিত উষ্ট্রঃ কদুষ্ট্রঃ, কুৎসিতমন্নং কদন্নম্, কুৎসিত আচারঃ কদাচারঃ, কুৎসিতমুদকং কদুদকম্।

২৮। ত্রি রথ বদেষু।

ত্রি, রথ, ও বদ শব্দ পরে থাকিলে, কু শব্দস্থানে কৎ হয়। যথা, কুৎসিতাস্ত্রয়ঃ কত্রয়ঃ, কুৎসিতো রথঃ কদ্রথঃ, কুৎসিতং বদতি কদ্বদঃ।

২৯। কা পথ্যক্ষ্যোঃ।

পথিন্ ও অক্ষি শব্দ পরে থাকিলে, কা হয়। যথা, কুৎসিতঃ, পন্থাঃ কাপথঃ, কুৎসিতমক্ষি অস্য কাক্ষঃ।

৩০। ঈষদর্থে চ।

ঈষৎ অর্থ বুঝাইলে, কু শব্দস্থানে কা হয়। যথা, কামধুরম্, ঈষন্মধুরমিত্যর্থঃ; কালবণম্, ঈষল্লবণমিত্যর্থঃ।

৩১। বিভাষা পুরুষে।

পুরুষ শব্দ পরে থাকিলে, বিকল্পে। যথা, কাপুরুষঃ, কুপুরুষঃ।

৩২। কা কৎ কবাশ্চোষ্ণে।

উষ্ণ শব্দ পরে থাকিলে, কু শব্দস্থানে কা, কৎ, ও কব হয়। যথা, কোষ্ণম্, কদুষ্ণম্, কবোষ্ণম্।

৩৩। বিশ্বামিত্রাদয়ঃ।

বিশ্বামিত্র প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, বিশ্বস্য মিত্রং বিশ্বামিত্রঃ, বিশ্বাবসুঃ, বিশ্বানরঃ, অষ্টাবক্রঃ, অষ্টাপদম্, অষ্টাগবম্, শ্বাদন্তঃ, শ্বাদংষ্ট্রা, শ্বাকর্ণঃ, শ্বাপুচ্ছঃ, শ্বাপদঃ।

৩৪। **সমোঽন্ত্যলোপঃ কাম মনসোঃ।**

কাম ও মনস্ শব্দ পরে থাকিলে, সম্ এই অব্যয়ের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, **সকামঃ, সমনাঃ।**

৩৫। **তুমুনশ্চ।**

কাম ও মনস্ শব্দ পরে থাকিলে, তুমুন্ প্রত্যয়ের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, **গন্তুকামঃ, গন্তুমনাঃ।**

৩৬। **অবশ্যমঃ কৃত্যে।**

কৃত্য প্রত্যয় পরে থাকিলে, অবশ্যম্ শব্দের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, **অবশ্যদেয়ম্, অবশ্যভব্যম্, অবশ্যকর্ত্তব্যম্।**

## অলুক্ সমাস।

১। **অলুগুত্তরপদে।**

সমাস হইলে, কোনও কোনও স্থলে, উত্তর পদ পরে বিভক্তির লোপ হয় না।

২। **পঞ্চম্যাঃ স্তোকান্তিক দূরার্থ কৃচ্ছ্রেভ্যঃ।**

স্তোকার্থ, অন্তিকার্থ, দূরার্থ, ও কৃচ্ছ্র শব্দের পরবর্ত্তী পঞ্চমী বিভক্তির লোপ হয় না। যথা, **স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্তঃ, অন্তিকাদাগতঃ, সমীপাদাগতঃ, দূরাদাগতঃ, বিপ্রকৃষ্টাদাগতঃ, কৃচ্ছ্রান্মুক্তঃ।**

৩। **ওজঃসহোঽম্ভস্তমোঽঞ্জসস্তৃতীয়ায়াঃ।**

ওজস্, সহস্, অম্ভস্, তমস্, ও অঞ্জস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, **ওজসাকৃতম্, সহসাকৃতম্, অম্ভসাকৃতম্, তমসাকৃতম্, অঞ্জসাকৃতম্।**

৪। পুংসোঽনুজে।

অনুজ শব্দ পরে থাকিলে, পুম্‌স্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, পুংসানুজঃ।

৫। জনুষোঽন্ধে।

অন্ধ শব্দ পরে থাকিলে, জনুস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, জনুষান্ধঃ।

৬। আত্মনঃ পূরণে।

পূরণবাচক শব্দ পরে থাকিলে, আত্মন্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, আত্মনাপঞ্চমঃ, আত্মনাদশমঃ।

৭। বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ।

ব্যাকরণের সংজ্ঞা বুঝাইলে, আত্মন্ শব্দের পরবর্ত্তী চতুর্থী বিভক্তির লোপ হয় না। যথা, আত্মনেপদম্, আত্মনেভাষা।

৮। পরাচ্চ।

পরশব্দের উত্তরও হয় না। যথা, পরস্মৈপদম্, পরস্মৈভাষা।

৯। হলদন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে, হলবর্ণান্ত ও অকারান্ত শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, যুধিষ্ঠিরঃ, ত্বচিসারঃ, অরণ্যেতিলকাঃ, বনেকিংশুকা, কূপেপিশাচকাঃ।

১০। অন্ত মধ্যাভ্যাং গুরৌ।

গুরু শব্দ পরে থাকিলে, অন্ত ও মধ্য শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, অন্তেগুরুঃ, মধ্যেগুরুঃ।

১১। অমূর্দ্ধমস্তকাৎ স্বাঙ্গাদকামে।

স্বাঙ্গবাচক শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা,

কণ্ঠেকালঃ, ভরেশিলোমা, শিরশিশিখঃ। কাম শব্দ পরে থাকিলে হয়। যথা, সুখকামঃ। মূর্দ্ধন্ ও মস্তক শব্দের উত্তর হয়। যথা, মূর্দ্ধশিখঃ, মস্তকশিখঃ।

১২। বিভাষা বন্ধে।

বন্ধ শব্দ পরে বিকল্পে। যথা, হস্তেবন্ধঃ, হস্তবন্ধঃ; পদেবন্ধঃ, পদবন্ধঃ।

১৩। তৎপুরুষে কৃতি বহুলম্।

তৎপুরুষ সমাসে, কৃৎ প্রত্যয়নিষ্পন্ন পদ পরে থাকিলে, সপ্তমী বিভক্তির লুকের নিয়ম নাই, অর্থাৎ, কোনও কোনও স্থলে হয় না, কোনও কোনও স্থলে হয়, কোনও কোনও স্থলে বিকল্পে। যথা, অলুক্—অন্তেবাসী, স্তম্বেরমঃ, কর্ণেজপঃ, পঙ্কেরুহঃ, মনসিশয়ঃ, প্রাবৃষিজঃ, শরদিজঃ; লুক্—কুরুচরঃ, স্থণ্ডিলশায়ী, কূটস্থঃ, মঞ্চস্থঃ; বিকল্পে—সরসিজম্ সরোজম্, মনসিজঃ মনোজঃ, গ্রামেবাসঃ গ্রামবাসঃ, গ্রামেবাসী গ্রামবাসী।

১৪। ষষ্ঠ্যা আক্রোশে।

ভর্ৎসনা বুঝাইলে, ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা, চৌরস্য-কুলম্, দাস্যাস্তনয়ঃ।

১৫। পুত্রে বিভাষা।

ভর্ৎসনা বুঝাইলে, ও পুত্র শব্দ পরে থাকিলে, ষষ্ঠী বিভক্তির বিকল্পে লুক্ হয় না। যথা, দাস্যাঃপুত্রঃ, দাসীপুত্রঃ; বৃষল্যাঃ-পুত্রঃ, বৃষলীপুত্রঃ।

১৬। বাচ্ দিশ্ পশ্যদ্ভ্যো যুক্তি দণ্ড হরেষু।

যুক্তি, দণ্ড, ও হর শব্দ পরে থাকিলে, যথাক্রমে, বাচ্, দিশ্, ও পশ্যৎ শব্দের উত্তরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা, বাচোযুক্তিঃ, দিশোদণ্ডঃ, পশ্যতোহরঃ।

১৭। দেবাৎ প্রিয়ে।

প্রিয় শব্দ পরে থাকিলে, দেব শব্দের পরবর্তী বিভক্তির লোপ হয় না। যথা, দেবানাম্প্রিয়ঃ।

১৮। শুনঃ শেফ পুচ্ছ লাঙ্গুলেষু সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে, এবং শেফ, পুচ্ছ, ও লাঙ্গুল শব্দ পরে থাকিলে, শ্বন্ শব্দের পরবর্তী বিভক্তির লোপ হয় না। যথা, শুনঃশেফঃ, শুনঃপুচ্ছঃ, শুনোলাঙ্গুলম্।

১৯। দিবশ্চ দাসে।

সংজ্ঞা বুঝাইলে, দাস শব্দ পরে, দিব্ শব্দের পরবর্তী বিভক্তির লোপ হয় না। যথা, দিবোদাসঃ।

২০। ঋতো বিদ্যা গোত্রসম্বন্ধাৎ।

বিদ্যাসম্বন্ধবাচী ও গোত্রসম্বন্ধবাচী ঋকারান্ত শব্দের পরবর্তী বিভক্তির লোপ হয় না। যথা, হোতুঃপুত্রঃ, হোতুরন্তেবাসী; পিতুঃপুত্রঃ, পিতুরন্তেবাসী।

২১। বিভাষা স্বসৃ পত্যোঃ।

স্বসৃ ও পতি শব্দ পরে বিকল্পে। যথা, মাতুঃষ্বসা, মাতৃষ্বসা; পিতুঃষ্বসা, পিতৃষ্বসা; দুহিতুঃপতিঃ, দুহিতৃপতিঃ; ননান্দুঃ-পতিঃ, ননান্দৃপতিঃ।

২২। পাত্রেসমিতাদয়ঃ কুৎসায়াম্।

কুৎসা বুঝাইলে, পাত্রেসমিত(৭৩) প্রভৃতির সপ্তমী বিভক্তির লোপ

(৭৩) পাত্রেসমিতাঃ, পাত্রেবহুলাঃ, গেহেশূরঃ, গেহেনর্দ্দী, গেহে-ক্ষেড়ী, গেহেবিজিতী, গেহেড্রুমঃ, গেহেধৃষ্টঃ, গর্ভেতৃপ্তঃ, গোষ্ঠেশূরঃ, গোষ্ঠেপটুঃ, গোষ্ঠেপণ্ডিতঃ, গোষ্ঠেপ্রগল্ভঃ ইত্যাদি।

হয় না। যথা, পাত্রেসমিতাঃ, ভোজনকালে পাত্রে এব সঙ্গতাঃ, নতু কার্য্যকালে ইত্যর্থঃ, গেহেশূরঃ, গেহে এব শূরঃ, নতু অন্যত্র ইত্যর্থঃ।

## মধ্যপদলোপী সমাস।

### ১। লোপঃ ক্বচিন্মধ্যস্য।

সমাস হইলে, কোনও কোনও স্থলে, মধ্য পদের লোপ হয়। যথা, ঘৃতমিশ্রম্ ওদনম্ ঘৃতৌদনম্, পলমিশ্রম্ অন্নং পলান্নম্, শাক-প্রিয়ঃ পার্থিবঃ শাকপার্থিবঃ, গত এব প্রত্যাগতঃ গতপ্রত্যাগতঃ, কণ্ঠে স্থিতঃ কালোঽস্য কণ্ঠেকালঃ, উরসি স্থিতানি লোমান্যস্য উরসিলোমা, শিরসি স্থিতা শিখাস্য শিরসিশিখঃ, প্রপতিতানি পর্ণান্যস্মাৎ প্রপর্ণঃ, অপগতঃ শোকোঽস্য অপশোকঃ, নির্গতং মলম্ অস্মাৎ নির্ম্মলঃ, অভুক্তানি পর্ণান্যনয়া অপর্ণা, বিগতোঽর্থঃ অস্মাৎ ব্যর্থঃ, অনুগতোঽর্থোঽস্মিন্ অন্বর্থঃ, যথাভূতোঽর্থোঽস্মিন্ যথার্থঃ, প্রতিগতমক্ষমস্মিন্ প্রত্যক্ষঃ, উন্নমিতং মুখমনেন উন্মুখঃ, অধঃকৃতং মুখমনেন অধোমুখঃ, নিনষ্টং ধনমস্য নির্দ্ধনঃ, বিচলিতং মনোঽস্য বিমনাঃ, উৎকণ্ঠিতং মনোঽস্য উন্মনাঃ, সুস্থিতং মনোঽস্য সুমনাঃ, সুবর্ণবিকারোঽলঙ্কারোঽস্য সুবর্ণালঙ্কারঃ, অবিদ্যমানঃ পুত্রোঽস্য অপুত্রঃ, অবিদ্যমানঃ ক্রোধোঽস্য অক্রোধঃ, একাধিকা বিংশতিঃ একবিংশতিঃ, একাধিকা ত্রিংশৎ একত্রিংশৎ, চতুরধিকা দশ চতুর্দ্দশ, পঞ্চাধিকা দশ পঞ্চদশ, পঞ্চাধিকা বিংশতিঃ পঞ্চ-বিংশতিঃ, পঞ্চাধিকা ত্রিংশৎ পঞ্চত্রিংশৎ।

### ২। একস্যৈকা দশনি।

দশন্ শব্দ পরে থাকিলে, এক শব্দ স্থানে একা হয়। যথা, একা-ধিকা দশ একাদশ।

### ৩। দ্ব্যষ্টনোর্দ্বা সংখ্যায়াম্।

সংখ্যাবাচক শব্দ পরে থাকিলে, দ্বি স্থানে দ্বা ও অষ্টন্ স্থানে অষ্টা হয়। যথা, দ্ব্যধিকা দশ দ্বাদশ, দ্ব্যধিকা বিংশতিঃ দ্বাবিংশতিঃ, দ্ব্যধিকা ত্রিংশৎ দ্বাত্রিংশৎ; অষ্টাধিকা দশ অষ্টাদশ, অষ্টাধিকা বিংশতিঃ অষ্টাবিংশতিঃ, অষ্টাধিকা ত্রিংশৎ অষ্টাত্রিংশৎ।

৪। ত্রেস্ত্রয়স্।

ত্রি স্থানে ত্রয়স্ হয়। যথা, ত্র্যধিকা দশ ত্রয়োদশ, ত্র্যধিকা বিংশতিঃ ত্রয়োবিংশতিঃ, ত্র্যধিকা ত্রিংশৎ ত্রয়স্ত্রিংশৎ।

৫। বিভাষা চত্বারিংশৎপ্রভৃতৌ সর্ব্বেষাম্।

চত্বারিংশৎ প্রভৃতি (৭৪) পরে থাকিলে, দ্বি স্থানে দ্বা, ত্রি স্থানে ত্রয়ঃ, অষ্টন্ স্থানে অষ্টা, বিকল্পে হয়। যথা, দ্ব্যধিকা চত্বারিংশৎ দ্বাচত্বারিংশৎ, দ্বিচত্বারিংশৎ; দ্ব্যধিকা পঞ্চাশৎ দ্বাপঞ্চাশৎ, দ্বিপঞ্চাশৎ; ত্রয়শ্চত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ; ত্রয়ঃপঞ্চাশৎ, ত্রিপঞ্চাশৎ; অষ্টাচত্বারিংশৎ, অষ্টচত্বারিংশৎ; অষ্টাপঞ্চাশৎ, অষ্টপঞ্চাশৎ।

৬। নাশীতি শতাদৌ বহুব্রীহৌ।

অশীতি ও শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দ পরে, বহুব্রীহি সমাসে, পূর্ব্বোক্ত কার্য্য হয় না। যথা, দ্ব্যশীতিঃ, ত্র্যশীতিঃ, দ্বিশতম্, ত্রিসহস্রম্, দ্বিত্রাঃ, ত্রিচতুরাঃ।

৭। একোনস্যৈকান্নৈকাদ্নৌ বিভাষা।

একোন স্থানে বিকল্পে একান্ন ও একান্ন হয়। যথা, একোনবিংশতিঃ একান্নবিংশতিঃ, একান্নবিংশতিঃ।

(৭৪) চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টি, সপ্ততি, নবতি।

## পূর্ব্বনিপাত।

### ১। উপসর্জ্জনং পূর্ব্বম্।

সমাসে উপসর্জ্জন পদের পূর্ব্বনিপাত হয়।

### ২। প্রথমানির্দ্দিষ্টং সমাস উপসর্জ্জনম্।

সমাসসূত্রে প্রথমা বিভক্তির সহযোগে যাহার নির্দ্দেশ থাকে, তাহাকে উপসর্জ্জন কহে। অব্যয়ীভাবে অব্যয় প্রভৃতি পদ, তৎপুরুষে দ্বিতীয়াদিবিভক্ত্যন্ত পদ, কর্ম্মধারয়ে বিশেষণ প্রভৃতি পদ, দ্বিগুতে সংখ্যাবাচক পদ, উপসর্জ্জন। যথা, অব্যয়ীভাবে—কূলস্য সমীপম্ উপকূলম্, স্থানমনতিক্রম্য যথাস্থানম্, বর্ণানামানুপূর্ব্ব্যেণ অনুবর্ণম্, তৃণমপ্যপরিত্যজ্য সতৃণম্, গ্রামাদ্বহিঃ বহির্গ্রামম্, পাটলিপুত্রাৎ আ আপাটলিপুত্রম্, সমুদ্রস্য পারে পারেসমুদ্রম্। তৎপুরুষে—সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, অন্নং বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বর্ষং ভোগ্যঃ বর্ষভোগ্যঃ, পিত্রা সমঃ পিতৃসমঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ, পাণিনিনা প্রণীতম্ পাণিনিপ্রণীতম্, ভূতায় বলিঃ ভূতবলিঃ, পুত্রায় হিতম্ পুত্রহিতম্, ব্যাঘ্রাৎ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, গৃহাৎ নির্গতঃ গৃহনির্গতঃ, তরোঃ ছায়া তরুচ্ছায়া, অগ্নেঃ শিখা অগ্নিশিখা, শাস্ত্রে প্রবীণাঃ শাস্ত্রপ্রবীণাঃ, পূর্ব্বাহ্ণে কৃতম্ পূর্ব্বাহ্ণকৃতম্। কর্ম্মধারয়ে—নীলং উৎপলম্ নীলোৎপলম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, সন্ পুরুষঃ সৎপুরুষঃ। দ্বিগুতে—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ত্রিভুবনম্।

### ৩। রাজদন্তাদিষু পরম্।

রাজদন্ত প্রভৃতি স্থলে উপসর্জ্জন পদের পরনিপাত হয়। যথা দন্তানাং রাজা রাজদন্তঃ, বনস্য অগ্রে অগ্রেবনম্।

৪। **বা কডারাদয়ঃ কর্ম্মধারয়ে।**

কর্ম্মধারয় সমাসে, কড়ার প্রভৃতি (৭৫) পদের বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা, কড়ারগজঃ, গজকড়ারঃ; খঞ্জমিশ্রঃ, মিশ্রখঞ্জঃ; বৃদ্ধপুরুষঃ, পুরুষবৃদ্ধঃ।

৫। **সপ্তমীবিশেষণে বহুব্রীহৌ।**

বহুব্রীহি সমাসে, সপ্তম্যন্ত ও বিশেষণ পদের পূর্ব্বনিপাত হয়। যথা, সপ্তম্যন্ত—কণ্ঠেকালঃ, ভরসিলোমা; বিশেষণ—দীর্ঘবাহুঃ, মহাবলঃ।

৬। **বিভাষা প্রিয়স্য।**

প্রিয় শব্দের বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা, গুড়প্রিয়ঃ, প্রিয়-গুড়ঃ।

৭। **সপ্তমী পরা গড়্বাদেঃ।**

গড়ু প্রভৃতির যোগে, সপ্তম্যন্ত পদের পরনিপাত হয়। যথা, গড়ুঃ কণ্ঠে যস্য গড়ুকণ্ঠঃ, গড়ুঃ শিরসি যস্য গড়ুশিরাঃ।

৮। **প্রহরণাচ্চৈব।**

প্রহরণবাচক পদের যোগে, সপ্তম্যন্ত পদের পরনিপাত হয়। যথা, শস্ত্রং পাণৌ যস্য শস্ত্রপাণিঃ, দণ্ডঃ পাণৌ যস্য দণ্ড-পাণিঃ, খড়্গঃ করে যস্য খড়্গকরঃ, ধনুর্হস্তে যস্য ধনুর্হস্তঃ।

৯। **নিষ্ঠা পূর্ব্বা।**

নিষ্ঠানিষ্পন্ন পদের পূর্ব্বনিপাত হয়। যথা, কৃতকর্ম্মা, অধীত-ব্যাকরণঃ, ভক্ষিতৌদনঃ, ধৃতায়ুধঃ, উদ্ধৃতদণ্ডঃ, ভগ্নরথঃ, পক্বৌষঃ।

(৭৫) কডার, খঞ্জ, কাণ, কুণ্ট, গৌর, বৃদ্ধ, ভিক্ষুক, পিঙ্গ, পিঙ্গল, তনু, জঠর, বধির, বর্ব্বর ইত্যাদি।

১০। বাহিতাগ্ন্যাদিষু।

আহিতাগ্নি প্রভৃতি স্থলে নিষ্ঠানিষ্পন্ন পদের বিকল্পে পূর্ব্বনিপাত হয়। যথা, আহিতাগ্নিঃ, অগ্ন্যাহিতঃ; জাতসুখঃ, সুখজাতঃ; জাতপুত্রঃ, পুত্রজাতঃ; জাতদন্তঃ, দন্তজাতঃ; জাতশ্মশ্রুঃ, শ্মশ্রুজাতঃ; তৈলপীতঃ, পীততৈলঃ; ঘৃতপীতঃ, পীতঘৃতঃ; মদ্যপীতঃ, পীতমদ্যঃ; সুরাপীতঃ, পীতসুরঃ; ভার্য্যোঢ়ঃ, ঊঢ়ভার্য্যঃ; অর্থগতঃ, গতার্থঃ; প্রাপ্তকালঃ, কালপ্রাপ্তঃ; অভ্যুদ্যতঃ, উদ্যতাসিঃ।

১১। অল্পস্বরং দ্বন্দ্বে।

দ্বন্দ্বসমাসে, অপেক্ষাকৃত অল্পস্বরবিশিষ্ট

যথা, তালতমালৌ, গজতুরঙ্গৌ, মৃদঙ্গদুন্দুভী, ভ্রাতৃভগিন্যৌ, গোমহিষৌ, দংশমশকৌ, হংসসারসৌ, কাককোকিলৌ, অম্লমধুরৌ, তিক্তকষায়ৌ।

. ১২। স্বরাদ্যদন্তং সাম্যে।

স্বরসাম্যস্থলে, স্বরাদি অকারান্ত পদের পূর্ব্বনিপাত হয়। যথা, অশ্বগজৌ, অম্লতিক্তৌ, অনলপবনৌ, অচ্যুতমহেশৌ, অচলসমুদ্রৌ, ইন্দ্রবহ্নী, ঈশভবৌ, উষ্ট্রখরৌ, ঊর্দ্ধনিম্নে।

১৩। দ্ব্যুদন্তশ্চ।

স্বরসাম্যস্থলে, ইকারান্ত ও উকারান্ত পদের পূর্ব্বনিপাত হয়। যথা, হরিহরৌ, রবিবুধৌ, পটুমৃদ্বৌ, রুদ্রবটৌ।

১৪। অভ্যর্হিতশ্চ।

অভ্যর্হিত বোধক পদের পূর্ব্বনিপাত হয়। যথা, মাতাপিতরৌ, তাপসব্রাহ্মণৌ।

১৫। লঘুবর্ণশ্চ।

লঘুবর্ণবিশিষ্ট পদের পূর্ব্বনিপাত হয়। যথা, রামকামম্, নল-নীলৌ, বলয়কেয়ূরৌ।

১৬। ভ্রাতা চ জ্যায়ান্।

জ্যেষ্ঠভ্রাতৃবাচক পদের পূর্ব্বনিপাত হয়। যথা, যুধিষ্ঠিরার্জ্জুনৌ, ধৃতরাষ্ট্রপাণ্ডূ, বলদেবকৃষ্ণৌ।

১৭। ঋতু নক্ষত্রাণামানুপূর্ব্ব্যেণ।

ঋতুবাচক ও নক্ষত্রবাচক পদের, আনুপূর্ব্ব্য অনুসারে, পৌর্ব্বাপর্য্য-নিয়ম। যথা, ঋতুবাচক—হেমন্তশিশিরৌ, শিশিরবসন্তৌ, বসন্ত-নিদাঘৌ; নক্ষত্রবাচক—অশ্বিনীভরণ্যৌ, কৃত্তিকারোহিণ্যৌ। অক্ষরসাম্যস্থলে এই নিয়ম।

১৮। বর্ণানাঞ্চ।

ব্রাহ্মণাদিবর্ণবাচক পদের, আনুপূর্ব্ব্য অনুসারে, পৌর্ব্বাপর্য্যনিয়ম। যথা, ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ।

১৯। অনিয়মো ধর্ম্মাদৌ।

ধর্ম্মপ্রভৃতির প্রয়োগে পৌর্ব্বাপর্য্যের নিয়ম নাই। যথা, ধর্ম্মার্থৌ অর্থধর্ম্মৌ; কামার্থৌ, অর্থকামৌ; শব্দার্থৌ, অর্থশব্দৌ; বর-বধ্বৌ, বধূবরৌ; সর্পির্মধুনী, মধুসর্পিষী; আদ্যন্তৌ, অন্তাদী; গুণবৃদ্ধী, বৃদ্ধিগুণৌ।

## সর্ব্বসমাসশেষ।

১। সমাসশ্চতুর্বিধঃ।

পাণিনিমতে সমাস অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব, এই চতুর্ব্বিধ; কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া পরিগণিত নহে, উহারা তৎপুরুষের অন্তর্ভূত। কোনও কোনও মতে, কর্ম্মধারয় ও দ্বিগু, স্বতন্ত্র সমাস বলিয়া নির্দ্দিষ্ট; তন্মতে সমাস ষড়্বিধ।

২। **পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ।**

অব্যয়ীভাব সমাসে, পূর্ব্বপদার্থ প্রধানরূপে প্রতীয়মান হয়। **উপ-গেহম্, যথাশক্তি,** ইত্যাদি স্থলে, উপ, যথা, প্রভৃতি পূর্ব্ব পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৩। **উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ।**

তৎপুরুষ সমাসে, উত্তর পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। **তরু-চ্ছায়া, গঙ্গাজলম্,** ইত্যাদি স্থলে, ছায়া, জল, প্রভৃতি পরপদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৪। **অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ।**

বহুব্রীহি সমাসে, সমস্যমান কোনও পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া, তদুপলক্ষিত অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। **বহুধনঃ, দীর্ঘবাহুঃ,** ইত্যাদি স্থলে, **বহু, ধন, দীর্ঘ, বাহু,** প্রভৃতি কোনও পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হয় না; কিন্তু বহু ধন ও দীর্ঘ বাহু বিশিষ্ট ব্যক্তিরূপ অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৫। **উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ।**

দ্বন্দ্ব সমাসে, সমস্যমান উভয় পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হয়। **অশ্বগজৌ, তালতমালৌ,** ইত্যাদি স্থলে, **অশ্ব, গজ, তাল, তমাল,** প্রভৃতি যাবতীয় পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

কিন্তু, সকল স্থলে এই সকল লক্ষণের সমাবেশ হয় না, স্থল-বিশেষে ব্যভিচার লক্ষিত হইয়া থাকে। **সপ্তগোদাবরম্, উন্মত্ত-গঙ্গম্,** ইত্যাদি অব্যয়ীভাবে, পূর্ব্ব পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া, অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হইয়া থাকে। **অকি-ঞ্চনঃ আপন্নজীবিকঃ** ইত্যাদি তৎপুরুষে, উত্তর পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া, অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়।

দ্বিত্রাঃ, দশত্রাঃ, ইত্যাদি বহুব্রীহিতে, অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া, উভয় পদার্থই প্রধান ভাবে প্রতীয়মান হয়। অহিনকুলম্, দংশমশকম্, ইত্যাদি দ্বন্দ্বে, উভয় পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান না হইয়া, তৎসমাহাররূপ অন্য পদার্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়। সুতরাং, পূর্ব্বোক্ত লক্ষণ সকল প্রায়িক অভিপ্রায়ে নির্দ্দিষ্ট; অর্থাৎ, প্রায় সকল স্থলে তত্তৎ লক্ষণের সমাবেশ হয়, কোনও কোনও স্থলে হয় না, এই তাৎপর্য্য; এজন্য, অনেকে, প্রায়েণ পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ, প্রায়েণোত্তরপদার্থপ্রধানঃ তৎপুরুষঃ, প্রায়েণান্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ, প্রায়েণোভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ, এই রূপে, অব্যয়ীভাবপ্রভৃতির লক্ষণে প্রায়েণ এই পদের যোজনা করিয়া থাকেন।

বস্তুতস্ত, তত্তৎসমাসের অধিকারে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, সেই সমুদয় তত্তৎসমাসসংজ্ঞাভাজন; অর্থাৎ অব্যয়ীভাবপ্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, উহাদের নাম অব্যয়ীভাব; তৎপুরুষপ্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, উহাদের নাম তৎপুরুষ; বহুব্রীহিপ্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, উহাদের নাম বহুব্রীহি; দ্বন্দ্বপ্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, উহাদের নাম দ্বন্দ্ব।

উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ, এই লক্ষণে উভয় শব্দ সম্যক্ সংলগ্ন নহে। উভয় পদে যেরূপ দ্বন্দ্ব সমাস হয়, বহু পদেও সেইরূপ হইয়া থাকে। ফলতঃ, কেবল অব্যয়ীভাব সমাস দুই পদে হয়, দ্বন্দ্ব ও বহুব্রীহি দুই পদে ও বহুপদে, তৎপুরুষ প্রায় সকল স্থলে দুই পদে হইয়া থাকে, কোনও কোনও স্থলে বহু পদেও দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ, দ্বন্দ্বলক্ষণে উভয়শব্দস্থলে অনেকশব্দনিবেশ আবশ্যক।

৬। **বহুব্রীহির্দ্বিবিধস্তদ্গুণসংবিজ্ঞানোঽতদ্গুণসংবিজ্ঞা-নশ্চ।**

**বহুব্রীহি** দ্বিবিধ, **তদ্গুণসংবিজ্ঞান** ও **অতদ্গুণসংবিজ্ঞান**। যে স্থলে, সমাসবোধিত অন্য পদার্থের ন্যায়, সমস্যমান পদার্থেরও পরম্পরায় ক্রিয়াপ্রভৃতির সহিত অন্বয় হয়, উহাকে **তদ্গুণসংবিজ্ঞান**, আর যে স্থলে সমস্যমান পদার্থের ক্রিয়ার সহিত অন্বয় হয় না, উহাকে **অতদ্গুণসংবিজ্ঞান** বলে। **লম্বকর্ণমানয়** ইত্যাদি স্থলে, আনয়নক্রিয়াতে লম্বকর্ণবিশিষ্ট ব্যক্তির অন্বয় হইতেছে, কিন্তু লম্ব কর্ণেরও পরম্পরায় অন্বয় আছে, এজন্য উহা **তদ্গুণসংবিজ্ঞান**; আর, **দৃষ্টসমুদ্রমানয়**, ইত্যাদি স্থলে, আনয়নক্রিয়াতে দৃষ্টসমুদ্র ব্যক্তির অন্বয় আছে, কিন্তু সমুদ্রের নাই, এজন্য উহা **অতদ্গুণসংবিজ্ঞান**।

৭। **সমানাধিকরণপদঘটিতো ব্যধিকরণপদঘটি-তশ্চ।**

**বহুব্রীহি** প্রকারান্তরে দ্বিবিধ, **সমানাধিকরণপদঘটিত** ও **ব্যধিকরণপদঘটিত**। বিশেষ্য ও বিশেষণ পদে যে বহুব্রীহি হয়, উহা **সমানাধিকরণপদঘটিত**; যথা, **নীলাম্বরঃ**, **দীর্ঘবাহুঃ**, **কৃষ্ণকায়ঃ** ইত্যাদি; যে স্থলে অন্যবিধ পদে বহুব্রীহি হয়, উহাকে **ব্যধিকরণপদঘটিত** বলে; যথা, **চক্রপাণিঃ**, **ধনুর্হস্তঃ** ইত্যাদি।

## তদ্ধিত—পরিশিষ্ট

১। **পুংবত্তসিলাদিষু ভাষিতপুংস্কস্য।**

**তসিল্**, **ত্রল্**, **চরট্**, জাতীয়, দেশীয়, ও **মাত্র** প্রত্যয় পরে,

ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, উত্তরস্যা দিশঃ উত্তরতঃ, উত্তরস্যাং দিশি উত্তরতঃ, সর্ব্বস্যাং দিশি সর্ব্বত, অর্পিতা ভূতপূর্ব্বা অর্পিতচরী, জাত্যা ব্রাহ্মণী ব্রাহ্মণজাতীয়া, ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতদেশীয়া, কুৎসিতা পাচিকা পাচকপাশা।

## ২। কল্পাদিষু চ।

কল্প, রূপ, তর, ও তম প্রত্যয় পরে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতকল্পা, প্রশস্তা গায়িকা গায়করূপা, দ্বয়মনয়োরতিশয়েন নিপুণা নিপুণতরা, দ্বয়মাসামতিশয়েন চপলা চপলতমা।

## ৩। ঈূপোর্ব্বিভাষা।

কল্প প্রভৃতি পরে, ভাষিতপুংস্ক ঈবন্ত ও ঊবন্ত স্ত্রীলিঙ্গের বিকল্পে পুংবদ্ভাব হয়। যথা, ঈষদূনা বিদুষী বিদুষীকল্পা, বিদ্বৎকল্পা, প্রশস্তা মেধাবিনী মেধাবিনীরূপা, মেধাবিরূপা; দ্বয়মনয়োরতিশয়েন মায়াবিনী মায়াবিনীতরা, মায়াবিতরা; দ্বয়মাসামতিশয়েন মনোহারিণী, মনোহারিণীতমা, মনোহারিতমা; বামোরুকল্পা, বামোরুকল্পা; বামোরুরূপা, বামোরুরূপা; বামোরুতরা, বামোরুতরা; বামোরুতমা, বামোরুতমা (৭৬)।

(৭৬) বৈয়াকরণেরা ঊবন্তের পুংবদ্ভাব নিষেধ করিয়া বিকল্পে ঊপের হ্রস্ববিধান করেন; আর, পুংবদ্ভাবের অভাবপক্ষে ঈপের, স্থলবিশেষে বিকল্পে ও স্থলবিশেষে নিত্য, হ্রস্ববিধান করিয়া থাকেন; তদনুসারে, বিদুষিকল্পা, বিদুষীকল্পা, বিদ্বৎকল্পা এবং ব্রাহ্মণিকল্পা, ব্রাহ্মণকল্পা এইরূপ হইতে পারে।

৪। শসি বহুত্বে

শস্ প্রত্যয় পরে, বহ্বর্থ ও অল্পার্থ ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। যথা, বহ্বীভ্যো দেহি বহুশো দেহি, অল্পাভ্যো দেহি অল্পশো দেহি।

৫। ত্বতলোর্গুণবচনস্য।

ত্ব ও তল্ প্রত্যয় পরে, গুণবাচক ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। যথা, নিপুণায়া ভাবঃ নিপুণত্বম্, নিপুণতা; চপলায়া ভাবঃ চপলত্বম্, চপলতা; মেধাবিন্যা ভাবঃ মেধাবিত্বম্, মেধাবিতা; প্রিয়বাদিন্যা ভাবঃ প্রিয়বাদিত্বম্, প্রিয়বাদিতা।

B24611

সম্পূর্ণ

PRINTED BY YAJNESWARA MUKHOPADHYAYA,
AT THE SANSKRIT PRESS,
NO. 62, AMHERST STREET, CALCUTTA.
1888.